


# স্পেশাল এডুকেশন পরিষেবা সংক্রান্ত ফ্যামিলি গাইড

## স্কুল-বয়সী ছেলেমেয়ের জন্য







NYC Public Schools

Melissa Aviles-Ramos
Chancellor



# উপরিচিত্র

## এটা কীসের গাইড?

*স্কুল বয়সী শিক্ষার্থীদের জন্য এই স্পেশাল এডুকেশন পরিষেবা বিষয়ক পারিবারের জন্য গাইডটি* নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) কীভাবে 5 থেকে 21 বছর বয়সী কোনও শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজনীয়তা আছে কী নেই তা নিশ্চিত করে এবং NYCPS কীভাবে স্পেশাল এডুকেশন এডুকেশন পরিষেবা প্রদান করে, সেবিষয়ে আপনাকে তথ্য প্রদানের জন্য তৈরি করা হয়েছে। আপনি যদি 3 থেকে 5 বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবা সম্পর্কে জানতে আগ্রহী হন, তাহলে *প্রিস্কুল স্পেশাল এডুকেশন পরিষেবা বিষয়ক পারিবারের জন্য গাইডটি দেখুন।*।

আপনার সন্তান NYCPS স্কুল, চার্টার স্কুল, প্রাইভেট বা প্যারোকিয়াল স্কুল, কিংবা কোন অনুমোদিত হোম স্কুলিং প্রোগ্রাম - যেখানেই থাকুক, এই গাইড স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে তথ্য প্রদান করে।

## স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) কী?

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য স্পেশাল এডুকেশন বিষয়ক বিভিন্ন পরিষেবা, প্রোগ্রাম, ও বিশেষভাবে ডিজাইনকৃত শিক্ষা-নির্দেশনা অন্তর্ভুক্ত করে। যেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে, তাদের ব্যক্তিগতকৃত শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম, IEP) থাকে। একটি টিম যারা IEP তৈরি করে, তাদের মাঝে পিতামাতা হিসেবে আপনিও অন্তর্ভুক্ত। এতে আপনার সন্তানের আগ্রহ, সামর্থ্য, চাহিদা, এবং লক্ষ্যসমূহ সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত থাকবে। এটি একটি ম্যাপ যাতে আপনার সন্তানকে বেড়ে উঠায় ও স্কুলে সফল হওয়াতে প্রয়োজনীয় স্পেশাল এডুকেশন শিক্ষা-নির্দেশনা, সহায়তা, এবং পরিষেবাসমূহ তুলে ধরে। IEP একটি আইনগত নথি যাতে বর্ণিত থাকে NYCPS কীভাবে আপনার সন্তানকে এমন একটি **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE) বিনাখরচে যথোপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন, FAPE)** প্রদান করবে যা আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য উপযুক্ত। LRE বলতে আপনার সন্তান স্কুলে ও ক্লাসরুমে দিনের যত বেশি সময় সম্ভব প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে থাকবে তা বোঝায়।

আপনি যদি সন্তানকে আপনার নিজের খরচে কোনও প্রাইভেট বা ধর্মীয় স্কুলে ভর্তি করেন, তাহলে আপনার সন্তানকে **'পিতামাতার দ্বারা ভর্তি'** হিসেবে গণ্য করা হবে। 'পিতামাতার দ্বারা ভর্তি' যেসব শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন হয়, তবে সে শুধুমাত্র সেই পরিষেবাগুলোর জন্য **ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন সার্ভিসেস প্ল্যান (IESP)** লাভ করবে।

## আমি কীভাবে এই গাইড ব্যবহার করবো?

এই গাইড স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সম্পর্কে বিশদ তথ্য প্রদান করে। এটা আপনাকে জানাবে:

- আপনি যদি মনে করেন আপনার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে, তাহলে আপনাকে যা যা করতে হবে সেকশন 1;
- প্রাথমিক মূল্যায়নের জন্য আপনি কীভাবে রেফারেল চাইতে পারেন সেকশন 2;
- কীভাবে মূল্যায়ন ও IEP তৈরির প্রক্রিয়াতে অংশগ্রহণ করবেন সেকশন 2 এবং 3;
- আপনার সন্তান যেসব সার্ভিসের যোগ্য, NYCPS কীভাবে সেগুলো আয়োজন করবে সেকশন 4;
- আপনার সন্তান কোন্ স্পেশাল এডুকেশন বিষয়ক সহায়তা ও পরিষেবা পেতে পারে সেকশন 4;
- আপনি যদি আপনার সন্তানের জন্য সুপারিশকৃত প্রোগ্রাম এবং/অথবা পরিষেবাগুলোর সাথে একমত না হন, তাহলে আপনি কী করতে পারেন সেকশন 5;
- হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হতে হলে আপনার সন্তানকে কী করতে হবে সেকশন 6;
- আপনি কীভাবে আপনার সন্তানকে কলেজ, টেকনিক্যাল স্কুল, কর্ম জগৎ, এবং/অথবা স্বাধীন জীবনযাপন শুরুর পরিকল্পনায় সহায়তা করতে পারেন সেকশন 7; এবং
- আপনাকে ও আপনার সন্তানকে সহায়তা দানের জন্য যেসব তথ্য-সংস্থান রয়েছে সেকশন 8।

# সূচিপত্র

## এক নজরে

পৃষ্ঠা iv এক নজরে

সেকশন 1

## আমার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে কি?

পৃষ্ঠা 2 হস্তক্ষেপে সাড়াদান
পৃষ্ঠা 2 এরপর কী? আপনার সন্তানের বাড়তি সহায়তার প্রয়োজন আছে কি?

সেকশন 2

## স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরু

পৃষ্ঠা 3 প্রাথমিক সুপারিশ বা রেফারেল প্রক্রিয়া
পৃষ্ঠা 4 সম্মতি ও গোপনীয়তার অধিকার
পৃষ্ঠা 5 প্রাথমিক মূল্যায়ন
পৃষ্ঠা 5 দ্বিভাষীক মূল্যায়ন
পৃষ্ঠা 6 স্বনির্ভর মূল্যায়ন
পৃষ্ঠা 6 মূল্যায়নের সময়রেখা

সেকশন 3

## ব্যক্তিগতকৃত শিক্ষা পরিকল্পনা (IEP) বিষয়ক মিটিং

পৃষ্ঠা 7 মূল্যায়নের পরে
পৃষ্ঠা 7 IEP মিটিংগুলোর ধরণসমূহ
পৃষ্ঠা 9 যোগ্যতা
পৃষ্ঠা 9 প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ
পৃষ্ঠা 12 IEP মিটিংয়ের জন্য প্রস্তুতি গ্রহণ
পৃষ্ঠা 13 IEP টিম-এর সদস্যগণ

সেকশন 4

## ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

পৃষ্ঠা 17 'পিতামাতার দ্বারা ভর্তি' শিক্ষার্থীদের জন্য পথ-নির্দেশনা
পৃষ্ঠা 17 IEP-এর উপরিচিত্র
পৃষ্ঠা 20 স্পেশাল এডুকেশন কর্মসূচি এবং পরিষেবাসমূহ
পৃষ্ঠা 23 সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস)
পৃষ্ঠা 25 সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) সুপারিশসমূহ
পৃষ্ঠা 27 1–32 ডিস্ট্রিক্টসমূহের স্কুলগুলোতে স্পেশালাইজড প্রগ্রাম
পৃষ্ঠা 32 বিশেষ ব্যবস্থা ও পরিবর্তনসমূহ

সেকশন 5
## IEP তৈরি হবার পর: পরিষেবাসমূহের ব্যবস্থা করা
পৃষ্ঠা 35 পরিষেবাসমূহের ব্যবস্থা করা
পৃষ্ঠা 36 পরিবহনের ব্যবস্থা করা
পৃষ্ঠা 36 স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য পিতামাতার সম্মতি
পৃষ্ঠা 37 মেডিকেইড বিলের জন্য সম্মতি
পৃষ্ঠা 37 আসনদানের সময়রেখা

সেকশন 6
## IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য গ্র্যাজুয়েশন
পৃষ্ঠা 39 হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়া
পৃষ্ঠা 39 ডিপ্লোমার বিকল্পসমূহ
পৃষ্ঠা 40 কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (স্বীকৃতি সনদ)
পৃষ্ঠা 41 ডিপ্লোমার শর্তাবলী

সেকশন 7
## হাই স্কুল পরবর্তী জীবন—কলেজ, ক্যারিয়ার, এবং মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) পরিকল্পনা
পৃষ্ঠা 43 উত্তরণ পরিকল্পনাকরণ
পৃষ্ঠা 44 উত্তরণ পরিষেবার জন্য শর্তাবলীর উপরিচিত্র
পৃষ্ঠা 44 উত্তরণ ও বৃত্তিমূলক মূল্যায়নসমূহ
পৃষ্ঠা 46 উত্তরণ ও IEP
পৃষ্ঠা 48 উত্তরণ পরিকল্পনার ভূমিকাসমূহ

সেকশন 8
## সহায়তাপ্রাপ্তি
পৃষ্ঠা 50 পিতামাতাদের অধিকার
পৃষ্ঠা 51 উদ্বেগ নিরসন
পৃষ্ঠা 55 গুরুত্বপূর্ণ যোগাযোগের তথ্য ও তথ্য-সংস্থান

সেকশন 9
## অতিরিক্ত গুরুত্বপূর্ণ তথ্য
পৃষ্ঠা 59 পরিভাষার শব্দকোষ
পৃষ্ঠা 73 ইংরেজি ভিন্ন অন্যান্য ভাষাসমূহ

# এক নজরে

আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন। আপনার সন্তানের জন্য সম্ভাব্য সেরা শিক্ষার ব্যবস্থা করায় আপনার ধারণা, মতামত এবং পরামর্শ সবচেয়ে গুরুত্বপূর্ণ। প্রতিবন্ধিতাযুক্ত সকল ছেলেমেয়ের **বিনামূল্যে যথোপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন, FAPE)** পাবার অধিকার আছে। আপনার সন্তানকে সফল হতে সহায়তা করার জন্য সবচেয়ে উপযুক্ত একটি প্রোগ্রাম তৈরির জন্য আপনার সন্তানের স্কুল স্টাফের সাথে কাজ করার জন্য আপনাকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে এই গাইড তৈরি করা হয়েছে।



## সেকশন 1 আমার সন্তানের স্পেশাল এডুকেশন সার্ভিসের প্রয়োজন আছে কি?


**প্রথম থেকেই প্রশ্ন জিজ্ঞেস করুন |** *দেখুন, পৃষ্ঠা নং 1*

আপনি যদি বিশ্বাস করেন আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা (স্পেশাল এডুকেশন সার্ভিস) প্রয়োজন, তবে সঠিক প্রশ্নটি করা আপনার জন্য সহায়ক হবে। এখানে কিছু প্রশ্ন দেয়া হলো যেগুলো আপনি জিজ্ঞাসা করতে চাইতে পারেন:

- ক্লাসরুমে আমার সন্তান কোন বিষয়গুলোতে ভালো এবং কোনগুলো তার জন্য কষ্টসাধ্য?
- আমার সন্তানের যখন সহায়তার প্রয়োজন হয়, আপনি কীভাবে তাকে সহায়তা করেন?
- আপনার কাছে কি আমার সন্তানের কাজের কিছু নমুনা আছে যা আমরা একসাথে দেখতে পারি?
- আমার সন্তান কি তার বয়স অনুযায়ী প্রত্যাশিত মাত্রায় শিখছে ও বেড়ে উঠছে?
- আমার সন্তান কীভাবে অন্য শিক্ষার্থীদের সাথে ক্লাসরুমে মেলামেশা করে?
- কমিউনিটিতে এমন কর্মসূচিসমূহ আছে কি, যেগুলো আমার সন্তানকে সহায়তা দিতে পারে?
- এমন কোনও শেখার কর্মকাণ্ড আছে কি, যা আমি বাড়িতে বা প্রতিবেশে (নেইবারহুডে) করতে পারি?
- যখন আমরা একসাথে পড়ি তখন আমার সন্তানকে কী কী প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি?
- আমার সন্তান হোমওয়ার্কে হিমশিম খেলে আমি কীভাবে সহায়তা করতে পারি?

## সেকশন 2 স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরুকরণ

**স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার ধাপসমূহ***




**ধাপ 1: প্রাথমিক সুপারিশ অথবা রেফারেলের অনুরোধ |** *দেখুন, পৃষ্ঠা নং 3*

আপনার সন্তানের কোনও প্রতিবন্ধিত্ব আছে কিনা এবং তার স্পেশাল এডুকেশন পরিষেবা প্রয়োজন আছে কিনা তা নির্ধারণ করার প্রথম ধাপ। আপনার সন্তানের স্কুল কর্মকর্তাগণ একটি **প্রাথমিক সুপারিশের** মাধ্যমে, অথবা অন্য কোনও ব্যক্তির **সুপারিশের অনুরোধে (রিকোয়েস্ট ফর রেফারেল)** প্রক্রিয়া শুরু করতে পারেন।

প্রাথমিক সুপারিশ করার পর আপনাকে একটি সোশ্যাল হিস্টরি (সামাজিক ইতিহাস) বিষয়ক মিটিংয়ে আমন্ত্রণ জানানো হবে। স্কুলের একজন সোশ্যাল ওয়ার্কার স্পেশাল এডুকেশন প্রক্রিয়াটি ব্যাখ্যা করবেন এবং আপনার সন্তানকে মূল্যায়নের জন্য আপনার লিখিত অনুমতির অনুরোধ জানাবেন।

**ধাপ 2: মূল্যায়ন |** *দেখুন, পৃষ্ঠা নং 5*

আপনি সম্মতি দেয়ার পর আপনার সন্তানের বেড়ে ওঠার ইতিহাস ও আচরণ, সে কী জানে ও কীভাবে শেখে, এবং তার দক্ষতা, সক্ষমতা, ও দুর্বল ক্ষেত্রগুলো চিহ্নিত করার জন্য তার মূল্যায়ন করা হবে। ধারণাকৃত প্রতিবন্ধিত্বের সাথে সংশ্লিষ্ট সবগুলো ক্ষেত্রে NYCPS মূল্যায়ন পরিচালনা করবে।

আপনার সন্তানের বাড়ির ভাষা যদি ইংরেজি না হয় তাহলে মূল্যায়ন দ্বিভাষিক হতে পারে।

**ধাপ 3: IEP মিটিং |** *দেখুন, পৃষ্ঠা নং 7*

মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর আপনি মূল্যায়ন নিয়ে আলোচনা এবং আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য যোগ্য কিনা তা নির্ধারণের জন্য IEP মিটিংয়ে অংশগ্রহণ করবেন। আপনার সন্তান যদি যোগ্য হয়, তবে IEP টিম—যাতে আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য—একটি **ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)** তৈরি করবে। আপনার সন্তান যদি একটি প্রাইভেট বা ধর্মীয় স্কুলে পড়ে এবং সে স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য হয়, তবে টিম

* এই প্রক্রিয়ার যেকোনো সময়, আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য নয় অথবা তার প্রয়োজন নেই হিসেবে নির্ণিত হতে পারে। (আরও তথ্যের জন্য 9 নং পৃষ্ঠায় 'যোগ্যতা' অংশটি দেখুন।)

একটি **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশনাল সার্ভিসেস প্ল্যান (IESP)** তৈরি করবে। IESP সম্পর্কে আরো তথ্য জানতে, 17 নং পৃষ্ঠা দেখুন।

*IEP মিটিংয়ে আপনার ভূমিকা | দেখুন, পৃষ্ঠা নং 35*

আপনি এই মিটিংয়ে শিক্ষক ও অন্যান্য পেশাদারদের সাথে অংশগ্রহণ করবেন, যারা আপনার সন্তানকে জানেন, মূল্যায়নে অংশগ্রহণ করেছেন, এবং/অথবা আপনার সন্তানকে পরিষেবা দেবেন। *IEP টিমের সদস্যদের সম্পর্কে আর ও তথ্যের জন্য 13 নং পৃষ্ঠা দেখুন।*

আপনি IEP টিমের একজন আইনগতভাবে আবশ্যক সদস্য এবং আপনার মতামত গুরুত্বপূর্ণ। IEP মিটিংয়ে, আপনার উচিত:

- কীভাবে আপনার সন্তান শেখে এবং তার আগ্রহ কীসে, সেবিষয়ে তথ্য প্রদান করা;
- শুধু পিতামাতার দ্বারাই জানা সম্ভব, আপনার সন্তান সম্পর্কে এমন তথ্য জানানো;
- স্কুলে আপনার সন্তানের কী কী করা প্রয়োজন সেবিষয়ে টিমের অন্যান্য সদস্যগণ কী ভাবেন ও সুপারিশ করেন, তা শুনুন;
- আপনার সন্তান স্কুলে যা শিখছে সেগুলো বাড়িতে ব্যবহার করছে কিনা, সেবিষয়ে অবহিত করুন;
- টিম বা দলের সকল সদস্যদের সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

**ধাপ 4: স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা করা | *দেখুন, পৃষ্ঠা নং 35***

প্রাথমিক IEP তৈরির পর, NYCPS স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদানের জন্য আপনার লিখিত সম্মতি চাইবে। আপনার কাছ থেকে সম্মতি পাওয়ার পর, NYCPS আপনার সন্তানের IEP-তে তালিকাভুক্ত প্রোগ্রাম ও পরিষেবারগুলোর বন্দোবস্ত করবে।

**ধাপ 5: বার্ষিক মূল্যায়ন/পুনর্মূল্যায়ন | *দেখুন, পৃষ্ঠা নং 7***

আপনার সন্তানের অগ্রগতি পর্যালোচনার জন্য আপনার সন্তানের IEP টিম বছরে অন্তত একবার মিলিত হবে। একে **বার্ষিক পর্যালোচনা** বলা হয়। তিন বছর অন্তর অন্তর একবার **পুনর্মূল্যায়ন** করতে হয়, যদি না আপনি এবং NYCPS তার কোনও প্রয়োজন নেই বলে লিখিতভাবে একমত হন। একটি হলো **বাধ্যতামূলক ত্রি-বার্ষিক পুনর্মূল্যায়ন**। এছাড়াও আপনি অথবা স্কুলের স্টাফ পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারবেন, কিন্তু সেটা বছরে একবারের বেশি হবে না, এবং আপনি ও NYCPS লিখিতভাবে একমত না হলে এর অন্যথা হবে না।

## সেকশন 3 ব্যক্তিগতকৃত শিক্ষা পরিকল্পনা (IEP) বিষয়ক মিটিং

### যোগ্যতা নির্ধারণ | *দেখুন, পৃষ্ঠা নং 9*

আপনার সন্তান নিচে বর্ণিত **প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** অনুযায়ী এক বা একাধিক মানদণ্ডের ভিত্তিতে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভের যোগ্য কিনা, IEP টিম তা নির্ধারণ করবে:

- অটিজম
- শিখন প্রতিবন্ধিত্ব (লার্নিং ডিস্যাবিলিটি)
- অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য
- বধিরত্ব
- বুদ্ধি প্রতিবন্ধিত্ব (ইন্টেলেকচুয়াল ডিস্যাবিলিটি)
- বাক অথবা ভাষাগত বৈকল্য
- বধিরতা-অন্ধত্ব
- একাধিক-প্রতিবন্ধিত্ব
- মস্তিস্কে আঘাতজনিত জখম
- আবেগজনিত সমস্যা
- অস্থিজনিত বৈকল্য
- দৃষ্টিজনিত বৈকল্য
- শ্রুতি বৈকল্য

### IEP কী? | *দেখুন, পৃষ্ঠা নং 17*

আপনার সন্তানের অনন্য চাহিদা পূরণ করার জন্য IEP হলো স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহ প্রদানের পরিকল্পনার লিখিত বর্ণনা। এতে আপনার সন্তানের সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, যার মধ্যে আছে:

- স্কুলে ও বার্ষিক লক্ষ্য অর্জনের পথে আপনার সন্তানের বর্তমান কার্যসম্পাদনা;

- সংশ্লিষ্ট পরিষেবাসহ (রিলেটেড সার্ভিস) স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবাসমূহ;
- স্টেট ও ডিস্ট্রিক্টব্যাপী পরীক্ষায় অংশগ্রহণ, পরীক্ষায় বিশেষ সুবিধা ব্যবস্থা, এবং ডিপ্লোমার লক্ষ্যসমূহ;
- পরিষেবাগুলো কত তারিখ থেকে শুরু হবে, কত ঘন ঘন প্রদান করা হবে, কোথায় ও কতক্ষণ পরিষেবা প্রদান করা হবে;
- আপনার সন্তানের অগ্রগতি পরিমাপের উপায়;
- হাই স্কুল পরবর্তী জীবনের লক্ষ্য ও এই উত্তরণে সহায়ক কর্মকাণ্ডসমূহ।

## সেকশন 4 ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

**কী প্রত্যাশিত: স্কুল-বয়সীদের স্পেশাল এডুকেশন পরিষেবা** | *দেখুন, পৃষ্ঠা নং 20*

IEP টিম, যে টিমের আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, বিবেচনা করবে কীভাবে আপনার সন্তানকে সাহায্য করা যায়, যাতে তাকে যতটুকু উপযুক্ত সম্ভব, প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে শিক্ষাদান করা যেতে পারে। এটি আপনার সন্তানের ***ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE)*** হিসেবে পরিচিত।

আপনার সন্তানকে তার ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে সহায়তা প্রদানের জন্য যেসব প্রোগ্রাম ও পরিষেবা লভ্য আছে, এই সেকশনটি তার রূপরেখা প্রদান করে। IEP টিম আপনার সন্তানের জন্য বিবেচনা করতে পারে এমন কিছু প্রোগ্রাম ও পরিষেবার তালিকা এখানে দেয়া হলো:

- সংশ্লিষ্ট পরিষেবাসমূহ (রিলেটেড সার্ভিস)
- স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS)
- সমন্বিত সহ-শিক্ষকতা পরিষেবাসমূহ (ইনটিগ্রেটেড কো-টিচিং সার্ভিসেস)
- স্পেশাল ক্লাস সার্ভিস
- ডিস্ট্রিক্ট 75 বিশেষায়িত বা স্পেশালাইজড প্রোগ্রামসমূহ
- দিবা অথবা আবাসিক আসনদান
- বাড়িতে এবং হাসপাতালে শিক্ষা-নির্দেশনা

## সেকশন 5 IEP তৈরি করার পর: পরিষেবাসমূহের ব্যবস্থা করা

**পরিষেবাসমূহের ব্যবস্থা করা** | *দেখুন, পৃষ্ঠা নং 35*

IEP মিটিং সমাপ্ত হওয়ার আগে, IEP টিম আপনাকে খসড়া IEP থেকে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবাগুলোর একটি মুদ্রিত কপি দেবে। মিটিংয়ের দুই সপ্তাহের মধ্যে আপনার IEP-এর চূড়ান্ত সংস্করণের একটি কপি পাওয়া উচিত। যখন NYCPS বিভিন্ন পরিষেবার বন্দোবস্ত করে, তখন আপনার সন্তানকে তার বর্তমান স্কুলে রাখার জন্য সবরকম চেষ্টা করা হবে।

**সম্মতি প্রদান** | *দেখুন, পৃষ্ঠা নং 36*

যদি আপনার সন্তান কখনও স্পেশাল এডুকেশন পরিষেবা না নিয়ে থাকে, তাহলে আমরা পরিষেবা শুরুর জন্য আপনার লিখিত অনুমতি চাইবো। পূর্ব লিখিত নোটিসের (প্রায়োর রিটেন নোটিস) নিচে আপনাদেরকে স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের জন্য সম্মতি প্রদান করতে এবং তালিকাভুক্ত ঠিকানায় তা জমা দিতে বলা হবে। আপনি যদি সম্মতি না দেন, তাহলে আপনার সন্তান সুপারিশকৃত পরিষেবা ছাড়াই জেনারেল এডুকেশনে থেকে যাবে।

আপনি IEP-তে বাধ্যতামূলক সকল স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য আপনি যেকোনো সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন - *লিখিতভাবে* - তবে, আপনি আংশিক স্পেশাল এডুকেশন পরিষেবা ও সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রত্যাহার করতে পারবেন না।

**ভর্তির সময়রেখা** | *দেখুন, পৃষ্ঠা নং 37*

এটা যদি আপনার সন্তানের প্রথম মূল্যায়ন হয়, তাহলে আপনি আপনার সন্তানের মূল্যায়নের জন্য সম্মতি প্রদানের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানকে ভর্তি করা হবে। আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল

এডুকেশন পরিষেবা পেয়ে থাকে, তবে আপনার সন্তানের পুনর্মূল্যায়নের রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানকে আসন দেয়া হবে।

## সেকশন 6 IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন

### হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশন | *দেখুন, পৃষ্ঠা নং 39*

কোনও কিশোর-কিশোরীর বিকশিত হবার ক্ষেত্রে হাই স্কুল গ্র্যাজুয়েশন একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। হাই স্কুল গ্র্যাজুয়েশনের জন্য প্রস্তুতিতে শিক্ষার্থী ও পিতামাতাদের শর্তসমূহ জানা এবং তাদের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা প্রদানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপসমূহ গ্রহণ করা প্রয়োজন। নিউ ইয়র্ক স্টেট শিক্ষার্থীদের নিম্নলিখিত বিকল্পগুলো প্রদান করে:

- অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা
- রিজেন্টস ডিপ্লোমা
- স্থানীয় বা লোকাল ডিপ্লোমা
- নন-ডিপ্লোমা কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

এই সেকশনে ডিপ্লোমার শর্ত সম্পর্কে একটি সংক্ষিপ্ত বর্ণনা রয়েছে। গ্র্যাজুয়েশনের বাধ্যবাধকতা সম্পর্কে সবচেয়ে হালনাগাদ তথ্য পেতে, এবং আপনার সন্তানের মিডল্ ও হাই স্কুলের পথ-পরিক্রমা সম্পর্কে পরিকল্পনার জন্য অন্যান্য মূল্যবান তথ্য-উপাত্ত পেতে দেখুন: https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements

## সেকশন 7 হাই স্কুল পরবর্তী জীবন

### স্থানান্তর পরিকল্পনা | *দেখুন, পৃষ্ঠা নং 43*

IEP-যুক্ত শিক্ষার্থীরা হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত, সেটা নিশ্চিত করার জন্য যে প্রক্রিয়াটি ব্যবহার হয় তা হলো ট্রানজিশন প্ল্যানিং (উত্তরণ পরিকল্পনা)। পিতামাতা হিসেবে, উত্তরণ পরিকল্পনায় আপনার অংশগ্রহণ আপনার সন্তানের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের লক্ষ্য, আগ্রহ এবং সামর্থ্যের প্রতিফলনকারী একটি উত্তরণ পরিকল্পনা তৈরির জন্য আপনার সন্তানের স্কুলের স্টাফদের সাথে আপনি কাজ করবেন।

### উত্তরণ পরিষেবাসমূহের জন্য শর্তাবলির উপরিচিত্র | *দেখুন, পৃষ্ঠা নং 44*

উত্তরণ পরিষেবাগুলো হলো একটি সমন্বিত কর্মকাণ্ডগুচ্ছ যা আপনার সন্তান যখন 14 বছর বয়সী হবে, তখন থেকে শুরু করে, তাকে স্কুল থেকে হাই স্কুল পরবর্তী জীবনে উত্তরণে সহায়তা করবে। আপনার সন্তানের সামর্থ্য, অগ্রাধিকার ও আগ্রহকে বিবেচনায় রেখে এসব কর্মকাণ্ড তার জন্য অবশ্যই স্বতন্ত্র হতে হবে।

উত্তরণ পরিকল্পনা ও পরিষেবাগুলো এমন একটি প্রক্রিয়া যা আপনার সন্তানের পুরো স্কুল চলাকালীন অভিজ্ঞতা এবং 'স্টুডেন্ট এক্সিট সামারি' (শিক্ষা-সমাপনী সারসংক্ষেপ)-এর মাধ্যমে সমাপ্ত হয়। স্টুডেন্ট এক্সিট সামারি আপনার সন্তানের সামর্থ্য, সক্ষমতা, চাহিদা ও সীমাবদ্ধতা সম্পর্কে অর্থবহ ধারণা প্রদান করে এবং তা যুক্তিসঙ্গত বিশেষ ব্যবস্থা ও মাধ্যমিক-পরবর্তী শিক্ষা, কর্মক্ষেত্র ও কমিউনিটিতে আপনার সন্তানের যোগ্যতা প্রতিষ্ঠায় সহায়তা করবে।

## সেকশন 8 সহায়তা প্রাপ্তি

### পিতামাতার অধিকার | *দেখুন, পৃষ্ঠা নং 50*

আপনার সন্তানের অবৈতনিক যথোপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন, FAPE) পাওয়ার অধিকার আছে, এবং পিতামাতা হিসেবে আপনার এতে সংশ্লিষ্ট থাকার এবং প্রক্রিয়াটি সম্পূর্ণ জানার অধিকার আছে। আপনার সন্তানের লেখাপড়া সম্পর্কে স্কুলের কোনো সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার এবং মত-পার্থক্য দূর করার জন্য মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানির (ইমপার্শিয়াল হিয়ারিং) অনুরোধ জানাবার, এবং নিরপেক্ষ শুনানির সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আপনার আছে।

### উদ্বেগ নিরসন | *দেখুন, পৃষ্ঠা নং 51*

আপনার সন্তানের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা সম্পর্কে আপনার সহায়তা প্রয়োজন হলে অথবা প্রশ্ন থাকলে সমাধানের জন্য আপনি গ্রহণ করতে পারেন এমন বিভিন্ন ধাপ রয়েছে। আরও তথ্যের জন্য, 51 নং পৃষ্ঠা দেখুন।

সেকশন 1

# আমার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে কি?

আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন। এই কারণে, আপনার সন্তানের শিক্ষার পথ-পরিক্রমা স্থির করায় আপনার মতামত খুবই গুরুত্বপূর্ণ। আপনার সন্তান সফল হতে যেন প্রয়োজনীয় সকল পরিষেবা ও সহায়তা লাভ করে, তা নিশ্চিত করতে আপনার সন্তানের স্কুলের স্টাফগণ আপনার সাথে কাজ করতে প্রস্তুত।

ছেলেমেয়েরা ভিন্ন ভিন্ন গতিতে এবং ভিন্ন ভিন্ন পন্থায় শেখে। কিছু ছেলেমেয়ের শারীরিক এবং/অথবা বুদ্ধি প্রতিবন্ধিত্ব আছে। কারো কারো শুধু একটি ক্ষেত্রে সমস্যা রয়েছে, যেখানে অন্যদের বহুবিধ প্রতিবন্ধিত্ব থাকে। প্রতিবন্ধিতাযুক্ত সকলে ছেলেমেয়ের বিনামূল্যে ও উপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যান্ড অ্যাপ্রোপ্রিয়েট এডুকেশন, **FAPE**) লাভ করার, এবং যতটুকু পরিমাণ সম্ভব, তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের পাশাপাশি লেখাপড়া করার সুযোগ লাভের অধিকার আছে।

আপনার সন্তানের যদি কোনও প্রতিবন্ধিতা থাকে, তাহলে তার স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ আপনার কোনও অর্থব্যয় ছাড়াই বিশেষভাবে ডিজাইনকৃত স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদান করবে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে, তাহলে আপনার সন্তানের শিক্ষকের(দের) সাথে কথা বলা গুরুত্বপূর্ণ। আপনার সন্তান স্কুলে কেমন করছে, সে ব্যাপারে তারা আপনাকে তথ্য দিতে পারেন এবং আপনার সন্তান বাড়িতে কেমন করছে, সে তথ্য আপনি জানাতে পারেন। আপনার সন্তানের বর্তমান ক্লাসে কী কী সহায়তা দেয়া যেতে পারে, তা নির্ধারণে সহায়তা করার জন্য সন্তানের শিক্ষকের সাথে কথা বলুন। স্পেশাল এডুকেশন পরিষেবা অন্তর্ভুক্ত না করে আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) প্রোগ্রামকে অভিযোজিত করা সম্ভব হতে পারে।

## শুরু থেকেই প্রশ্ন জিজ্ঞাসা করুন!

**আপনি যেসব প্রশ্ন করতে পারেন:**

- ক্লাসরুমে আমার সন্তান কোন বিষয়গুলোতে ভালো এবং কোনগুলো তার জন্য কষ্টসাধ্য?
- আমার সন্তানের যখন সহায়তার প্রয়োজন হয়, আপনি কীভাবে তাকে সহায়তা করেন?
- আপনার কাছে কী আমার সন্তানের কাজের কিছু নমুনা আছে যা আমরা একসাথে দেখতে পারি?
- আমার সন্তান কী তার বয়স অনুযায়ী প্রত্যাশিত মাত্রায় শিখছে ও বেড়ে উঠছে?
- আমার সন্তান কীভাবে অন্য শিক্ষার্থীদের সাথে ক্লাসরুমে মেলামেশা করে?
- কমিউনিটিতে এমন কর্মসূচিসমূহ আছে কি, যেগুলো আমার সন্তানকে সহায়তা দিতে পারে?
- এমন কোনও শেখার কর্মকাণ্ড আছে কি, যা আমি বাড়িতে বা প্রতিবেশে (নেইবারহুডে) করতে পারি?
- যখন আমরা একসাথে পড়ি তখন আমার সন্তানকে কী কী প্রশ্ন জিজ্ঞাসা করতে পারি?
- আমার সন্তান হোমওয়ার্কে হিমশিম খেলে আমি কীভাবে সহায়তা করতে পারি?

**প্রকাশের জন্য তথ্য:**

- কী আপনার সন্তানের সেরাটা বের করে আনে?
- আপনার সন্তানের পারদর্শিতা, সমস্যা, ও আগ্রহ কীসে?
- স্কুলের বাইরে আপনার সন্তান কী করতে পছন্দ করে?
- ইতিবাচক আচরণ ও শিক্ষণে উৎসাহিত করতে বাড়িতে আপনি কী করেন?
- কোন ক্ষেত্রগুলোতে আপনার সন্তানের বাড়তি সহায়তা প্রয়োজন হয়?

## স্পেশাল এডুকেশন পরিষেবা অন্তর্ভুক্ত না করে আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) প্রোগ্রামকে অভিযোজিত করা সম্ভব হতে পারে।

### হস্তক্ষেপে সাড়াদান

আপনার সন্তানের শিক্ষককে(দের) জিজ্ঞেস করুন আপনার সন্তানের বর্তমান ক্লাসে বা স্কুলে সহায়তা লাভ সম্ভব কিনা। আপনার সন্তানের জন্য হয়ত শুধু এই সহায়তাগুলোই প্রয়োজন। স্পেশাল এডুকেশন পরিষেবা অন্তর্ভুক্ত না করে আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) প্রোগ্রামকে অভিযোজিত করা সম্ভব হতে পারে।

**হস্তক্ষেপে সাড়াদান (রেসপন্স টু ইন্টার্ভেনশন, RtI)** হলো একটি প্রক্রিয়া যা স্কুলগুলো প্রতিটি শিক্ষার্থীকে স্বতন্ত্রভাবে তাকে শিক্ষাদানের ব্যবস্থা এবং তার জন্য সবচেয়ে মানানসই কার্যকর সহায়তার স্তর নির্ধারণে ব্যবহার করে। যদিও আপনি যেকোনো সময় স্পেশাল এডুকেশন মূল্যায়নের জন্য সুপারিশ করতে পারেন, পাবলিক স্কুলগুলো সুপারিশের (রেফারেল) আগে RtI প্রয়োগ করবে।

#### এটি কীভাবে কাজ করে:

RtI একটি তিন স্তরের মডেল। প্রতিটি ধাপে, যেসব শিক্ষার্থীর প্রয়োজন আছে তাদের আরও বেশি সহায়তা অফার করা হয়।

- **ধাপ 1:** সকল শিক্ষার্থীর জন্য। এটি একটি জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসরুমে একটি উচ্চ-মান সম্পন্ন, পৃথকীকৃত শিক্ষা-নির্দেশনা প্রদান করা হয়।
- **ধাপ 2:** কিছু শিক্ষার্থীদের জন্য। এতে অন্তর্ভুক্ত হতে পারে ক্ষুদ্র দলগত শিক্ষা-নির্দেশনা এবং/অথবা বাড়তি শিক্ষা-নির্দেশনার সময়।
- ধাপ 3: স্বল্পতর সংখ্যক শিক্ষার্থীদের জন্য। এতে অন্তর্ভুক্ত আপনার সন্তানের চাহিদার লক্ষ্য অনুযায়ী আরও নিবিড় শিক্ষা-নির্দেশনা ও উপকরণ অথবা প্রোগ্রাম।

#### RtI ব্যবহারকারী শিক্ষকগণ যা করবেন:

- আপনার সন্তানের দক্ষতা এবং/অথবা আচরণ মূল্যায়ন করবেন।
- জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসের শিক্ষার্থীদের দেয়া শিক্ষা-নির্দেশনার চাইতে আপনার সন্তানের আরও বেশি সহায়তা প্রয়োজন কিনা, তা নির্ণয় করবেন।
- প্রয়োজনে হস্তক্ষেপ করবেন।
- হস্তক্ষেপে কাজ হচ্ছে কিনা তা নির্ধারণে আপনার সন্তানের অগ্রগতির প্রতি লক্ষ্য রাখবেন, কাজ না হলে, প্রয়োজন অনুযায়ী হস্তক্ষেপ সামঞ্জস্য করবেন।

আপনাকে অবহিত করা হবে যদি আপনার সন্তান টিয়ার (ধাপ) 2 অথবা টিয়ার 3 সহায়তা বা হস্তক্ষেপ লাভ করে, এবং আপনার সন্তানের স্কুল অগ্রগতি পর্যবেক্ষণ সংক্রান্ত তথ্য লভ্য রাখবে। RtI সম্পর্কে আরও জানতে, বাড়তি তথ্যের জন্য আপনার স্কুলে জিজ্ঞাসা করুন অথবা http://www.p12.nysed.gov/specialed/RTI/parent.htm -এ NYSED—A Parent's Guide to Response to Intervention (হস্তক্ষেপে সাড়াদান বিষয়ক একটি পিতামাতার গাইড) দেখুন। আপনি https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/behavior-supports -এ আচরণগত সহায়তা সম্পর্কে আরও জানতে পারেন।

### এরপর কী? আপনার সন্তানের বাড়তি সহায়তার প্রয়োজন আছে কি?

আপনি যদি আপনার সন্তানের শিক্ষকের(দের) এবং স্কুলের অন্যান্য স্টাফের সাথে কথা বলে থাকেন, আপনি হয়তো তারপরও অনুভব করতে পারেন যে আপনার সন্তানের বাড়তি সহায়তার প্রয়োজন। আপনি যদি অব্যাহতভাবে সন্দেহ করেন যে আপনার সন্তানের কোনও প্রতিবন্ধিত্ব থাকতে পারে, তাহলে আপনি বা NYCPS স্টাফ একটি স্পেশাল এডুকেশন সার্ভিস মূল্যায়নের জন্য সুপারিশ করতে পারেন। মূল্যায়ন হলো আপনার সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিসের যোগ্য কিনা, তা নির্ধারণের জন্য একটি ধারাবাহিক মূল্যায়ন। আপনি যেকোনো সময় একটি স্পেশাল এডুকেশন সার্ভিসের জন্য সুপারিশ করতে পারেন। একটি রেফারেল বা সুপারিশ কীভাবে করতে হয়, তা জানার জন্য 'সেকশন 2: স্পেশাল এডুকেশন প্রক্রিয়ার শুরু' দেখুন।

সেকশন 2

# স্পেশাল এডুকেশন প্রক্রিয়া শুরু করা

## প্রাথমিক সুপারিশ প্রক্রিয়া

আপনার সন্তানের প্রতিবন্ধিত্ব আছে কিনা কিংবা তার স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন আছে কিনা, তা নির্ণয়ের প্রথম পদক্ষেপ হলো একটি প্রাথমিক মূল্যায়নের সুপারিশ করা, যা **প্রাথমিক সুপারিশ (ইনিশিয়াল রেফারেল)** হিসেবেও পরিচিত। প্রাথমিক সুপারিশ *অবশ্যই লিখিত হতে হবে*। আপনি, আপনার NYCPS স্কুলের প্রিন্সিপাল, কিংবা কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) চেয়ারপার্সন সুপারিশ করতে পারেন। আপনি যদি সুপারিশ করেন, তাহলে আপনাকে:

- আপনার সন্তানের বেড়ে ওঠা, শিক্ষা, এবং আচরণ সম্পর্কে আপনার উদ্বেগ ব্যাখ্যা করুন
- আপনি স্পেশাল এডুকেশন মূল্যায়নের অনুরোধ জানাচ্ছেন তা উল্লেখ করুন
- আপনার সন্তান যদি কোনও পরিষেবা গ্রহণ করেছে অথবা বর্তমানে গ্রহণ করছে সেগুলো তালিকাবদ্ধ করুন
- আপনার সন্তানের পূর্ণ আইনি নাম ও জন্মতারিখ অন্তর্ভুক্ত করুন
- আপনার নাম, ঠিকানা, এবং ফোন নম্বর
- পরিবারের অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দের ভাষা উল্লেখ করুন, (যদি তা ইংরেজি না হয়)



### আপনি কোথায় রেফারেল পাঠান?

***পাবলিক স্কুলের শিক্ষার্থীবৃন্দ***

প্রিন্সিপাল বা স্কুলের অন্য স্টাফের কাছে লিখিত সুপারিশ (রেফারেল) ডাকযোগে, ফ্যাক্স-এ কিংবা হাতে হাতে জমা দিন।

***প্রাইভেট, ধর্মীয়, অথবা চার্টার স্কুলের শিক্ষার্থীবৃন্দ কিংবা স্কুলে নথিভুক্ত (এনরোল) হয়নি এমন শিক্ষার্থীবৃন্দ***

আপনার স্থানীয় CSE-এর কাছে সুপারিশ (রেফারেল) ডাকযোগে, ফ্যাক্সে, কিংবা হাতে হাতে জমা দিন। *গুরুত্বপূর্ণ যোগাযোগের তথ্য ও বিভিন্ন সংস্থানের জন্য* 'সেকশন 8: CSE-এর যোগাযোগের তথ্য পেতে সহায়তা লাভ' দেখুন।

### পিতামাতা/অভিভাবক ছাড়া অন্য কে প্রাথমিক সুপারিশ বা রেফারেল করতে পারেন?

আপনার সন্তান যে NYCPS স্কুলে পড়ছে, সেই স্কুলের প্রিন্সিপাল প্রাথমিক সুপারিশ করতে পারেন। আপনার সন্তান যদি কোনও স্কুলে ভর্তি না হয়ে থাকে অথবা কোনও চার্টার স্কুলে কিংবা বেসরকারি/প্রাইভেট স্কুলে পড়ছে, তাহলে CSE চেয়ারপার্সন একটি সুপারিশ বা রেফারেল করতে পারেন। আপনার CPSE কীভাবে খুঁজে পাবেন, তা জানতে '*গুরুত্বপূর্ণ যোগাযোগের তথ্য ও বিভিন্ন সংস্থান*' সেকশনটি দেখুন।

### একজন শিক্ষক অথবা স্বাস্থ্যসেবা প্রদানকারী কি প্রাথমিক সুপারিশ (ইনিশিয়াল রেফারেল) করতে পারেন?

NYCPS যেন কোনো শিক্ষার্থীকে একটি প্রাথমিক মূল্যায়নের সুপারিশ করে সেই মর্মে শিক্ষকগণ এবং লাইসেন্সধারী চিকিৎসকগণ **অনুরোধ** জানাতে পারেন। অন্য যেসব ব্যক্তি প্রাথমিক সুপারিশের অনুরোধ জানাতে পারবেন, তাদের মধ্যে আছেন:

- আপনার সন্তান যে স্কুলে যায় বা যাওয়ার জন্য যোগ্য, সেখানকার **একজন পেশাদার স্টাফ সদস্য;**
- **একজন বিচারিক কর্মকর্তা;**
- শিক্ষার্থীর মঙ্গল, স্বাস্থ্য, কিংবা শিক্ষা বিষয়ক দায়িত্বে নিয়োজিত কোনও সরকারি বা পাবলিক এজেন্সির **একজন পেশাদার স্টাফ সদস্য;**
- **একজন শিক্ষার্থী**, যার বয়স 18 বছর বা বেশি, কিংবা যে স্বনির্ভর নাবালক (মাইনর)।

যখন এ ধরনের কোনও একজন ব্যক্তি ধারণা করেন যে, একজন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে, তখন তিনি একটি প্রাথমিক সুপারিশ বা রেফারেলের জন্য প্রিন্সিপাল বা CSE চেয়ারপার্সনের কাছে অনুরোধ জানাতে পারেন।

অনুরোধ পাওয়ার 10 স্কুল দিবসের মধ্যে প্রিন্সিপ্যাল বা CSE চেয়ারপার্সন নিচের দুটির একটি করবেন:

- রেফারেল (সুপারিশ) প্রক্রিয়া শুরু করবেন (নিচে দেখুন); কিংবা
- আপনাকে রেফারেলের অনুরোধের কপি দেবেন, আপনাকে জানাবেন যে আপনি নিজেই আপনার সন্তানের জন্য সুপারিশ (রেফার) করতে পারবেন, এবং আপনার সন্তানের প্রয়োজন মেটানোর জন্য অন্য যেসব কৌশল যথাযথ হতে পারে (যেমন RtI), সেগুলো নিয়ে কথা বলার জন্য আপনার সাথে সাক্ষাৎ করতে চাইবেন। আপনি একটি **নোটিস অভ রিকোয়েস্ট ফর ইনিশিয়াল রেফারেল** (প্রাথমিক সুপারিশের অনুরোধের বিজ্ঞপ্তি) পাবেন যাতে এই প্রক্রিয়ার বিস্তারিত বর্ণনা থাকবে।

### সুপারিশ বা রেফারেল করার পর

আপনাকে একটি **নোটিস অভ রেফারেল লেটার, প্রসিডিউরাল সেফগার্ড নোটিসের (পদ্ধতিগত সুরক্ষা বিজ্ঞপ্তি)** একটি কপি, এবং **নোটিস অভ সোশ্যাল হিস্টরি মিটিং (সামাজিক ইতিহাস বিষয়ক সভার বিজ্ঞপ্তি)** পাঠানো হবে। এসব উপকরণ:

- আপনার অধিকারসমূহ ব্যাখ্যা করে;
- আপনার কোনও প্রশ্ন থাকলে যে ব্যক্তির কাছে ফোন করতে হবে, তার নাম ও ফোন নম্বর প্রদান করে; এবং
- আপনাকে স্কুলের সোশ্যাল ওয়ার্কারের সাথে একটি **সোশ্যাল হিস্টরি মিটিং**-এর জন্য যোগ দিতে বলবেন। মিটিং চলাকালে আপনার অগ্রাধিকারপ্রাপ্ত পছন্দের ভাষায় অথবা যোগাযোগের মাধ্যমে আপনার সকল অধিকারের ব্যাখ্যা দেয়া হবে। আপনার অনুরোধ সাপেক্ষে, মিটিংয়ে একজন দোভাষী অন্তর্ভুক্ত করা হবে।

## সম্মতি ও গোপনীয়তার অধিকার

আপনার **সোশ্যাল হিস্টরি (সামাজিক ইতিহাস) মিটিং** চলাকাল আপনাকে প্রাথমিক মূল্যায়ন প্রক্রিয়া সম্পর্কে ধারণা দেয়া হবে এবং তারপর একটি **প্রাথমিক মূল্যায়নে সম্মতি (কনসেন্ট ফর ইনিশিয়াল ইভালুয়েশন)** ফর্মে স্বাক্ষর দিতে বলা হবে। স্পেশাল এডুকেশন পরিষেবা লাভের জন্য বিবেচিত হতে হলে আপনার সন্তানের মূল্যায়নের জন্য আপনাকে অবশ্যই স্বাক্ষর করতে হবে। আপনি যদি প্রাথমিক মূল্যায়নের সম্মতি ফর্মে স্বাক্ষর *না* করার সিদ্ধান্ত নেন, তাহলে আপনার সন্তানকে মূল্যায়ন করা *হবে না*।

আপনাকে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য ও অন্যান্য রেকর্ড NYCPS-এর কাছে প্রকাশের অনুমতি দিতে বলা হবে। এটা IEP টিমকে বাইরের এজেন্সি বা ডাক্তারদের কাছ থেকে রিপোর্টসমূহ পাওয়ার অধিকার দেবে যা হতে পারে আপনার সন্তানের মূল্যায়নের জন্য গুরুত্বপূর্ণ। রিলিজ ফর্ম-এ আপনার স্বাক্ষর করার কোনো বাধ্যবাধকতা নেই, তবুও আপনাকে করতে উৎসাহিত করা হয়, কারণ এই রেকর্ডগুলো IEP টিমকে আপনার সন্তানের চাহিদাসমূহ ভালোভাবে বুঝতে সহায়তা করবে। আপনি যদি এই রেকর্ডগুলো প্রকাশের অনুমোদন করেন, তাহলে NYCPS সেগুলোর নিরাপত্তা ও গোপনীয়তা বজায় রাখবে।

IEP-সহ—আপনার সন্তানের সকল স্পেশাল এডুকেশন রেকর্ড—গোপনীয় নথি। NYCPS-এর ইলেক্ট্রনিক ড্যাটা সিস্টেমে সেগুলো সুরক্ষিত রাখা হয়।

## প্রাথমিক মূল্যায়ন

আপনার লিখিত সম্মতি প্রদানের পর আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করার জন্য NYCPS-এর হাতে 60 ক্যালেন্ডার দিবস রয়েছে। যেসব ক্ষেত্রে প্রতিবন্ধিত্বের সন্দেহ করা হচ্ছে, সেটার সাথে সংশ্লিষ্ট সবগুলো ক্ষেত্রে NYCPS মূল্যায়ন পরিচালনা করবে। এই মূল্যায়নগুলো আপনার সন্তানের দক্ষতা, সক্ষমতা এবং চাহিদার ক্ষেত্রগুলো পরিমাপ করে। প্রাথমিক মূল্যায়নের মধ্যে থাকবে:

- আপনার সন্তানের বিকাশ ও পারিবারিক ইতিহাস জানার জন্য আপনার সাথে একটি **সোশ্যাল হিস্টরি ইন্টারভিউ** (সামাজিক ইতিহাস বিষয়ক সাক্ষাৎকার);
- আপনার সন্তান কী জানে ও কীভাবে শেখে, সেটা দেখার জন্য একটি **মনস্তাত্ত্বিকশিক্ষাগত (সাইকোএডুকেশনাল) মূল্যায়ন;**
- আপনার সন্তানকে তার বর্তমান ক্লাসরুমে **পর্যবেক্ষণ;**
- বৃত্তিমূলক দক্ষতা এবং আগ্রহ নির্ণয়ের জন্য 12 বছর বা বেশি বয়সী শিক্ষার্থীর ক্ষেত্রে একটি **বৃত্তিমূলক মূল্যায়ন** যাতে অন্তর্ভুক্ত আছে স্কুলের রেকর্ড পর্যালোচনা, শিক্ষকের মূল্যায়ন, এবং পিতামাতা ও শিক্ষার্থীর সাক্ষাৎকার; এবং
- আপনার সন্তানের একটি সাম্প্রতিক **ফিজিক্যাল এক্সামিনেশন**। এটি পেতে আপনার সমস্যা হলে, কোনও অর্থ খরচ না করে একটি পেতে স্কুল বা CSE আপনাকে সাহায্য করতে পারে।

আপনার যেসব ক্ষেত্রগুলোতে প্রতিবন্ধিত্বের সন্দেহ করা হয়েছিল, তার সবগুলো ক্ষেত্র যাচাইয়ের জন্য IEP টিম অন্যান্য মূল্যায়ন পরিচালনা করতে পারে। উদাহরণস্বরূপ, এসব মূল্যায়নে বলা (স্পিচ) এবং ভাষা, ক্রিয়ামূলক আচরণ, কিংবা সহায়ক প্রযুক্ত অন্তর্ভুক্ত থাকতে পারে।

## দ্বিভাষিক মূল্যায়ন

শিক্ষার্থীদের বাড়ির ভাষা ইংরেজি না হলে, তাদেরকে উভয়, বাড়ির ভাষা ও ইংরেজি ভাষায় মূল্যায়ন করা হতে পারে। এটি **দ্বিভাষিক মূল্যায়ন** হিসেবে পরিচিত। যদি এটা আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়ন হয়, তাহলে প্রাথমিক মূল্যায়ন করা হবে:

- যতটুকু পর্যন্ত সম্ভব, আপনার সন্তানের বাড়ির ভাষা ও ইংরেজি ভাষা, উভয়টিতে; এবং,
- আপনার, শিক্ষকদের, দ্বিভাষিক বা বাইলিঙ্গুয়াল ক্লিনিশিয়ানদের, এবং অন্যান্যদের অভিমত, যাতে আপনার সন্তানের দক্ষতা ও উভয় ভাষা আয়ত্তকরণের হার সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত, সেগুলো ব্যবহার করে।



আপনার সন্তানকে দ্বিভাষীকভাবে মূল্যায়ন করা হতে পারে নিম্নলিখিত বিবেচনায়:

- বাড়ির ভাষা শনাক্তকরণ জরিপে (হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে) উল্লেখ অনুযায়ী বাড়িতে ব্যবহৃত ভাষা; এবং,
- নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL) কিংবা নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট-এর (NYSESLAT) ফলাফল, যদি প্রযোজ্য হয়।

## স্বনির্ভর মূল্যায়ন

একটি স্বনির্ভর মূল্যায়ন একজন যোগ্যতাসম্পন্ন পরীক্ষকের দ্বারা করা হয়, যিনি NYCPS-এর অধীনে চাকরি করেন না। যদিও NYCPS সকল প্রয়োজনীয় মূল্যায়ন সম্পন্ন করবে, তবে আপনারও IEP টিমকে প্রাইভেট মূল্যায়ন সরবরাহ করার অধিকার আছে।

### *আপনার খরচে স্বনির্ভর মূল্যায়নসমূহ*

যদিও NYCPS আপনার খরচ ছাড়া আপনার সন্তানকে মূল্যায়ন করবে, তবে আপনারও আপনার নিজের খরচে IEP টিমকে একটি প্রাইভেট মূল্যায়ন সরবরাহ করার অধিকার আছে। আপনার সন্তান যদি মেডিকেইড-এর যোগ্য হয়, তবে এসব মূল্যায়নের খরচ মেডিকেইড বহন করতে পারে। এই মূল্যায়নগুলো আওতাভুক্ত কিনা, তা জানার জন্য আপনার সন্তানের সাথে মেডিকেইড প্রদানকারীর সাথে কথা বলুন। আপনি যদি চান যে NYCPS স্বাধীন মূল্যায়ন ব্যবহার করবে, তাহলে সেটা আপনাকে IEP মিটিংয়ের আগে IEP টিমকে দিতে হবে।

### *NYCPS-এর অর্থায়নে স্বনির্ভর মূল্যায়নসমূহ*

আপনি যদি NYCPS-এর মূল্যায়নে একমত না হন এবং চান যে NYCPS একটি স্বনির্ভর মূল্যায়নের ব্যয় বহন করুক, তাহলে আপনাকে অবশ্যই তা স্কুল বা CSE-কে *লিখিতভাবে* জানাতে হবে। NYCPS হয় একটি স্বনির্ভর মূল্যায়নের ব্যয় বহনে সম্মত হবে না, নাহয় NYCPS-এর মূল্যায়ন যথোপযুক্ত তা প্রদর্শনের জন্য একটি নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) শুরু করবে।

যদি NYCPS স্বনির্ভর মূল্যায়নের ব্যয় বহন করতে সম্মত হয়, তাহলে আপনাকে অবশ্যই:

- একজন যোগ্য মূল্যায়নকারী বেছে নিতে হবে;
- একটি যুক্তিসঙ্গত সময়ের মধ্যে পাওনা পরিশোধ করতে বলবেন; এবং
- NYCPS-কে মূল্যায়নের ফলাফল প্রদান করবেন।

যদি একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তা নির্ধারণ করেন যে NYCPS-এর দ্বারা সম্পন্নকৃত মূল্যায়ন যথোপযুক্ত হয়েছে, তারপরও আপনার একটি প্রাইভেট মূল্যায়ন সংগ্রহ করার এবং IEP টিম-এর কাছে জমা দেয়ার অধিকার আছে, তবে NYCPS এই ব্যয়ভার বহন করবে না।

## মূল্যায়নের সময়সীমা

আপনার সন্তানকে মূল্যায়নের জন্য NYCPS-এর **60 ক্যালেন্ডার দিবস** হাতে আছে। এই সময়রেখা শুরু হবে যেদিন আপনি সম্মতি প্রদান করেছেন (**প্রাথমিক মূল্যায়নের** জন্য) কিংবা সুপারিশ বা রেফারেলের তারিখ থেকে (**পুনর্মূল্যায়ণ**-এর জন্য)। আপনি যদি মূল্যায়ন প্রক্রিয়া অযৌক্তিকভাবে বিলম্বিত করেন, সময়রেখা তখন পরিবর্তিত হতে পারে।

যদি মূল্যায়নগুলো 60 ক্যালেন্ডার দিবসের মধ্যে সম্পন্ন না হয় এবং এবং আপনি যদি বিলম্ব করে না থাকেন, তাহলে আপনি একটি **অ্যাসেসমেন্ট অথরাইজেশন লেটার** (মূল্যায়নের প্রতিশ্রুতিপত্র) পাবেন। চিঠিটি আপনি কীভাবে কোনো খরচ না করে NYCPS-বহির্ভূত লাইসেন্সধারী স্বনির্ভর মূল্যায়নকারী বেছে নিতে পারেন তা ব্যাখ্যা করে। এতে অন্তর্ভুক্ত যাদের কাছ থেকে আপনি একটি মূল্যায়ন পেতে পারেন এমন বিভিন্ন সরকারি ও বেসরকারি (প্রাইভেট) এজেন্সি ও পেশাদারদের নাম, ঠিকানা, এবং টেলিফোন নম্বর।

সেকশন

# 3 ব্যক্তিগতকৃত শিক্ষা পরিকল্পনা (IEP) বিষয়ক মিটিং

## মূল্যায়নের পর

আপনার সন্তানের মূল্যায়ন শেষ হওয়ার পর, আপনাকে IEP মিটিংয়ে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য কিনা, তা নির্ধারণের জন্য মিটিংয়ে IEP টিম—যার একজন গুরুত্বপূর্ণ সদস্য হলেন আপনি—মূল্যায়ন ও অন্যান্য সূত্র থেকে প্রাপ্ত তথ্য পর্যালোচনা করবে। আপনার সন্তান যোগ্য হলে, একটি IEP তৈরির জন্য দলটি (টিম) একসাথে কাজ করবে।

মিটিংয়ের অন্তত পাঁচদিন আগে আপনি একটি লিখিত আমন্ত্রণ পাবেন। এটি দেয়া হবে আপনার পছন্দের ভাষায়, যদি এটি NYCPS-এর সংজ্ঞানুযায়ী **পরিষেবিত ভাষাসমূহের** কোনও একটি হয়।[1] আপনার অনুরোধ সাপেক্ষে, আপনার পছন্দের ভাষার একজন দোভাষী IEP মিটিংয়ে উপস্থিত থাকবেন। আপনি অংশগ্রহণ করবেন কিনা, তা নিশ্চিত করতে আপনার সন্তানের স্কুল বা CSE-এর স্টাফ ফোনে আপনার সাথে যোগাযোগ করবেন।

আপনি যদি সেই IEP মিটিংয়ে উপস্থিত না হতে পারে, তবে তারিখ পরিবর্তনের অনুরোধ করতে আপনাকে অবশ্যই *স্কুল বা CSE-এর সাথে যোগাযোগ করতে হবে*। আপনার সন্তানের স্পেশাল এডুকেশন পরিষেবা ও প্রোগ্রামগুলো সম্পর্কে আলোচনায় আপনি যেন অংশগ্রহণ করতে পারেন, সেজন্য মিটিংয়ে আপনার উপস্থিতি খুবই গুরুত্বপূর্ণ। আপনার পর্যবেক্ষণ ও মতামত মূল্যবান এবং তা অবশ্যই মিটিংয়ে বিবেচিত হতে হবে।

সকল মূল্যায়ন, রেকর্ড, এবং মূল্যায়ন থেকে প্রাপ্ত রিপোর্ট আপনার কাছে IEP মিটিং হবার কমপক্ষে 5 দিন আগে পাঠানো হবে। এটি আপনাকে IEP মিটিংয়ের আগে নথিপত্রগুলো নিয়ে আলোচনা করার বা সেগুলো পর্যালোচনার সুযোগ দেবে। দোভাষী বা অনুবাদসহ আপনার সন্তানের মূল্যায়ন ও IEP বুঝতে সহায়তার প্রয়োজন হলে, IEP টিমকে অবহিত করুন। আপনার অনুরোধ সাপেক্ষে, IEP ও মূল্যায়নসমূহ অনুবাদ করা হবে।

আপনার সন্তান যদি কোনও পাবলিক স্কুলে পড়ে, তাহলে মিটিংটি আপনার সন্তানের স্কুলে অনুষ্ঠিত হবে। আপনার সন্তান যদি কোনও ধর্মীয়, বেসরকারি (প্রাইভেট), অথবা চার্টার স্কুলে পড়ে অথবা স্কুলে নথিভুক্ত বা এনরোলকৃত নয়, তাহলে মিটিংটি CSE অফিসে অথবা আপনার সন্তানের স্কুলে অনুষ্ঠিত হবে, যদি সম্ভব হয়।

## IEP মিটিংয়ের ধরনসমূহ

### প্রাথমিক IEP মিটিং

আপনার সন্তানের প্রাথমিক মূল্যায়নের পর একটি **প্রাথমিক IEP মিটিং** অনুষ্ঠিত হবে। সে মিটিংয়ে দলটি (টিম) মূল্যায়ন ও অন্যান্য যথাযথ উপকরণ থাকলে সেগুলো পর্যালোচনা করবে এবং আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবা যোগ্য কিনা তা নির্ধারণ করবে। আপনার সন্তান যোগ্য হলে IEP টিম একটি IEP তৈরি করবে।

### বার্ষিক পর্যালোচনা

আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবা পাওয়া শুরু করার পর, প্রতি বছর তার অগ্রগতি পর্যালোচনার জন্য একটি IEP মিটিং অনুষ্ঠিত হয়। এটাকে বলা হয় **বার্ষিক পর্যালোচনা**।

---

1 "পরিষেবিত ভাষাসমূহ" (কভারড্ ল্যাঙ্গুয়েজ) বলতে বোঝায় ইংরেজি ভিন্ন অন্য যে ভাষায় NYCPS-এর শিক্ষার্থীবৃন্দ ও তাদের পরিবার সবচেয়ে বেশি নিয়মিতভাবে ব্যবহার করেন। বর্তমানে, NYCPS-এর এই নয়টি পরিষেবিত ভাষা রয়েছে: আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু। ইংরেজির পাশাপাশি এগুলো হলো প্রাথমিক ভাষা যেগুলো NYCPS-এর 95% ভাগ শিক্ষার্থীবৃন্দ ও তাদের পরিবার ব্যবহার করেন।




বার্ষিক পর্যালোচনা চলাকালে, দলটি (টিম) যা করবে:

- আপনার সন্তানের লক্ষ্য অর্জনের ব্যাপারে অগ্রগতি নিয়ে কথা বলবে
- যেসব স্পেশাল এডুকেশন পরিষেবা দেয়া হচ্ছে, সেগুলো পর্যালোচনা করবে
- পরবর্তী বছরের জন্য পরিষেবা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে

### অনুরোধকৃত পর্যালোচনা

যেকোনো সময়, আপনি যদি আপনার সন্তানের বর্তমান প্রোগ্রাম অথবা পরিষেবা নিয়ে উদ্বিগ্ন হন, তাহলে আপনি আপনার স্কুল অথবা CSE-এর কাছে লিখিতভাবে একটি IEP মিটিংয়ের অনুরোধ জানাতে পারেন। এটি **রিকোয়েস্টেড রিভিউ (অনুরোধকৃত পর্যালোচনা)** হিসেবে পরিচিত। এই মিটিংয়ে, IEP টিম আপনার সন্তানের বর্তমান প্রোগ্রাম ও পরিষেবাগুলো পর্যালোচনা করবে এবং চাহিদার ক্ষেত্রগুলোর জন্য ব্যবস্থা গ্রহণ করবে।

### পুনর্মূল্যায়ন

অতিরিক্তভাবে, আপনার সন্তানকে রেফার (সুপারিশ) করা হতে পারে যা **পুনর্মূল্যায়ন** (রিইভাল্যুয়েশন) হিসেবে পরিচিত। পুনর্মূল্যায়নের আগে IEP টিম আপনার মতামত সাপেক্ষে আপনার সন্তান সম্পর্কিত বর্তমান উপাত্ত পর্যালোচনা করবে, এবং নতুন মূল্যায়ন করা হবে কিনা, তা নির্ধারণ করবে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের প্রোগ্রাম ও সংশ্লিষ্ট পরিষেবাগুলোর (রিলেটেড সার্ভিস) পুনর্মূল্যায়ন আবশ্যক, তাহলে আপনি একটি পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে হলে আপনার সন্তানের স্কুল অথবা CSE-এর কাছে লিখুন। স্কুলের স্টাফও একটি পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন যদি আপনার সন্তানের শিক্ষাগত বা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) পুনর্মূল্যায়নের প্রয়োজন হয়। একটি পুনর্মূল্যায়ন বছরে একবারের বেশি সম্পন্ন করা হবে না, যদিনা আপনি এবং NYCPS লিখিতভাবে একমত হন।

অতিরিক্তভাবে প্রতি তিন বছর অন্তর অন্তর *অবশ্যই* একবার পুনর্মূল্যায়ন করতে হবে, যদিনা আপনি এবং

DOE তার কোনও প্রয়োজন নেই বলে *লিখিতভাবে* একমত হন। এটা **বাধ্যতামূলক ত্রি-বার্ষিক পুনর্মূল্যায়ন** (থ্রি-ইয়ার ইভাল্যুয়েশন) হিসেবে পরিচিত।

যদি স্কুল অথবা CSE নির্ধারণ করে যে পুনর্মূল্যায়নের অংশ হিসেবে একটি নতুন মূল্যায়ন আবশ্যক, তাহলে মূল্যায়নের জন্য আপনাকে সম্মতি দিতে বলা হবে। মূল্যায়নের সম্মতি দেয়ার অর্থ হচ্ছে স্পেশাল এডুকেশন পরিষেবাগুলো বজায় রাখার যোগ্যতা নির্ধারণের জন্য আপনি একটি মূল্যায়ন সম্পন্ন করার অনুমতি দিচ্ছেন। যদি NYCPS আপনার কাছ থেকে কোনও সাড়া না পায়, তাহলে আপনার সাথে যোগাযোগ প্রচেষ্টার প্রমাণ সাপেক্ষে NYCPS-এর স্টাফ পুনর্মূল্যায়ন করার জন্য অগ্রসর হতে পারবেন।

আপনি যদি মূল্যায়নে সম্মতি দিতে রাজি না হন, তাহলে মূল্যায়ন পরিচালনার অধিকার লাভের জন্য CSE অথবা স্কুলের প্রিন্সিপাল **মধ্যস্থতা** অথবা একটি **নিরপেক্ষ শুনানির** (ইনপার্শিয়াল হিয়ারিং) অনুরোধ জানাতে পারেন। এটি আপনার সন্তানের পরিষেবা লাভকে প্রভাবিত করতে পারে।

মূল্যায়ন সম্পন্ন হওয়ার পর লিখিত মূল্যায়নের রিপোর্টগুলো আপনাকে দেয়া হবে এবং একটি IEP মিটিংয়ের সময়সূচি ধার্য করা হবে। রিপোর্টে আপনার সন্তানের সামর্থ্য ও সমস্যা, এবং স্কুলে যদি তার সহায়তা প্রয়োজন হয় তা অন্তর্ভুক্ত হবে।

## যোগ্যতা

আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য কিনা এবং তার IEP প্রয়োজন আছে কিনা, তা IEP টিম নির্ধারণ করবে। আপনার সন্তান যোগ্য হবে যদি:

- সে প্রতিবন্ধিতার এক বা একাধিক শ্রেণীবিভাগের মানদণ্ড পূরণ করে *(নিচে দেখুন)*; এবং
- সেই প্রতিবন্ধিতা তার স্কুলে সফল হওয়াতে এবং/অথবা তার জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) পাঠ্যক্রম থেকে লাভবান হওয়ায় প্রভাব বিস্তার করে।

যোগ্যতা নিম্নোক্তের ভিত্তিতে *নয়:*

- রিডিং-এ (পড়া) যথাযথ শিক্ষা-নির্দেশনার অভাব; অথবা
- ম্যাথ-এ (গণিত) যথাযথ শিক্ষা-নির্দেশনার অভাব; অথবা
- ইংরেজিতে সীমিত দক্ষতা।

IEP টিম যদি নির্ধারণ করে যে আপনার সন্তানের কোনও প্রতিবন্ধিতা রয়েছে এবং স্পেশাল এডুকেশন পরিষেবা আবশ্যক, তাহলে তারা একটি IEP তৈরি করবে। আপনার সন্তান যেসব স্পেশাল এডুকেশন পরিষেবা এবং/অথবা প্রোগ্রাম লাভ করবে, এবং বছরব্যাপী যে লক্ষ্য অর্জনের জন্য কাজ করবে, IEP টিম সেটার রূপরেখা প্রদান করবে। যেসব স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা সুপারিশ করা হতে পারে, সেগুলো সেকশন 4: ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) -এ উল্লেখ করা হয়েছে।

যদি IEP টিম দেখে যে আপনার সন্তান এক বা একাধিক প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগের মানদণ্ড পূরণ করে না, তাহলে সে স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের জন্য যোগ্য নয়। সেক্ষেত্রে, মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্য আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে দেয়া হবে। আপনার সন্তানকে সহায়তা দেয়ার জন্য প্রিন্সিপাল স্টাফদের সাথে কাজ করবেন। সেক্ষেত্রে, একটি IEP তৈরি করা হবে না এবং আপনার সন্তানকে কেন স্পেশাল এডুকেশন পরিষেবা লাভের জন্য যোগ্য নয় বলে বিবেচনা করা হয়েছে, তার ব্যাখ্যাসহ একটি চিঠি আপনি পাবেন। এই ফলাফলগুলোর সাথে আপনি একমত না হলে আপনার চ্যালেঞ্জ করার অধিকার আছে। আপনার অধিকার সম্পর্কে আরও তথ্যের জন্য 'সেকশন 8 (আট): সহায়তা প্রাপ্তি' দেখুন।

## প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ

আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভের যোগ্য হতে হলে অবশ্যই 13-টি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগের[2] একটির জন্য যোগ্য হতে হবে।

---

2 'নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর কমিশনার অভ এডুকেশনের প্রবিধান: পার্ট 200' 13-টি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগকে সংজ্ঞায়িত করেছে। এটি http://www.p12.nysed.gov/specialed/lawsregs/documents/regulations-part-200-201-oct-2016.pdf -এ পাওয়া যাবে

নিচে প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগের একটি তালিকা ও বর্ণনা দেয়া হলো:

- অটিজম
- বধিরতা
- বধিরতা-অন্ধত্ব
- আবেগজনিত সমস্যা
- শ্রুতি বৈকল্য
- বুদ্ধি প্রতিবন্ধিত্ব (ইন্টেলেকচুয়াল ডিস্যাবিলিটি)
- শিখন প্রতিবন্ধিত্ব (লার্নিং ডিস্যাবিলিটি)
- একাধিক-প্রতিবন্ধিত্ব
- অস্থিজনিত বৈকল্য
- অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য
- বাক অথবা ভাষাগত বৈকল্য
- মস্তিষ্কে আঘাতজনিত জখম
- দৃষ্টিজনিত বৈকল্য

***অটিজম***

বিকাশগত প্রতিবন্ধিতাযুক্ত কোনো শিক্ষার্থী হচ্ছে সে, যার যোগাযোগ দক্ষতা, সামাজিক মেলামেশা, এবং শিক্ষায়তনিক সাফল্যে উল্লেখযোগ্য ঘাটতি রয়েছে। এটা সাধারণত বয়স 3 হওয়ার আগে প্রকাশ পায়। অটিজমের সাথে অন্য যে বৈশিষ্ট্যগুলি সম্পৃক্ত থাকে:

- পুনরাবৃত্তিমূলক কর্মকাণ্ড এবং গতানুগতিক চলাফেরায় সম্পৃক্ত হওয়া
- পরিবেশগত পরিবর্তন অথবা দৈনন্দিন রুটিন পরিবর্তনে বাধা দেয়া
- ইন্দ্রিয়জনিত অভিজ্ঞতায় অস্বাভাবিক প্রতিক্রিয়া।

***বধিরতা***

শ্রুতিগত সমস্যাযুক্ত শিক্ষার্থী এতটাই তীব্র যে অ্যাম্প্লিফিকেশন সহ কিংবা ছাড়া, শোনার মাধ্যমে ভাষা প্রক্রিয়া করতে পারে না - এমনভাবে যে সেটা তার শিক্ষায়তনিক কার্য-সম্পাদনায় প্রভাব ফেলে।

***বধিরতা-অন্ধত্ব***

শোনা ও দেখার সমস্যাযুক্ত কোনও শিক্ষার্থী। শিক্ষার্থীর যোগাযোগ, বিকাশগত, এবং শিক্ষাগত চাহিদা এত বেশি যে শুধু বধির ও অন্ধ শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম তা পূরণ করতে পারে না।

***আবেগজনিত সমস্যা***

একজন শিক্ষার্থী যে নিম্নলিখিত এক বা একাধিক বৈশিষ্ট্য দীর্ঘ সময় ধরে এবং উল্লেখযোগ্য মাত্রায় প্রদর্শন করে যা শিক্ষার্থীটির শিক্ষায়তনিক কার্য-সম্পাদনায় নেতিবাচক প্রভাব রাখে:

- বৌদ্ধিক, ঐন্দ্রিয়ক, অথবা স্বাস্থ্যের অবস্থা দিয়ে ব্যাখ্যা করা যায় না, শেখায় এমন অক্ষমতা
- সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে সন্তোষজনক সম্পর্ক গড়ে তোলা অথবা বজায় রাখায় অক্ষমতা
- সাধারণ পরিস্থিতিতে অসঙ্গত আচরণ বা অনুভূতির ধরণের সাথে সংযুক্ত করে
- সাধারণভাবে অসুখী অথবা বিমর্ষতার ছাপ
- ব্যক্তিগত ও স্কুলজনিত সমস্যার সঙ্গে সম্পর্ক আছে এমন বাহ্যিক লক্ষণ বা ভীতিসঞ্চারের প্রবণতা

***শ্রুতি বৈকল্য***

শ্রবণক্ষমতা কম এমন কোনো শিক্ষার্থী, বধিরত্ব যা নেতিবাচকভাবে তার শিক্ষায়তনিক সাফল্যে ভূমিকা রাখে, সেই সংজ্ঞার অধীনে অন্তর্ভুক্ত নয়। এ ধরনের শ্রবণক্ষমতা স্থায়ীভাবে লোপ পেতে পারে অথবা তারতম্য হতে পারে।

***বুদ্ধি প্রতিবন্ধিত্ব (ইন্টেলেকচুয়াল ডিস্যাবিলিটি)***

শিক্ষায়তনিক সাফল্যে নেতিবাচকভাবে ভূমিকা রাখে এমন গড়পড়তা থেকে উল্লেখযোগ্যভাবে কম বুদ্ধিগত সক্ষমতা এবং খাপ-খাইয়ে নেয়ার আচরণে ঘাটতিযুক্ত শিক্ষার্থী। খাপ-খাইয়ে নেয়ার আচরণ বলতে বোঝায় বয়সোপযোগী আচরণ যা দৈনন্দিন জীবন-যাপনে স্বনির্ভরভাবে বেঁচে থাকতে ও ভালোভাবে সক্রিয় হতে প্রয়োজন।

***শিখন প্রতিবন্ধিত্ব (লার্নিং ডিস্যাবিলিটি)***

একজন সমস্যাগ্রস্ত শিক্ষার্থী যার এমন সমস্যা আছে যা তাকে শুনতে, চিন্তা করতে, কথা বলতে, পড়তে, লিখতে, বানান করতে কিংবা অংক করতে এবং বলা বা লিখিত ভাষা বুঝতে বা ব্যবহার করতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে। পরিভাষাটি দেখা, শোনা বা পেশি সঞ্চালনজনিত প্রতিবন্ধিতা; বুদ্ধি প্রতিবন্ধিতা; আবেগজনিত সমস্যা কিংবা পরিবেশগত, সাংস্কৃতিক বা আর্থিক অসুবিধার কারণে সৃষ্ট শিখন সমস্যা অন্তর্ভুক্ত করে না।

এই পরিভাষা নিম্নোক্ত অবস্থাসমূহ অন্তর্ভুক্ত করে:

- উপলব্ধিমূলক প্রতিবন্ধিতা
- মস্তিষ্কে আঘাত
- মস্তিষ্কের ন্যূনতম অকার্যকারিতা
- ডিসলেক্সিয়া
- ক্রমবর্ধমান অ্যাফেসিয়া

*একাধিক-প্রতিবন্ধিত্ব*

বুদ্ধিপ্রতিবন্ধিত্ব ও অন্ধত্ব, বুদ্ধিপ্রতিবন্ধিত্ব ও বধিরতা, ইত্যাদি সহ একাধিক প্রতিবন্ধিতাযুক্ত কোনও শিক্ষার্থী। এ ধরনের মিশ্র শিক্ষাগত চাহিদা শুধুমাত্র একটি প্রতিবন্ধিত্বের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম দিয়ে মেটানো সম্ভব নয়। পরিভাষাটি বধিরত্ব-অন্ধত্ব অন্তর্ভুক্ত করে না।

*অস্থিজনিত বৈকল্য*

এমন শিক্ষার্থী যার শরীরে মারাত্মক বৈকল্য রয়েছে যা তার শিক্ষাগত কার্য-সম্পাদনায় বিঘ্ন সৃষ্টি করে। এই পরিভাষাটির অন্তর্ভুক্ত বিভিন্ন বৈকল্য, যার কারণ:

- জন্মগত অসঙ্গতি (ক্লাবফুট, অঙ্গ-প্রত্যঙ্গের অনুপস্থিতি, ইত্যাদি)
- রোগ (পলিওমাইলাইটিস, বোন টিউবারকিউলোসিস, ইত্যাদি)
- অন্য কারণসমূহ (সেরিব্রাল পালসি, অঙ্গ কেটে বাদ দেয়া এবং ভেঙ্গে যাওয়া অথবা পোড়া যা থেকে কনট্র্যাকচার হয়)

*অন্যান্য স্বাস্থ্যগত বৈকল্য*

কোনও শিক্ষার্থী যার শক্তিমত্তা, প্রাণশক্তি বা সচেতনতা সীমিত, যা তার শিক্ষাগত কার্য-সম্পাদনায় প্রতিকূল প্রভাব ফেলে। এর অন্তর্ভুক্ত আছে পরিবেশগত উদ্দীপনার প্রতি বাড়তি সচেতনতা যা পুরনো বা তীব্র স্বাস্থ্যগত সমস্যার কারণে কারো স্কুল পরিবেশের প্রতি নিবিষ্ট হওয়ার ক্ষমতায় বিঘ্ন ঘটায়। তীব্র স্বাস্থ্যগত সমস্যার মধ্যে আছে নিম্নলিখিত বিষয়গুলো, তবে তা এতেই সীমাবদ্ধ নয়, হৃদযন্ত্রের সমস্যা, যক্ষারোগ, রিউম্যাটিক ফিভার, নেফ্রাইটিস, হাঁপানি, সিকল্ সেল অ্যানিমিয়া, হেমোফিলিয়া, এপিলেপসি, লেড পয়জনিং, লিকুমিয়া, ডায়াবেটিস, অ্যাটেনশন ডেফিসিট ডিসঅর্ডার অথবা অ্যাটেনশন ডেফিসিট হাইপারঅ্যাক্টিভিটি ডিসঅর্ডার, অথবা ট্যুরেট সিনড্রোম।

**আপনার সন্তান স্পেশাল এডুকেশন পরিষেবার যোগ্য কিনা এবং তার IEP প্রয়োজন আছে কিনা, তা IEP টিম নির্ধারণ করবে।**

*বাক অথবা ভাষাগত বৈকল্য*

যোগাযোগ প্রতিবন্ধী শিক্ষার্থী, যেমন তোতলামি, উচ্চারণে সমস্যা, ভাষাগত সমস্যা, অথবা কণ্ঠস্বরে সমস্যা, যা তার শিক্ষাগত কার্য-সম্পাদনায় বিরূপ প্রতিক্রিয়া ফেলে।

*মস্তিস্কে আঘাতজনিত জখম*

কোনও শিক্ষার্থী কোনও প্রকার শারীরিক আঘাতের কারণে মস্তিষ্কে আঘাত পাওয়া অথবা স্ট্রোক, এনসেফালাইটিস, অ্যান্যুরিজম, এবং অ্যানোক্সিয়া কিংবা ব্রেন টিউমারের মত শারীরিক অবস্থা যা তার শিক্ষায়তনিক কার্য-সম্পাদনায় বিরূপ প্রভাব ফেলে। পরিভাষাটির অন্তর্গত নির্দিষ্ট কিছু চিকিৎসাগত অবস্থা থেকে মাথায় উন্মুক্ত অথবা উন্মুক্ত-নয় এমন আঘাত অথবা মস্তিষ্কে আঘাতের কারণে এক বা একাধিক স্থানে হালকা, মধ্যম, অথবা মারাত্মক বৈকল্য, এত রয়েছে বোধ, ভাষা, স্মৃতি, মনোযোগ, যুক্তিপ্রয়োগ, বিমূর্ত চিন্তন, বিচারবুদ্ধি, সমস্যা সমাধান, সংবেদনশীল, প্রত্যক্ষজ এবং সঞ্চালন সক্ষমতা, মনোঃসামাজিক আচরণ, শারীরিক ক্রিয়া, তথ্য প্রক্রিয়াকরণ এবং বাচন। পরিভাষাটি এমন কোনো আঘাত অন্তর্ভুক্ত করে না, যা জন্মের সময় ছিল অথবা জন্মের সময় ট্রমাজনিত (মানসিক কিংবা মস্তিষ্কে আঘাত)।

***দৃষ্টিজনিত বৈকল্য***
কোনও শিক্ষার্থীর দৃষ্টি বৈকল্য যাতে অন্ধত্ব অন্তর্ভুক্ত, যা চিকিৎসা সত্ত্বেও, তার শিক্ষাগত কার্যসম্পাদনায় বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। পরিভাষাটি আংশিক দেখতে সক্ষম ও অন্ধত্ব উভয়ই অন্তর্ভুক্ত করে।

## IEP মিটিংয়ের জন্য প্রস্তুতি

একটি IEP মিটিংয়ে টিম বা দলের প্রতিটি সদস্যের শেয়ার করার মতো গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। আপনার সন্তানের একটি প্রতিবন্ধিতা আছে কিনা, এবং কোন স্পেশাল এডুকেশন পরিষেবাগুলো উপযুক্ত হবে, তা নির্ধারণ করার জন্য তারা একসাথে আলোচনা করেন। *পিতামাতা হিসেবে আপনাকে প্রতিটি IEP মিটিংয়ে আমন্ত্রণ জানানো বাধ্যতামূলক, এবং আপনার মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ।*

আমরা আপনাকে উৎসাহিত করি:

- IEP মিটিংয়ের তারিখ ও সময় সম্পর্কে NYCPS স্টাফদের সাথে যোগাযোগ করুন, যেন এটা আপনার জন্য সুবিধাজনক হয়।
- আপনার সন্তানের চাহিদা ব্যাখ্যা করা সহজ হবে, এমন সকল তথ্য সংগ্রহ করুন। এসব তথ্য সেসব ব্যক্তিদের কাছ থেকে আসতে পারে যারা আপনার সন্তানকে চেনেন, যেমন শিক্ষক, পরিষেবা প্রদানকারী, অথবা চিকিৎসকগণ।
- মূল্যায়নের ফলাফল পর্যালোচনা করুন। যেসব ফলাফল গুরুত্বপূর্ণ বলে মনে করবেন এবং যেসব ফলাফল নিয়ে প্রশ্ন আছে, সেগুলো নোট করে নেবেন।
- যদি কোনও স্বনির্ভর মূল্যায়ন থাকে যা আপনি বিবেচনার জন্য দিতে চান, সেটা IEP টিমের কাছে জমা দিন এবং কোনও সমস্যা বিবেচনায় আনতে চাইলে সেটা IEP টিমকে বলুন। IEP মিটিংয়ে এসব মূল্যায়ন IEP টিম যেন সবচেয়ে ভালোভাবে বিবেচনা করতে পারে, তা নিশ্চিত করতে আপনি IEP মিটিংয়ের যতটুকু সম্ভব আগে সেগুলো জমা দেবেন।
- আপনার সন্তান কোথায় ভালো ও কোথায় দুর্বল, এবং তা কীভাবে তার শিক্ষায়তনিক, সামাজিক, আবেগজনিত, ও শারীরিক বিকাশকে প্রভাবিত করছে, তা নিয়ে আলাপ করতে প্রস্তুত থাকবেন।
- আপনি অন্য কোনও ব্যক্তি, যেমন ডাক্তার, চাইল্ডকেয়ার প্রদানকারী, আত্মীয়, অথবা এডভোকেট ইত্যাদিকে আমন্ত্রণ জানাবেন কিনা যিনি আপনার সন্তান সম্পর্কে জানেন এবং সিদ্ধান্ত গ্রহণে আপনাকে সহায়তা করতে পারেন, তা বিবেচনা করুন।
- আপনি যদি একজন সার্টিফায়েড প্যারেন্ট মেম্বারকে (পিতামাতা সদস্যকে) আনতে চান, তাহলে মিটিংয়ের 72 ঘণ্টা আগে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে (সার্টিফায়েড প্যারেন্ট মেম্বার সম্পর্কে ব্যাখ্যার জন্য নিচে দেখুন)।
- ইংরেজি যদি আপনার অগ্রবিবেচ্য ভাষা না হয়, তাহলে মিটিংয়ের কমপক্ষে 72 ঘন্টা আগে একজন দোভাষীর জন্য লিখিতভাবে অনুরোধ জানাতে হবে। ইংরেজি ছাড়া অন্য কোনও ভাষায় মূল্যায়ন ও IEP-এর অনুবাদিত কপি পেতে চাইলে লিখিতভাবে অনুরোধ জানান।

বার্ষিক পর্যালোচনা বা পুনর্মূল্যায়নের পর অনুষ্ঠিত IEP মিটিংয়ে আপনি যদি চান যে স্পেশাল এডুকেশন প্রোগ্রাম বা সার্ভিস পরিবর্তনের কথা IEP টিম বিবেচনা করুক, তাহলে আমরা আপনাকে IEP মিটিংয়ের আগে NYCPS স্টাফকে তা জানাতে উৎসাহিত করছি।

**একটি IEP মিটিংয়ে টিম বা দলের প্রতিটি সদস্যের শেয়ার করার মতো গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে।**

# IEP টিম বা দলের সদস্য

## পিতামাতা/অভিভাবক

প্রতিটি IEP মিটিংয়ে আপনাকে আমন্ত্রণ জানানো হবে। পিতামাতা হিসেবে, আপনার সন্তানকে আপনি সবচেয়ে ভালো জানেন, সুতরাং আপনি আপনার সন্তানের সামর্থ্য, ও চাহিদা সম্পর্কে বলতে, এবং কীভাবে আপনার সন্তানকে সবচেয়ে ভালো সহায়তা দেওয়া যায়, সে ব্যাপারে আপনার ভাবনা জানাতে পারবেন।

IEP টিমের সদস্য হিসেবে, আপনার যা করা উচিৎ:

- আপনার সন্তান কীভাবে শেখে, সেবিষয়ে আপনার পর্যবেক্ষণ জানান
- আপনার সন্তানের সামর্থ্য, চাহিদা, আগ্রহ এবং অন্যান্য যেসব বিষয় স্কুল হয়তো জানে না, সেবিষয়ে তথ্য জানান
- স্কুলে কাজ করার জন্য আপনার সন্তানের চাহিদাসমূহ সম্পর্কে টিম বা দলের অন্যান্য সদস্যগণ কী ভাবেন এবং সুপারিশ করেন, তা শুনুন
- আপনার সন্তান স্কুলে যেসব দক্ষতা শিখছে সেগুলো বাড়িতে কীভাবে ব্যবহার করে (কিংবা না করে), সেবিষয়ে কথা বলুন
- সকল সদস্যদেরকে প্রশ্ন জিজ্ঞাসা করুন এবং কোনও কিছু না বুঝলে তা নিয়ে কথা বলুন
- একটি IEP তৈরি করতে টিম বা দলের অন্যদের সাথে কাজ করুন

IEP মিটিংয়ে আপনাকে IEP অ্যাটেনড্যান্স শিট-এ স্বাক্ষর করতে বলা হবে। অ্যাটেনড্যান্স শিট-এ স্বাক্ষর করার অর্থ এই *নয়* যে আপনি IEP-এর বিষয়বস্তুর সাথে একমত হয়েছেন। বরং, এটা হলো মিটিং-এ আপনার উপস্থিতির প্রমাণ। আপনি যদি মিটিংয়ে যোগদান করতে না পারেন, IEP-এর একটি কপি আপনার বাড়িতে পাঠানো হবে।

## ডিস্ট্রিক্ট-প্রতিনিধি

ডিস্ট্রিক্ট-প্রতিনিধি IEP মিটিংয়ে নেতৃত্ব দেন এবং শিক্ষার্থীর যোগ্যতা ও IEP তৈরি বিষয়ে আলোচনার সুযোগ তৈরি করেন। তারা নিশ্চিত করবেন যে আপনি একজন অর্থবহ অংশীদার এবং আপনার সন্তানের শিক্ষার বিষয়ে আপনার উদ্বেগ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিতে উৎসাহিত করেন।



অতিরিক্তভাবে, ডিস্ট্রিক্ট-প্রতিনিধি যা করবেন:

- অব্যাহত পরিষেবাসমূহ সম্পর্কে তথ্য প্রদান করবেন (স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সহায়তা) যেগুলো আপনার সন্তানের স্কুলে ও ডিস্ট্রিক্টের অন্যান্য স্কুলে পাওয়া যায়
- নিশ্চিত করবেন যে, আপনি যেসব সুপারিশ করেছেন, টিম সেগুলোসহ সম্ভাব্য সকল উপযুক্ত প্রোগ্রাম ও পরিষেবার বিকল্পগুলো বিবেচনা করেছে
- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের অবশ্যই যে যতটুকু সম্ভব প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে লেখাপড়া করাতে হবে, তা ব্যাখ্যা করবেন
- আপনার সন্তান জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পরিবেশে সফল ও লাভবান হবে কিনা, টিম সে বিষয়টি যেন বিবেচনা করে তা নিশ্চিত করবেন

ডিস্ট্রিক্ট-প্রতিনিধি সাধারণত দুইটি ভূমিকায় অবতীর্ণ হন। আপনার সন্তানের প্রাথমিক IEP মিটিংয়ে, প্রায়শই স্কুলের সোশ্যাল ওয়ার্কার বা স্কুলের সাইকোলজিস্ট ডিস্ট্রিক্ট-প্রতিনিধি হন। আপনার সন্তানের IEP বার্ষিক পর্যালোচনা মিটিংয়ে প্রায়শই আপনার সন্তানের স্পেশাল এডুকেশন শিক্ষক অথবা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারী ডিস্ট্রিক্ট-প্রতিনিধি হয়ে থাকেন।

### শিক্ষকবৃন্দ

শিক্ষকগণ IEP মিটিংয়ে গুরুত্বপূর্ণ অংশগ্রহণকারী। যদি আপনার সন্তান জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পরিবেশে পড়ছে অথবা পড়তে পারে, তবে অন্ততপক্ষে একজন জেনারেল এডুকেশন শিক্ষককে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

*জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) শিক্ষক*

এসব শিক্ষক জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে আপনার সন্তানের সাফল্য সম্পর্কে তথ্য প্রদান করবেন। সুনির্দিষ্টভাবে, তারা যা করবেন:

- জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রম এবং পরিবেশ সম্পর্কে বর্ণনা দেবেন
- যথোপযুক্ত হস্তক্ষেপ কৌশল নির্ধারণ, সম্পূরক সেবাদানকারী ও পরিষেবা, প্রোগ্রাম পরিবর্তন, পাঠ্যক্রম অভিযোজন, অন্যান্য ব্যক্তগতকৃত সহায়তা, কিংবা আপনার সন্তানকে শিক্ষা ক্ষেত্রে সফল হতে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) প্রোগ্রামে অন্যান্য পরিবর্তনসমূহ নির্ধারণ করতে সহায়তা করবেন
- স্কুল স্টাফদের জন্য প্রয়োজনীয় সহায়তা সম্পর্কে আলোচনা করবেন যাতে আপনার সন্তানকে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে শিক্ষা-নির্দেশনা প্রদান করা যায়



*স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী*

কীভাবে আপনার প্রতিবন্ধিতাযুক্ত সন্তানকে শেখানো যায়, সেবিষয়ে এই সদস্যগণ মূল্যবান অভিজ্ঞতা  নিয়ে আসেন। স্পেশাল এডুকেশনে তারা প্রশিক্ষিত হবার কারণে, তারা যা করবেন:

- মূল্যায়নের উপকরণ এবং অথবা পরিষেবা প্রদানকারীদের রিপোর্ট পর্যালোচনা ও ব্যাখ্যা করবেন
- (আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা পাচ্ছে) আপনার সন্তানের IEP-এর লক্ষ্যের প্রতি অগ্রগতিসহ বর্তমান শিক্ষাগত সাফল্যের স্তর এবং আপনার সন্তানের শেখার ধরন, আচরণ ও উপস্থিতি  নিয়ে আলোচনা করবেন
- বিভিন্ন সহায়তা ও পরিষেবা সম্পর্কে সুপারিশ করবেন যা আপনার সন্তানকে স্বল্পতম নিষেধাত্মক পরিবেশে সফল হতে সহায়তা করবেন
- আপনার সন্তানকে শেখায় সহায়তা দিতে কীভাবে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রম রূপান্তর করতে হবে, তা ব্যাখ্যা করবেন

### সাইকোলজিস্ট/স্কুলের সোশ্যাল ওয়ার্কার

স্কুলের সাইকোলজিস্টের উপস্থিতি সব সময় বাধ্যতামূলক নয়। যদি আপনার সন্তানের IEP মিটিং একটি **প্রাথমিক মূল্যায়নের**  (প্রথমবারের পরিষেবা) জন্য কিংবা **পুনর্মূল্যায়নের** (যদি শিক্ষার্থী ইতোমধ্যে সার্ভিস পেতে থাকে) জন্য হয়, তাহলে স্কুল সাইকোলজিস্টকে **অবশ্যই** উপস্থিত থাকতে হবে। যখনই কোনও নতুন মূল্যায়ন পর্যালোচনা করা হয়, তখনই একজন স্কুল সাইকোলজিস্ট উপস্থিত থাকবেন, কিংবা যখন শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিস পরিবর্তনের ফলে শিক্ষার্থী-স্টাফ অনুপাত আরও বেড়ে যায়, তখন। অনুরূপভাবে, মূল্যায়ন প্রক্রিয়াকালে স্কুলের সোশ্যাল ওয়ার্কার সংশ্লিষ্ট থাকার উপর ভিত্তি করে তিনি উপস্থিত থাকতে পারেন।

যখন স্কুলের সাইকোলজিস্ট এবং/অথবা স্কুলের সোশাল ওয়ার্কারগণ IEP টিমের সদস্য হন, তারা টিমের কাছে গুরুত্বপূর্ণ তথ্য প্রকাশ করবেন যা তারা মূল্যায়নের/পর্যবেক্ষণের মাধ্যমে লাভ করেন। আপনি বুঝতে পারেননি, এমন যেকোনো বিষয়ে আপনি যেন তাদেরকে প্রশ্ন করতে পারেন, সেজন্য এই প্রক্রিয়াতে তাদের বিশেষ দক্ষতা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## আপনার সন্তান এবং/অথবা তার প্রতিবন্ধিত্ব সম্পর্কে বিশেষ জ্ঞান আছে, IEP টিমে এমন কিছু ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করা হয়।

**অতিরিক্ত সদস্যবৃন্দ**

আপনার সন্তান এবং/অথবা তার প্রতিবন্ধিত্ব সম্পর্কে বিশেষ জ্ঞান আছে, IEP টিম-এ এমন কিছু ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করা হয়। আপনি অন্যত্র থেকে কোনও বিশেষজ্ঞ ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে পারেন যিনি আপনার সন্তানের সাথে কাজ করেছেন কিংবা অন্য কোনও ব্যক্তি যিনি আপনার সন্তানের সামর্থ্য এবং/অথবা চাহিদা সম্পর্কে কথা বলতে পারেন। NYCPS পেশাদারদের মতো অন্যান্য ব্যক্তিদের আমন্ত্রণ জানাতে পারে, যারা আপনার সন্তানকে ভালোভাবে জানেন।

**সনদপ্রাপ্ত পিতামাতা-সদস্য (সার্টিফায়েড প্যারেন্ট মেম্বার)**

একজন প্যারেন্ট মেম্বারকে (পিতামাতা-সদস্য) IEP মিটিংয়ে উপস্থিত হতে অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। একজন প্যারেন্ট মেম্বার (পিতামাতা-সদস্য) হলেন নিউ ইয়র্ক সিটিতে বসবাসকারী একজন পিতা বা মাতা, যার বিগত পাঁচ শিক্ষা বছরের মধ্যে একজন IEP-যুক্ত শিক্ষার্থী ছিল। প্যারেন্ট মেম্বার (পিতামাতা-সদস্য) পিতামাতাদের IEP প্রক্রিয়া বুঝতে এবং আপনাকে অংশগ্রহণে সহায়তা করতে পারেন এবং IEP মিটিংয়ে অবদান রাখতে পারেন। আপনি যদি আপনার সন্তানের IEP মিটিংয়ে একজন পিতামাতা সদস্যকে উপস্থিত হতে আমন্ত্রণ জানাতে চান, তাহলে আপনার সন্তানের স্কুলে বা CSE-এর কাছে IEP মিটিংয়ের কমপক্ষে 72 ঘণ্টা আগে লিখিতভাবে অনুরোধ জানাবেন।

**IEP টিমের সদস্যের অব্যাহতি**

কোনো বাধ্যতামূলক IEP টিম সদস্যের IEP মিটিংয়ে উপস্থিতি থেকে অব্যাহতি দেওয়া যেতে পারে, তবে তা কোনও প্রাথমিক IEP মিটিংয়ের বেলায় হতে পারবে *না*। একটি IEP টিম নিয়মিতভাবে বা একতরফাভাবে কোনো বাধ্যতামূলক IEP সদস্যকে উপস্থিতি থেকে অব্যাহতি দিতে পারবে *না*। কোনো বাধ্যতামূলক IEP টিমের সদস্য যখন উপস্থিত হতে পারেন না, তখন আপনাকে ও IEP টিমকে নিশ্চিত করতে হবে সেই সদস্য ছাড়া IEP মিটিংটি করা নাকি নতুন সময়সূচি নির্ধারণ করা যৌক্তিক হবে।

IEP টিমের সদস্যকে আপনার সম্মতি ছাড়া অব্যাহতি দেয়া যাবে *না*। একজন বাধ্যতামূলক IEP টিম সদস্যকে অব্যাহতি দানে সম্মতি প্রদানের অনুরোধ **IEP মিটিংয়ের কমপক্ষে 5 ক্যালেন্ডার দিবস আগে জানাতে হবে।** আপনি যদি সদস্যকে অব্যাহতি দিতে সম্মত হন, তবে আপনার ফর্মে স্বাক্ষর করে জমা দেয়া উচিত। আপনি সম্মত না হলে সেই সদস্যকে মিটিংয়ে উপস্থিত হওয়া থেকে অব্যাহতি দেয়া হবে না।

কোনো বাধ্যতামূলক IEP টিম সদস্যকে এমনকি তখনও অব্যাহতি দেয়া যেতে পারে যখন সেই সদস্যের সাথে সংশ্লিষ্ট পাঠ্যক্রম বা রিলেটেড সার্ভিস নিয়ে আলোচনা করা হবে। সেক্ষেত্রে IEP টিমের সেই সদস্য আপনাকে সেসব তথ্যের একটা সারসংক্ষেপ পাঠাবেন যা IEP মিটিংয়ে আলোচিত হবে। আপনি **IEP মিটিং-এর কমপক্ষে 5 ক্যালেন্ডার দিবস আগে সারসংক্ষেপ পাবেন।** আপনি সংশ্লিষ্ট IEP সদস্যকে অব্যাহতি দিতে সম্মত হবেন কিনা তা বিবেচনা করার সময় এই সারসংক্ষেপ পর্যালোচনা করবেন।

## IEP টিমের সদস্যদের মধ্যে আছেন:

- **পিতামাতা হিসেবে, আপনি** অথবা আপনার সন্তানের সাথে পিতৃমাতৃসুলভ সম্পর্কে আবদ্ধ ব্যক্তিগণ।
- **আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) শিক্ষকদের একজন** যখন আপনার সন্তান বর্তমানে অথবা আগামীতে জেনারেল এডুকেশন শিক্ষার্থী *হতে পারে*।
- **একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী।** প্রাথমিক সুপারিশ বা রেফারেলের ক্ষেত্রে, স্কুলের স্পেশাল এডুকেশন শিক্ষকদের একজন, টিমের স্পেশাল এডুকেশন প্রতিনিধি হিসেবে কাজ করেন। যদি কোনও শিক্ষার্থী ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা পাচ্ছে, সেক্ষেত্রে তার স্পেশাল এডুকেশন শিক্ষকদের একজন অংশগ্রহণ করবেন। আপনার সন্তান যদি সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) (যেমন স্পিচ থেরাপি) গ্রহণ করে, তাহলে আপনার সন্তানের রিলেটেড সার্ভিস প্রদানকারী এই ভূমিকা পালন করতে পারবেন।
- **স্কুলের একজন সাইকোলজিস্ট** যখন একটি প্রাথমিক মূল্যায়ন অথবা পুনর্মূল্যায়ন করা হয়, তখন একটি মানসিক মূল্যায়ন পর্যালোচনা করা হয়, এবং যখন কিছু প্রোগ্রাম অথবা পরিষেবার পরিবর্তন সুপারিশ বিবেচনা করা হয়। এছাড়া স্কুলের একজন সাইকোলজিস্ট অনুরোধ সাপেক্ষে IEP মিটিংয়ে অংশগ্রহণ করবেন।
- **একজন সোশ্যাল ওয়ার্কার** যদি তিনি মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে থাকেন।
- **একজন ব্যক্তি যিনি মূল্যায়নের ফলাফলের শিক্ষা-নির্দেশনাগত তাৎপর্য ব্যাখ্যা করতে পারেন।** তিনি হতে পারেন IEP টিমের সদস্য যিনি অন্য কোনো ভূমিকাও পালন করছেন, যেমন একজন জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) শিক্ষক, স্পেশাল এডুকেশন প্রদানকারী, কিংবা স্কুলের সাইকোলজিস্ট। মূল্যায়নের ফলাফল কীভাবে শিক্ষা-নির্দেশনাকে প্রভাবিত করতে পারে, তা নিয়ে তারা আলোচনা করবেন।
- **একজন ডিস্ট্রিক্ট-প্রতিনিধি।** এই ব্যক্তি স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদানে অথবা তত্ত্বাবধান করায় যোগ্যতা সম্পন্ন, জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমের সাথে পরিচিত, এবং ডিসট্রিক্টের সংস্থান বা রিসোর্সের লভ্যতা সম্পর্কে অবহিত। ডিস্ট্রিক্ট-প্রতিনিধি, IEP টিমে অন্য কোনো ভূমিকাও পালন করতে পারেন। ডিস্ট্রিক্ট-প্রতিনিধির ভূমিকা হলো একটি IEP তৈরিতে গ্রুপটির নেতৃত্ব প্রদান করা, যাতে শিক্ষার্থীর জন্য যথাযথ হিসেবে সবাই সম্মত হবেন।
- **একজন স্কুলের ফিজিশিয়ান,** *লিখিতভাবে* মিটিংয়ের কমপক্ষে *72 ঘণ্টা আগে* আপনি বিশেষভাবে অনুরোধ জানালে।
- **একজন সনদপ্রাপ্ত প্যারেন্ট মেম্বার (পিতামাতা-সদস্য),** আপনি *লিখিতভাবে* মিটিংয়ের কমপক্ষে *72 ঘণ্টা আগে* সুনির্দিষ্টভাবে অনুরোধ জানালে। তিনি হলেন বিগত পাঁচ শিক্ষা বছরের মধ্যে IEP-যুক্ত কোনো শিক্ষার্থীর পিতা বা মাতা, যিনি সংশ্লিষ্ট স্কুল ডিস্ট্রিক্টে বসবাস করেন, আপনার অনুরোধে যিনি উপস্থিত হতে পারেন।
- আপনার সন্তান সম্পর্কে **বিশেষ জ্ঞান ও বিশেষজ্ঞসুলভ দক্ষতার অধিকারী অন্যান্য ব্যক্তি,** যেমন সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) কর্মী। আপনি তাদের উপস্থিতির জন্য অনুরোধ জানাতে পারেন, একইভাবে স্কুল এবং CSE-ও করতে পারে।
- **আপনার সন্তান (শিক্ষার্থী),** উপযুক্ত হলে। যদি আপনার সন্তানের বয়স 14 অথবা বেশি হয়, তাহলে তাকে মিটিংয়ে আমন্ত্রণ জানানো হবে এবং এরচেয়ে কম বয়সেও তাকে আমন্ত্রণ জানানো আরও ভালো একটি কাজ হতে পারে।

সেকশন

# 4 ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

## ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)

IEP হলো আপনার সন্তানকে তার LRE-এ FAPE প্রদান করার পরিকল্পনার একটি লিখিত বিবৃতি!

## পিতামাতার অর্থে ভর্তি শিক্ষার্থীদের জন্য পথ-নির্দেশনা

আপনি যদি সন্তানকে আপনার নিজের খরচে কোনও প্রাইভেট বা ধর্মীয় স্কুলে ভর্তি করে থাকেন, তাহলে আপনার সন্তানকে **পিতামাতার দ্বারা ভর্তি** বলে গণ্য করা হবে। পিতামাতার দ্বারা ভর্তি শিক্ষার্থীবৃন্দ যাদের স্পেশাল এডুকেশন পরিষেবা প্রয়োজন, তারা ইন্ডিভিডিভিজুয়ালাইজড্ এডুকেশন সার্ভিসেস প্ল্যান, (IESP) লাভ করবে। IESP হলো আপনার সন্তানকে স্পেশাল এডুকেশন সার্ভিস প্রদান করার পরিকল্পনার একটি লিখিত বিবৃতি! IESP-তে নিচে IEP-এর নিচে যা বর্ণিত আছে সেই *অনুরূপ* তথ্য অন্তর্ভুক্ত থাকবে। IESP-তে রিলেটেড সার্ভিস (সংশ্লিষ্ট পরিষেবা), স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিস (শিক্ষক সহযোগিতা পরিষেবা), প্যারাপ্রোফেশন্যাল, এবং ট্রান্সপোর্টেশন-এর মতো পরিষেবার সুপারিশ করা হতে পারে।

CSE একটি **রিকোয়েস্ট ফর স্পেশাল এডুকেশন সার্ভিস** (বিশেষ শিক্ষা পরিষেবার অনুরোধ) ফর্ম প্রতি বছর পিতামাতার অর্থে ভর্তি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে প্রেরণ করে। আসন্ন শিক্ষা বছরে তাদের ছেলেমেয়েরা যাতে পরিষেবা লাভ করতে পারে, সেজন্য পিতামাতাকে অবশ্যই ফর্মটি পূরণ করতে ও সংশ্লিষ্ট CSE-তে জমা দিতে হবে। আপনি যদি মনে করেন যে এই ফর্মটি আপনার পাওয়ার কথা ছিল কিন্তু পাননি, অথবা পিতামাতার অর্থে ভর্তি শিক্ষার্থীদের বিষয়ে আপনার কোনও প্রশ্ন থাকলে আপনার CSE-এর সাথে যোগাযোগ করুন।

**ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (LRE)**
আপনার সন্তান যতটুকু সম্ভব উপযুক্ত হবে, প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে লেখাপড়া করবে। এটি আপনার সন্তানের **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE)** হিসেবে পরিচিত। সেসব IEP-যুক্ত শিক্ষার্থী যারা অধিক সময় প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে কাটায়[3]:

- ম্যাথ ও রিডিং টেস্ট-এ উচ্চতর স্কোর লাভ করে;
- স্কুলে স্বল্পতর সংখ্যক দিন অনুপস্থিত থাকে;
- বিঘ্নসৃষ্টিকারী আচরণের জন্য কম সংখ্যক রেফারেল পেয়ে থাকে; এবং
- হাই স্কুল শেষে উন্নততর ফলাফল অর্জন করে।

## IEP-এর উপরিচিত্র

IEP-টি আপনার সন্তানের মূল্যায়ন ও শিক্ষা সংশ্লিষ্ট চাহিদার সাথে সম্পর্কিত বিষয়ে IEP টিমের আলাপ-আলোচনার প্রতিফলন ঘটায়। স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সার্ভিস যাতে এমনভাবে তৈরি করা হয় যাতে তা আপনার সন্তানের অনন্য চাহিদা পূরণ করে, IEP-তে IEP টিমের তেমন সুপারিশ অন্তর্ভুক্ত থাকে।

IEP-তে থাকবে:

**প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ**—13-টি প্রতিবন্ধিতার শ্রেণীর মধ্যে আপনার সন্তানের কোনটি প্রযোজ্য হবে, IEP-তে তা উল্লেখ থাকবে। আরও তথ্যের জন্য 'সেকশন 3: IEP মিটিং'-এ **প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনাম দেখুন।

**বর্তমান কার্যসম্পাদনার স্তর**—এই সেকশন প্রতিবন্ধিতার সাথে সম্পর্কিত ক্ষেত্রগুলোতে আপনার

3 Wagner, M., Newman, L., Cameto, R., Levine, P., and Garza, N. (2006). An Overview of Findings From Wave 2 of the National Longitudinal Transition Study-2 (NLTS2). (NCSER 2006-3004). Menlo Park, CA: SRI International.

সন্তান যেবিষয়গুলোতে ভালো, তার সক্ষমতা, দুর্বলতা, ও চাহিদার ক্ষেত্রগুলো বর্ণনা করে। এর অন্তর্ভুক্ত আছে মূল্যায়নের ফলাফল, শিক্ষায়তনিক সাফল্য, সামাজিক বিকাশ, শারীরিক বিকাশ, এবং ব্যবস্থাপনা চাহিদাসমূহ। আপনার সন্তানের প্রতিবন্ধিতা কীভাবে তার জেনারেল এডুকেশন পাঠ্যক্রমে অগ্রগতিকে প্রভাবিত করে, সেই তথ্যও অন্তর্ভুক্ত করে। এই সেকশনের তথ্য এসেছে আপনার ও স্কুল স্টাফদের করা মূল্যায়ন ও পর্যবেক্ষণ থেকে।



**বিশেষ অবস্থার সাথে সম্বন্ধযুক্ত শিক্ষার্থীর চাহিদা**—এই সেকশনে নিম্নোক্ত বিশেষ বৈশিষ্ট্যসমূহ মোকাবেলার জন্য আপনার সন্তানের বিশেষ কোনও ডিভাইস বা পরিষেবার প্রয়োজন আছে কিনা তা উল্লেখ করে:

- আচরণগত সমস্যাসমূহ
- বহুভাষী শিক্ষার্থীবৃন্দ
- অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব
- বধিরতা বা কানে কম শোনা
- সহায়ক প্রযুক্তি

**পরিমাপযোগ্য উত্তরমাধ্যমিক (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহ**—
যদি আপনার সন্তানের বয়স 14 বা বেশি হয়, তাহলে IEP-তে শিক্ষা বা প্রশিক্ষণ, চাকরি, অথবা স্বনির্ভর জীবনযাপনের দক্ষতার ক্ষেত্রে বিভিন্ন লক্ষ্য অন্তর্ভুক্ত হবে। এসব লক্ষ্য স্থির করায় আপনার সম্পৃক্ততা গুরুত্বপূর্ণ, কারণ এগুলো স্কুলের এবং স্কুল-পরবর্তী জীবনের প্রস্তুতির জন্য আপনার সন্তানের কাজের ভিত্তি তৈরি করে। পরিমাপযোগ্য উত্তরমাধ্যমিক (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহ সম্পর্কে আরো জানতে 'সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন' দেখুন।

**পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ**—পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ সেসব লক্ষ্য যেগুলো তৈরি করা হয় সেসব চাহিদা পূরণের জন্য যেগুলো IEP টিম "বর্তমান কার্যসম্পাদনের স্তর"-এ (প্রেজেন্ট লেভেলস্ অভ পার্ফরমেন্স) শনাক্ত করেছেন। এগুলো হচ্ছে সুনির্দিষ্ট লক্ষ্যসমূহ যা আপনার সন্তান যুক্তিসঙ্গতভাবে একটি বছরে অর্জন করতে পারে। এসব লক্ষ্যসমূহকে হতে হবে *পরিমাপযোগ্য*, এর অর্থ আপনার সন্তান এসব লক্ষ্যসমূহ অর্জন করেছে কিনা, তা অবশ্যই নির্ধারণ করা সম্ভব হতে হবে। আপনার সন্তান যদি **বিকল্প মূল্যায়নে** অংশগ্রহণ করে থাকে, তাহলে লক্ষ্যসমূহকে অবশ্যই স্বল্পমেয়াদি শিক্ষা-নির্দেশনার লক্ষ্য বা বেঞ্চমার্ক হিসেবে ভাগ করতে হবে। যেহেতু আপনার সন্তানের হাই স্কুল পরবর্তী জীবনে উত্তরণের সাথে সম্পর্কযুক্ত, সেহেতু পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্যসমূহ সম্পর্কে আরও জানতে 'সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন' দেখুন।

**পিতামাতাদেরকে অগ্রগতির প্রতিবেদন প্রদান**—কখন অগ্রগতি পরিমাপ করা হবে এবং অগ্রগতি সম্পর্কে আপনাকে কীভাবে জানানো হবে, সেটা IEP-তে উল্লেখ থাকবে।

**সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং পরিষেবাসমূহ**—IEP সেসব প্রোগ্রাম এবং পরিষেবা সুপারিশ করবে যেগুলো আপনার সন্তান গ্রহণ করবে। আরও তথ্যের জন্য নিচে 'স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবাসমূহ' সেকশনটি দেখুন।

**পরীক্ষায় বিশেষ ব্যবস্থা**—পরীক্ষায় বিশেষ ব্যবস্থা হলো একটি পরীক্ষা কাঠামো অথবা পরীক্ষা পরিচালনায় পরিবর্তনের সুপারিশ। এগুলো বাধা অপসারণ করা ও পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি করতে তৈরি করা হয়েছে। আপনার সন্তানের পরীক্ষায় কোনও বিশেষ সুবিধা উপযুক্ত কিনা, এবং যদি হয় তবে কোনগুলো তা নির্ধারণ করতে IEP টিম আপনার সন্তানের স্বতন্ত্র চাহিদাসমূহ বিবেচনা করবে।

**উত্তরণ কর্মকাণ্ডের (ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) সমন্বিত সেট**—এই সেকশনে, IEP টিম আপনার সন্তানের জন্য সেসব কর্মকাণ্ড পরিকল্পনা করবে যেগুলো আপনার সন্তানের হাই স্কুল থেকে স্কুল পরবর্তী জীবনে উত্তরণের প্রতি নিবিষ্ট, যার লক্ষ্য অব্যাহত শিক্ষা, কর্মসংস্থান, এবং/অথবা স্বাধীন জীবন-যাপন। 14 অথবা এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থীদের জন্য, কিংবা প্রযোজ্য হলে এরচেয়ে আগে, তার জন্য IEP টিম এই সেকশনটি পূরণ করবে। উত্তরণ পরিকল্পনা প্রক্রিয়া সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য 'সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন' দেখুন। **উত্তরণ কর্মকাণ্ডের (ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) সমন্বিত সেট** সম্পর্কে আরও তথ্যের জন্য সেকশন 7 দেখুন।

**স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে অংশগ্রহণ**—আপনার সন্তান স্টেট এবং ডিস্ট্রিক্ট-ব্যাপী মূল্যায়নে (অ্যাসেস্‌মেন্টে) অংশগ্রহণ করবে কিনা এবং কীভাবে করবে, তা IEP-এর এই সেকশনটি উল্লেখ করে।

- প্রমিত মূল্যায়নে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য পরীক্ষায় কোনও বিশেষ সুবিধা ব্যবস্থার প্রয়োজন হলে তা IEP-তে তালিকাভুক্ত করা থাকবে।
- যেসব শিক্ষার্থী প্রমিত মূল্যায়নে অংশগ্রহণ করবে না, তাদের জন্য, আপনার সন্তানের অগ্রগতি কীভাবে পরিমাপ করা হবে, নিউ ইয়র্ক স্টেট অলটারনেট অ্যাসেসমেন্ট (NYSAA)-সহ IEP-তে অবশ্যই তা উল্লেখ থাকতে হবে। যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নগুলোতে অংশগ্রহণ করছে, তারা লোকাল (স্থানীয়) বা রিজেন্টস্ ডিপ্লোমার যোগ্য নয়। ডিপ্লোমার শর্ত সংক্রান্ত আরও তথ্যের জন্য 'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীর জন্য গ্র্যাজুয়েশন' দেখুন।

**প্রতিবন্ধী নয় এমন শিক্ষার্থীদের সঙ্গে অংশগ্রহণ**—আপনার সন্তান তার LRE-তে লেখাপড়া করছে, সেটা নিশ্চিত করতে IEP-এর এই অংশ আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের সাথে ক্লাসে এবং স্কুলের অন্যান্য কর্মকাণ্ডে অংশগ্রহণের ব্যাপ্তি নির্ধারণ করে।

**প্রমোশনের শর্ত**—এই সেকশন শুধু গ্রেড 3–8 পর্যন্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য। আপনার সন্তানকে প্রমিত মানদণ্ড, না সংশোধিত মানদণ্ডের ভিত্তিতে ধরা হবে, সেটা নির্দিষ্ট করে দেবে এই সেকশন। প্রোমোশন হলো একটি প্রক্রিয়া যা দিয়ে শিক্ষকগণ নির্ধারণ করেন শিক্ষার্থীরা পরবর্তী গ্রেডে সফল হবার জন্য প্রস্তুত কিনা, এবং যেসব বিষয় জানা এবং দক্ষতা অর্জন প্রয়োজন সেটি হয়েছে কিনা। সংশোধিত প্রমোশনের মানদণ্ড শিক্ষার্থীদেরকে প্রচলিত মানদণ্ডের চাইতে ভিন্ন শর্ত অনুযায়ী পরবর্তী গ্রেডে উত্তীর্ণ হওয়ার সুযোগ দেয়। শুধুমাত্র স্বল্প সংখ্যক IEP-যুক্ত শিক্ষার্থীদের মানদণ্ড সংশোধন করা প্রয়োজন হবে। আপনার সন্তানকে যদি সংশোধিত মানদণ্ডে বিবেচনা করা হয়, তবে তাকে তার IEP-তে উল্লিখিত সাক্ষরতা (লিটারেসি) এবং/অথবা গণিতের (ম্যাথ) বার্ষিক লক্ষ্য অর্জন করতে হবে অথবা প্রমোশনের জন্য এই লক্ষ্যগুলো অর্জনে পর্যাপ্ত অগ্রগতি দেখাতে হবে। যদি সংশোধিত প্রমোশনের মানদণ্ড সুপারিশ করা হয়, তাহলে IEP-তে অবশ্যই সে মানদণ্ডের বর্ণনা দেওয়া থাকতে হবে এবং আপনার সন্তানের কেন সংশোধিত প্রয়োজন, তার কারণ উল্লেখ থাকতে হবে। এটা স্মরণ রাখা গুরুত্বপূর্ণ যে প্রমোশনের মানদণ্ড পরিবর্তন সাময়িক এবং তা হাই স্কুল পর্যায়ে বিদ্যমান নয়।

অতএব, আপনার সন্তানকে হাই স্কুলে সাফল্যের জন্য প্রস্তুত করতে, NYCPS তাকে তার গ্রেড স্তরের শিক্ষণ মান অর্জনের সুযোগ দেয়ার, অংশগ্রহণের, এবং অগ্রগতি লাভের লক্ষ্যে যথাযথ সহায়তা এবং পরিষেবা প্রদান অবশ্যই নিশ্চিত করবে।

**ডিপ্লোমার লক্ষ্য—**আপনার সন্তান যদি একটি ডিপ্লোমা এবং/অথবা কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) অর্জনের লক্ষ্যে কাজ করতে থাকে (যদি তা হয়, তাহলে কোনটি), তাহলে IEP-তে সেটা অবশ্যই উল্লেখ থাকতে হবে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে লভ্য সর্বোচ্চ ডিপ্লোমা অর্জনে অগ্রসর হতে উৎসাহ প্রদান করা হয়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা হাই স্কুল থেকে নিম্নলিখিত ডিপ্লোমা ও ক্রেডেনশিয়াল অর্জন করতে পারে:

***ডিপ্লোমা***

- অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা
- রিজেন্টস্ ডিপ্লোমা
- লোকাল ডিপ্লোমা

***ক্রেডেনশিয়াল***

- ক্যারিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল
- স্কিলস্ অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (SACC)

প্রতিটি ডিপ্লোমা এবং ক্রেডেনশিয়াল বাছাই সংক্রান্ত আরও তথ্যের জন্য 'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য গ্র্যাজুয়েশন' দেখুন।

## স্পেশাল এডুকেশন প্রোগ্রাম এবং সার্ভিস

### কী প্রত্যাশিত: স্কুল-বয়সীদের স্পেশাল এডুকেশন সার্ভিস

IEP টিম, যে টিমের আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, বিবেচনা করবে কীভাবে আপনার সন্তানকে সাহায্য করা যায়, যাতে তাকে যতটুকু উপযুক্ত সম্ভব, প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে শিক্ষাদান করা যেতে পারে। এটি আপনার সন্তানের **ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE)** হিসেবে পরিচিত।

IEP টিম সর্বপ্রথম একটি জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসে বিভিন্ন সহায়তা, এইড, পরিষেবা প্রদানের মাধ্যমে আপনার সন্তানের চাহিদা পূরণ করা যাবে কিনা, তা বিবেচনা করবে। যদি সম্ভব হয়, তবে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) কাঠামোতে একটি প্রোগ্রামে সুপারিশ করা হবে।

যদি IEP টিম নির্ণয় করে যে আপনার সন্তানের চাহিদা জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসে পূরণ করা সম্ভব নয়, এমন কি যথাযথ স্পেশাল এডুকেশন পরিষেবা ও সহায়তা প্রদান করেও, সেক্ষেত্রে অন্যান্য কাঠামো বিবেচনা করা হবে। এগুলোর অন্তর্ভুক্ত থাকতে পারে স্পেশাল ক্লাস বা স্পেশাল স্কুল।

আপনার জানা থাকা উচিৎ যে আপনার সন্তান পাঠ্যক্রম বহির্ভূত ও শিক্ষায়তনিক-নয় এমন কর্মকাণ্ডে প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ করবে। এসব কর্মকাণ্ডে অন্তর্ভুক্ত ফিজিক্যাল এডুকেশন (শরীরচর্চা শিক্ষা) ক্লাস, রিসেস, এবং আফটার স্কুল কর্মকাণ্ড, এবং আরও অনেক কিছু। যেখানেই সম্ভব, আপনার সন্তান সেই একই স্কুলে যাবে যেখানে সে প্রতিবন্ধিতা না থাকলে যেতে পারতো।

IEP টিম ভিন্ন ভিন্ন স্পেশাল এডুকেশন পরিষেবা ও প্রোগ্রামের একটি মিশ্রণ সুপারিশ করতে পারে। আপনার সন্তানের IEP-তে উল্লেখিত বিভিন্ন পরিষেবা ও কর্মসূচি পুরো দিনব্যাপী অভিন্ন নাও হতে পারে। এর স্থলে IEP আপনার সন্তানের জন্য প্রতিটি পাঠ্য বিষয়ে যথাযথ স্তরের সহায়তার সুপারিশ করতে পারে।

### স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS)

স্পেশাল এডুকেশন টিচার সাপোর্ট সার্ভিসেস (SETSS) হচ্ছে বিশেষভাবে ডিজাইনকৃত এবং/অথবা একজন স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) শিক্ষক প্রদত্ত সম্পূরক নির্দেশনা। শিক্ষার্থীদেরকে SETSS-এর মাধ্যমে একজন স্পেশাল এডুকেশন শিক্ষককে দিয়ে জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসরুমে প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষা লাভে ও অগ্রগতি অর্জনে সহায়তা প্রদান করা হয়। SETSS শিক্ষক সরাসরি শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনা প্রদান করতে পারেন। একে "প্রত্যক্ষ" (ডিরেক্ট) SETSS বলা হয়।

# সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT) ক্লাসরুমগুলো উভয় প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করে।

যখন ডিরেক্ট SETSS প্রদান করা হয়, তখন SETSS শিক্ষক যা করতে পারেন:

- আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসে পাঠ্য বিষয়বস্তু সামঞ্জস্য করা, অথবা
- শিক্ষা-নির্দেশনার ভিন্ন পদ্ধতি ব্যবহার করা। এগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে একটি নির্দিষ্ট রিডিং (পড়া) শিক্ষা-নির্দেশনার পদ্ধতি যা জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসে প্রদান করা হয় না, যেমন ভিজুয়াল এইড (দৃষ্টিগ্রাহ্য সহায়তা), অথবা সহজীকৃত শিক্ষা-নির্দেশনা ব্যবহার।

বিকল্পভাবে, স্পেশাল এডুকেশন শিক্ষক আপনার সন্তানের সাথে সরাসরি কাজ না করে আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) শিক্ষকের সাথে কাজ করতে পারেন। সেটা করার সময়, SETSS প্রদানকারী আপনার সন্তানের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) শিক্ষককে আপনার সন্তানের শিক্ষা পরিবেশকে এবং/অথবা শিক্ষকের শিক্ষা-নির্দেশনা পদ্ধতিকে কীভাবে সামঞ্জস্য করতে হবে, সেবিষয়ে গাইড করতে পারেন। একে "পরোক্ষ" (ইনডিরেক্ট) SETSS বলা হয়।

SETSS সুপারিশ করা হলে আপনার সন্তানের IEP-তে যা নির্দেশিত থাকবে:

- কোন্ ক্লাসগুলোতে SETSS প্রদান করা হবে
- **পুনরাবৃত্তি ও সময়সীমা**—প্রতি সপ্তাহে কয়টি পিরিয়ড সার্ভিস প্রদান করা হবে এবং প্রতিটি পিরিয়ডের সময়সীমা। এটি সপ্তাহে মাত্র তিন ঘণ্টা হতে পারে অথবা স্কুল দিবসের 50% সময়জুড়েও হতে পারে।
- **SETSS সার্ভিসের শ্রেণীবিভাগ**—আপনার সন্তানকে এসব পরিষেবা প্রত্যক্ষভাবে প্রদান করা হবে, নাকি জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) শিক্ষকের মাধ্যমে পরোক্ষভাবে প্রদান করা হবে।
- **স্থান**—সেসব সার্ভিস আপনার সন্তানের ক্লাসরুমে নাকি ভিন্ন কোনও স্থানে, কিংবা দুটির সমন্বয়ে প্রদান করা হবে।
- **গ্রুপ বা দলের সাইজ**—আপনার সন্তানকে একা, নাকি গ্রুপের সাথে দেখা হবে। যদি SETSS দলগতভাবে প্রদানের সুপারিশ করা হয়, তাহলে গ্রুপের সর্বোচ্চ আকৃতি আপনার সন্তানের IEP-তে উল্লেখ করা থাকবে। এটা আট জন শিক্ষার্থীর বেশি হতে পারবে না।

## সমন্বিত সহ-শিক্ষকতা (ICT)

সমন্বিত সহ-শিক্ষকতা (ইনটিগ্রেটেড কো-টিচিং, ICT) ক্লাসরুমগুলো উভয় প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করে। ICT ক্লাসরুমে দুইজন শিক্ষক নেতৃত্ব দেন: একজন জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) শিক্ষক এবং একজন স্পেশাল এডুকেশন শিক্ষক। পুরো ক্লাস জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রমে অংশগ্রহণ করতে পারছে তা নিশ্চিত করতে শিক্ষকগণ একসাথে কাজ করেন এবং শিক্ষা-নির্দেশনা সামঞ্জস্য ও পরিবর্তন করতে সহযোগীতা করেন।

একটি ICT ক্লাসরুমে IEP আছে এমন শিক্ষার্থীর সংখ্যা ক্লাস রেজিস্টারের শিক্ষার্থী সংখ্যার 40% বা কম হবে, সর্বোচ্চ 12 জন IEP-যুক্ত শিক্ষার্থী থাকবে।

যদি ICT সুপারিশ করা হয়, তাহলে যে পাঠ্য বিষয় (যেমন গণিত, ELA, বা বিজ্ঞান) ICT মডেলে প্রয়োগ করা হবে, আপনার সন্তানের IEP তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবে।

## স্পেশাল ক্লাস সার্ভিস

স্পেশাল ক্লাসগুলো হলো এমন ক্লাস যেগুলো শুধু প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের দেয়া হয়। যেসব শিক্ষার্থীর চাহিদা জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) ক্লাসরুমে স্পেশাল এডুকেশন পরিষেবা দিয়ে পূরণ করা যায় না, তাদেরকে স্পেশাল ক্লাস পরিষেবা দেয়। একজন শিক্ষার্থীর জন্য কিছু শিক্ষা-নির্দেশনার ক্ষেত্রে কিংবা সকল শিক্ষা-নির্দেশনার ক্ষেত্রে স্পেশাল ক্লাস পরিষেবাসমূহের জন্য সুপারিশ করা হতে পারে। এই সুপারিশ নির্ভর করবে নির্দিষ্ট শিক্ষার্থীর চাহিদার উপর।

স্পেশাল ক্লাসে অনুরূপ শিক্ষাগত চাহিদা আছে, এমন শিক্ষার্থীদের অবশ্যই দলভুক্ত করতে হবে। ক্লাসগুলোতে

একই প্রতিবন্ধিতাযুক্ত বা ভিন্ন ভিন্ন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী থাকতে পারে, যতক্ষণ পর্যন্ত তাদের ক্রিয়াশীলতার স্তর হয় সমরূপ। এর অর্থ একটি স্পেশাল ক্লাসের শিক্ষার্থীদের নিম্নোক্তগুলোতে স্তর একই হবে:

- বিভিন্ন শিক্ষায়তনিক ও শেখার বৈশিষ্ট্য
- শারীরিক বিকাশ
- ব্যবস্থাপনা চাহিদাসমূহ

***স্পেশাল ক্লাসের স্টাফদের সংখ্যা***

স্পেশাল ক্লাসগুলোতে স্টাফদের সংখ্যার স্তর ভিন্ন ভিন্ন হয়। এসব স্তর নিশ্চিত করা হয় শিক্ষার্থীর শিক্ষায়তনিক এবং/অথবা ব্যবস্থাপনা চাহিদা অনুযায়ী। স্টাফদের সংখ্যার অনুপাত IEP-তে লিখা থাকে শিক্ষার্থী সংখ্যা অনুপাত শিক্ষকদের সংখ্যা অনুপাত প্যারাপ্রফেশন্যালদের অনুপাত অনুযায়ী। উদারহণস্বরূপ, যদি বারোজন শিক্ষার্থীকে পরিষেবা দেন একজন স্পেশাল এডুকেশন টিচার এবং একজন প্যারাপ্রফেশন্যাল, তাহলে সেটাকে দেখানো হবে 12:1+1 হিসেবে।

***ক্লাসরুমের প্যারাপ্রফেশন্যালগণ***

কিছু (কিন্তু সবগুলো নয়) স্পেশাল ক্লাস আছে যেগুলোতে এক বা একাধিক ক্লাসরুম-প্যারাপ্রফেশন্যাল থাকেন। একজন ক্লাসরুম-প্যারাপ্রফেশন্যাল একজন ক্লাসরুমের শিক্ষকের সাধারণ তত্ত্বাবধান এবং নির্দেশনার অধীনে শিক্ষা-নির্দেশনা পরিষেবা, শারীরিক সহায়তা, এবং/অথবা আচরণগত সহায়তা প্রদান করতে পারেন।

স্পেশাল ক্লাসের প্রোগ্রামের ধরণের উপর নির্ভর করে, ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল যা করতে পারেন:

- ক্লাসরুমের শিক্ষকের দেয়া রূপরেখা অনুযায়ী একজন শিক্ষার্থী অথবা একটি শিক্ষার্থীদের গ্রুপকে শিক্ষা-নির্দেশনা দিতে পারেন;
- শিক্ষার্থীদেরকে একটি কর্মকাণ্ড থেকে আরেকটিতে স্থানান্তর করতে সহায়তা করবেন (যেমন ক্লাসের অভ্যন্তরে; স্কুলব্যাপী আগমন এবং প্রত্যাগমনে; ক্যাফেটেরিয়াতে ও ক্লাসরুমগুলোর মধ্যে যাওয়া আসায়);
- শিক্ষার্থীদের যথাযথ আচরণে সহায়তা করা, এবং/অথবা
- টয়লেট ব্যবহারে প্রশিক্ষণ এবং/অথবা টয়লেট ব্যবহারে সহায়তা।

## উল্লেখযোগ্য প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত বা স্পেশালাইজড পাবলিক স্কুলসমূহ (ডিস্ট্রিক্ট 75 স্কুলসমূহ)

ডিস্ট্রিক্ট 75 হলো NYCPS-এর মাঝে একটি বিশেষায়িত ডিস্ট্রিক্ট যা আরও নিবিড় এবং/অথবা বিশেষায়িত ধরনের সহায়তার চাহিদাযুক্ত শিক্ষার্থীদের তা প্রদান করে। ডিস্ট্রিক্ট 75-এর প্রোগ্রামগুলো নিউ ইয়র্ক সিটি জুড়ে অবস্থিত। কিছু ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রাম স্কুলগুলোতে অবস্থিত যেগুলো প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদেরও পরিষেবা দেয়। অন্যান্য ডিস্ট্রিক্ট 75 প্রোগ্রাম এমন বিল্ডিংগুলিতে অবস্থিত যেগুলো শুধুমাত্র IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়। ডিস্ট্রিক্ট 75-এ ব্যাপক পরিসরে বিবিধ কাঠামো রয়েছে। LRE-এর শর্তাবলীর অনুবর্তী হয়ে শিক্ষার্থীরা উল্লেখিত স্থানে ডিস্ট্রিক্ট 75-এর পরিষেবাসমূহ পেতে পারে:

- সাধারণ শিক্ষার (জেনারেল এডুকেশন) ক্লাসরুমসমূহ
- কমিউনিটি স্কুল বিল্ডিংগুলোতে অবস্থিত স্পেশাল ক্লাসসমূহ
- বিশেষায়িত বা স্পেশালাইজড স্কুলের স্পেশাল ক্লাসসমূহ
- হাসপাতাল বা বাড়ি

আপনার সন্তানের জন্য যথোপযুক্ত প্রোগ্রাম ও ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা IEP টিম নির্ধারণ করবে।

ডিস্ট্রিক্ট 75 ক্লাসগুলো উল্লেখযোগ্য শ্রুতি ও দৃষ্টি বৈকল্য আছে এমন শিক্ষার্থীদের সহায়তা প্রদান করতে পারে। এসব ক্লাসের বিশেষায়িত (স্পেশালাইজড) সরঞ্জাম ও পরিষেবার ব্যবস্থা আছে যা ক্লাসরুমে সারা দিনব্যাপী সমন্বিত করা যেতে পারে। এসব সমস্যা আক্রান্ত শিক্ষার্থীদেরকে অডিওলজি, অ্যাসিস্টিভ টেকনলজি, সাইন ল্যাঙ্গুয়েজে দোভাষী এবং মবিলিটি (চলাফেরা) পরিষেবা, ইত্যাদি পরিষেবার দ্বারা সহায়তা করা হতে পারে। শিক্ষা-নির্দেশনা উপকরণসমূহ এমন কাঠামোতে দেয়া হবে যা শিক্ষার্থীর জন্য বোধগম্য হবে, যেমন ব্রেইল। যেসব শিক্ষার্থীর দৃষ্টি ও শ্রবণ সমস্যা এত মারাত্মক নয় এমন নিবিড় প্রোগ্রাম প্রয়োজন, তারা তাদের জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা),

সহ-শিক্ষকতা, কিংবা কমিউনিটি-ভিত্তিক বিন্যাসে এসব সহায়তা পরিষেবা লাভ করবে।

যেসব শিক্ষার্থী কোনো স্কুল ব্যবস্থায় মারাত্মক উদ্বেগে আক্রান্ত হয় (যাদের স্কুল-ভীতি আছে) এবং যেসব শিক্ষার্থীর শারীরিক কিংবা মানসিক সমস্যার কারণে হাসপাতাল অথবা বাড়িতে সাময়িক ও দীর্ঘ-মেয়াদী শিক্ষা-নির্দেশনা প্রয়োজন, ডিস্ট্রিক্ট 75-এর প্রোগ্রামগুলো তাদেরকে সহায়তা দিতে পারে।

## সংশ্লিষ্ট পরিষেবাসমূহ (রিলেটেড সার্ভিস)


প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সকল শিক্ষার্থীদের শিক্ষাগত লক্ষ্য অর্জনে সক্ষমতা বৃদ্ধির জন্য সুপারিশ করা হয়। নিচে সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) দুটি উদাহরণ দেয়া হলো:

**কাউন্সেলিং**, শিক্ষাক্ষেত্রে বিঘ্ন সৃষ্টিকারী আচরণ শনাক্ত ও পরিবর্তন করতে শিক্ষার্থীদের সহায়তা করে। যেসব শিক্ষার্থীর সামাজিক-মানসিক সমস্যা রয়েছে যা বয়স্কদের বা সহপাঠীদের সাথে যথোপযুক্ত ভাববিনিময় করতে না পারা, নিজেকে গুটিয়ে নেওয়া, উন্মাদনা, আত্মবিশ্বাসের অভাব, কিংবা পরিস্থিতির সাথে খাপ-খাওয়ানর দক্ষতার অভাবসহ শিক্ষাক্ষেত্রে উল্লেখযোগ্য বিঘ্ন সৃষ্টি করে, তাদের জন্য কাউন্সেলিং সুপারিশ করা হয়।

**হিয়ারিং এডুকেশন সার্ভিস** (শ্রবণ সমস্যাগ্রস্তদের জন্য শিক্ষা পরিষেবা) বধির বা শ্রুতি-বৈকল্য শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। যেসব শিক্ষার্থী শ্রবণ-সমস্যাগ্রস্ত হিসেবে প্রমাণ উপস্থাপন করে তাদেরকে একজন সনদপ্রাপ্ত (সার্টিফিকেটধারী) 'ডেফ অ্যান্ড হার্ড অভ হিয়ারিং'-এর (বধির ও শ্রবণসমস্যাগ্রস্তদের) শিক্ষক পরিষেবা প্রদান করেন। এই বৈকল্য তাদের শিক্ষাগত সুযোগ গ্রহণে ও কার্যসম্পাদনায় বিঘ্ন সৃষ্টি করে। শিক্ষার্থীদের ভাষাগত অগ্রগতি, সামাজিক দক্ষতা, শোনার ও পাঠোদ্ধারের জন্য অডিটরি মেমোরি (শুনে মনে রাখা) বৃদ্ধির জন্য কৌশল শেখানো হয়। যেসব শিক্ষার্থী ব্যক্তিগত হিয়ারিং এইড ব্যবহার করেন, তাদেরকে শিক্ষা-নির্দেশনা গ্রহণের সুযোগ দিতে শ্রবণ সহায়ক প্রযুক্তির (হিয়ারিং অ্যাসিস্টিভ টেকনলজি, HAT) সাথে সংযোগ দেয়া হয়, যাতে তারা শিক্ষা-নির্দেশনা গ্রহণের সুযোগ পায়। শ্রবণ সহায়ক প্রযুক্তির (হিয়ারিং অ্যাসিস্টিভ টেকনলজি, HAT) অডিওলজিস্টগণ এই প্রযুক্তি বিতরণ ও পর্যবেক্ষণ করেন।

**অকুপেশনাল থেরাপি (OT)** শিক্ষার্থীদেরকে স্কুল-ভিত্তিক খাপ খাইয়ে নিতে ও কার্যক্ষমতার দক্ষতা বাড়াতে সহায়তা করে। এগুলোতে অন্তর্ভুক্ত সুক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা; ক্লাসরুমের দায়িত্ব পালনে সক্ষমতা ও বিঘ্নহীন চলাচল; কার্যকর সংবেদক সুক্ষ্ম পেশী সঞ্চালন দক্ষতা; এবং হুইলচেয়ার নিয়ন্ত্রণসহ দৈনন্দিন জীবনযাপনমূলক বিভিন্ন কর্মকাণ্ড। যখন শিক্ষার্থীর পরিবেশের সাথে খাপ খাওয়ানোর, প্রদত্ত কাজের রূপান্তরের, কিংবা প্রাত্যহিক জীবন ও স্কুলের কর্মকাণ্ডে অংশগ্রহণের ও সাফল্য বৃদ্ধির জন্য অন্যান্য দক্ষতা আয়ত্ত করার প্রয়োজন হয়, তখন OT সুপারিশ করা হয়। লক্ষ্য করবেন যে, OT পেতে একটি চিকিৎসাগত প্রেসক্রিপশন আবশ্যক। মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে OT বিবেচনা করা হলে আপনাকে তখন একটি প্রেসক্রিপশন সংগ্রহ করতে বলা হতে পারে।

**ফিজিক্যাল থেরাপি (PT)** শিক্ষার্থীদেরকে তাদের শারীরিক ক্রিয়াশীলতার ক্ষমতা বৃদ্ধিতে এবং স্কুলে সহজ স্থানান্তরে সহায়তা করে। PT, বৃহৎ পেশী সঞ্চালন দক্ষতার উন্নয়ন, সচলতা, ভারসাম্য এবং ক্লাসরুম, জিম, বাথরুম, প্লেগ্রাউন্ড, এবং সিঁড়ির মতো স্কুলের বিভিন্ন কাঠামোয় সমন্বয়সাধনের প্রতি নিবিষ্ট হতে



পারে। শিক্ষার্থীদেরকে হেঁটে, হুইলচেয়ারে কিংবা অন্য কোনও মাধ্যম ব্যবহার করে স্কুলের বিভিন্ন এলাকায় যাতায়াতে সহায়তা করার জন্য PT সুপারিশ করা হতে পারে। কোনও শিক্ষার্থীর ক্লাসরুমের বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণে সহায়তা প্রদানে (অন্য কথায়, শিক্ষার্থীকে ক্লাসরুমের অভ্যন্তরে অংশগ্রহণে ও চলাফেরায় সহায়তা প্রদান করা) সুপারিশ করা হতে পারে। এটা কোনও শিক্ষার্থীকে লাঞ্চরুম, প্লেগ্রাউন্ড, বাথরুম এবং/অথবা পরিবহন ব্যবস্থায় যাতায়াতে সহায়তা প্রদানের জন্যেও সুপারিশ করা হতে পারে। লক্ষ্য করবেন যে, PT পেতে একটি চিকিৎসাগত প্রেসক্রিপশন আবশ্যক। মূল্যায়ন প্রক্রিয়া চলাকালে PT বিবেচনা করা হলে আপনাকে তখন একটি প্রেসক্রিপশন সংগ্রহ করতে বলা হতে পারে।

**স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি** শিক্ষার্থীদের শিক্ষায়তনিক ও সামাজিক পরিস্থিতিসমূহে স্কুলের পরিবেশ জুড়ে লিসেনিং (শুনে বোঝা), স্পিকিং (বলা), রিডিং (পড়ে বোঝা) এবং রাইটিং (লেখা) দক্ষতা উন্নয়নে সহায়তা করে। কোনও শিক্ষার্থীকে স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি সুপারিশ করা হয় যখন এ ধরনের পরিষেবা শিক্ষার্থীর শিক্ষায়তনিক ও সামাজিক পরিস্থিতিসমূহে লিসেনিং (শুনে বোঝা), স্পিকিং (বলা), রিডিং (পড়ে বোঝা), এবং রাইটিং-এর (লেখা) দক্ষতা উন্নয়নে সহায়তার জন্য প্রয়োজন হয়। থিরাপিস্টগণ বিভিন্ন যোগাযোগ-দক্ষতার প্রতি মনোনিবেশ করেন, যেমন:

- অনুধাবন (নির্দেশনা অনুসরণ করা, লেখা বুঝতে পারা),
- ভাষা (শব্দের অর্থ, বিভিন্ন শব্দ দিয়ে বাক্য/বাক্যাংশ গঠন, সঠিক ব্যাকরণ ব্যবহার),
- স্পষ্টতা (ধ্বনি),
- কণ্ঠ (ধ্বনি সৃষ্টির জন্য কণ্ঠের ব্যবহার),
- প্রায়োগিক (সামাজি ভাষা), এবং
- সাবলিলতা (কথার ছন্দ)।

**দৃষ্টি সম্পর্কিত শিক্ষা পরিষেবা (ভিশন এডুকেশন সার্ভিসেস)** দৃষ্টি প্রতিবন্ধিত্ব আছে এমন শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনায় সহায়তা প্রদান করে। শিক্ষার্থীদের শিক্ষায়তনিক, সামাজিক, কারিগরি, জীবনযাপন, সাক্ষরতা এবং তথ্য-সংগ্রহের দক্ষতা অর্জনে সহায়তা করতে এসব পরিষেবা স্পর্শানুভূতি, দৃষ্টি, এবং শ্রবণ-সংশ্লিষ্ট কৌশল ব্যবহার করে। কোনও শিক্ষার্থী, যার দৃষ্টিক্ষমতা এতোটাই দুর্বল যে ক্লাসরুমে সক্রিয় হতে হলে তার সহায়ক উপকরণ এবং/অথবা খাপ খাইয়ে নেয়ার প্রক্রিয়ার প্রয়োজন তাকে ভিশন এডুকেশন (দৃষ্টি সম্পর্কিত শিক্ষা) সুপারিশ করা হতে পারে।

**ওরিয়েন্টেশন অ্যান্ড মবিলিটি সার্ভিস** কোনো শিক্ষার্থীকে স্কুলের বিন্যাসের অভ্যন্তরে নিরাপদে



চলাফেরা করতে শেখায়। একজন শিক্ষার্থী কোথায় আছে, কোথায় যাবে, এবং কীভাবে সেখানে নিরাপদে যেতে পারবে, এসব পরিষেবা তাদেরকে সেটা শিখতে সহায়তা করে।

## সংশ্লিষ্ট পরিষেবাসমূহ (রিলেটেড সার্ভিস) সুপারিশকরণ

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশের উপযোগী সংশ্লিষ্ট পরিষেবা দেয়া উচিত, এবং সম্ভব হলে স্কুলকে সেগুলো ক্লাসরুমের সাথে সমন্বিত করা উচিৎ। শিক্ষা-নির্দেশনার লক্ষ্যে সহায়তার জন্য সেগুলোকে আপনার সন্তানের শিক্ষক, অন্যান্য শিক্ষা-নির্দেশনামূলক কর্মীগণ, এবং পিতামাতা হিসেবে আপনার সঙ্গে ঘনিষ্ঠভাবে সমন্বয় করতে হবে। যদি আপনার সন্তানের জন্য সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রযোজ্য হয়, তাহলে সেগুলো আপনার সন্তানের IEP-তে সুপারিশ করা হবে। IEP-তে অন্তর্ভুক্ত হবে:

- **পুনরাবৃত্তি ও সময়সীমা**—প্রতি সপ্তাহে কয়টি অধিবেশন সার্ভিস প্রদান করা হবে এবং প্রতিটি অধিবেশনের সময়সীমা।
- **সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) ধরন**—যেমন, ফিজিক্যাল থেরাপি, অকুপেশন্যাল থেরাপি, অথবা স্পিচ/ল্যাঙ্গুয়েজ থেরাপি।
- **স্থান**—সেসব সার্ভিস আপনার সন্তানের ক্লাসরুমে নাকি ভিন্ন কোনও স্থানে, কিংবা দুটির সমন্বয়ে প্রদান করা হবে।
- **গ্রুপের আকৃতি**—আপনার সন্তানকে একা, নাকি গ্রুপের সাথে দেখা হবে, এবং গ্রুপে দেখা হলে কতজন শিক্ষার্থী গ্রুপে থাকবে।

### ক্লাসরুমে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) সমন্বিত করলে সকল শিক্ষার্থী উপকৃত হতে পারে

যখন ক্লাসরুমে সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদান করা হয়, তখন যেসব শিক্ষার্থীকে স্বতন্ত্রভাবে পরিষেবা-প্রাপ্তরাই নয়, পুরো ক্লাসই উপকৃত হয়।

**শিক্ষার্থীর জন্য বিভিন্ন উপকারিতাসমূহ:**

- ক্লাসরুমের কর্মকাণ্ডগুলো মিস্ হবে না
- স্বাভাবিক পরিবেশে দক্ষতা অনুশীলনের বেশি সুযোগ
- থেরাপিস্ট কৌশলগুলোর কার্যকারিতা নজরদারি করতে পারবেন
- সামাজিক গ্রহণযোগ্যতা, আত্মমর্যাদাবোধ এবং সামাজিক দক্ষতা গড়ে তোলে
- থেরাপিস্টদের কৌশল বাস্তবায়ন করতে দেখার পর শিক্ষকগণ সেগুলো প্রয়োগ করতে পারেন

**পুরো ক্লাসের জন্য উপকারিতাসমূহ:**

- প্রতিবন্ধিতাযুক্ত ও প্রতিবন্ধিতাহীন উভয় শিক্ষার্থীদের জন্য বর্ধিত সাফল্য
- বর্ধিত মনোযোগ
- বর্ধিত কাজের প্রতি মনোনিবেশ আচরণ
- ক্লাসরুমে অধিকতর কার্য-সম্পাদনা
- প্রমিত পরীক্ষাসমূহে অধিকতর কার্য-সম্পাদনা



রিসোর্স/উদ্ধৃতি: McWilliam & Scott 2001; Kennedy, Shuka & Fryxell 1997; Mu,. Siegal & Allinder 2000; Kennedy & Itkonen 1994; Hughes 2001; Oriel, George, Peckus & Semon.

### সহায়ক প্রযুক্তির সরঞ্জামসমূহ (অ্যাসিস্টিভ টেকনোলজি ডিভাইস) এবং/অথবা পরিষেবাসমূহ

অ্যাসিস্টিভ টেকনলজি (AT) হলো যে কোন সরঞ্জাম, যন্ত্রপাতি, কিংবা পণ্য ব্যবস্থা যা শিক্ষার্থীর কর্মক্ষমতা বৃদ্ধি করে। লো-টেক ডিভাইসগুলোর মধ্যে আছে গ্রাফিক অর্গানাইজার, স্ল্যান্ট বোর্ড, ম্যানিপুলেটিভস্ (হাতে-কলমে, পারস্পরিক ক্রিয়াশীল গণিত উপকরণ ইত্যাদি)  এবং অন্যান্য। হাই-টেক ডিভাইসগুলোর মধ্যে থাকতে পারে ট্যাবলেট ও প্রাসঙ্গিক সফটওয়্যার যা শিক্ষার্থীদেরকে ভাববিনিময়ে ও প্রদত্ত কাজ সম্পাদনে সক্ষম করে। শিক্ষার্থীদেরকে অ্যাসিস্টিভ টেকনোলজি (AT) ডিভাইসগুলো ব্যবহার শেখানোর প্রশিক্ষণ ও সহায়তার মতো AT পরিষেবাগুলো সুপারিশ করা হতে পারে।

যদি সহায়ক প্রযুক্তি (অ্যাসিস্টিভ টেকনলজি) প্রয়োজন হয়, তাহলে শিক্ষার্থীকে প্রথমে মূল্যায়ন করতে হবে। তারপর IEP টিম শিক্ষার্থীর জন্য উপযুক্ত কোনো নির্দিষ্ট সহায়ক প্রযুক্তি (অ্যাসিস্টিভ টেকনলজি) ডিভাইস বা সার্ভিস নির্ধারণ করবে।

### *একজন শিক্ষার্থীর স্বতন্ত্র চাহিদা পূরণের জন্য সহায়ক প্রযুক্তি (অ্যাসিস্টিভ টেকনলজি) ধার্য হয়*

| বিষয় | শিক্ষার্থীর সমস্যা | সম্ভাব্য AT সমাধানসমূহ* | |
|---|---|---|---|
| **ম্যাথ (গণিত)** | গাণিতিক সমস্যা সমাধান, সাজানো, সমন্বয়, এবং কাগজে লেখা | টকিং (কথা বলা) ক্যালকুলেটর, অভিযোজিত গ্রাফিক পেপার, ম্যানিপুলেটিভ, সফটওয়্যার |   |
| **রাইটিং (লেখা)** | লেখা বা বানান করা, শব্দ ব্যবহার, সাজানোর জন্য শারীরিক সক্ষমতায় সমস্যা | ওয়ার্ড প্রসেসর, স্ল্যান্ট বোর্ড, অভিযোজিত কী-বোর্ড/ট্যাবলেট, সফটওয়্যার |  |
| **রিডিং (পড়ে বোঝা)** | পাঠোদ্ধারে, সাবলীলভাবে পড়া, অথবা অনুধাবনে সমস্যা | রিডিং পেইন (লেখা বড় করা), হাইলাইট করা পাঠ্য, ডিজিটাল বই, কম্পিউটার/ট্যাবলেট, সফটওয়্যার |   |
| **যোগাযোগ** | ননভার্বাল (মুক) বা স্পষ্টভাবে কথা বলতে সমস্যা | কমিউনিকেশন বুক, স্পিচ-জেনারেটিং (লেখা থেকে কথায় রূপান্তর করা) ডিভাইস, পিকচার কমিউনিকেশন (ছবি দিয়ে ভাববিনিময়) সিস্টেম, ভয়েস আউটপুট (কণ্ঠস্বর প্রকাশ করা) ডিভাইস |  |
| **স্মৃতি/সংগঠন** | তাদের ক্যালেন্ডার/সময়সূচি/কর্মতালিকা পরিকল্পনা করা, সাজানো, এবং হিসেব রাখায় সমস্যা | গ্রাফিক (সচিত্র) অর্গ্যানাইজার, সফটওয়্যার |  |
| **লিসেনিং (শুনে বোঝা)** | মৌখিক ভাষা বুঝতে ও স্মরণ রাখতে সমস্যা | ডিজিটাল রেকর্ডার, FM ইউনিট |  |

* যেসব ডিভাইস পাওয়া সম্ভব, উপরে প্রদর্শিতগুলো হলো তার কিছু নমুনা এবং তা শুধু উদাহরণ হিসেবে দেয়া হয়েছে।

সহায়ক প্রযুক্তি (অ্যাসিস্টিভ টেকনলজি) সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন - https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/assistive-technology

## ডিস্ট্রিক্ট 1–32 স্কুলগুলোতে বিশেষায়িত কর্মসূচিসমূহ (স্পেশালাইজড্ প্রোগ্রাম)

অটিজম (অটিজম্ স্পেক্ট্রাম ডিসঅর্ডার; বা ASD হিসেবেও পরিচিত), বুদ্ধি প্রতিবন্ধিতাযুক্ত (ইন্টেলেকচুয়াল ডিস্যাবিলিটি, ID) শিক্ষার্থী, এবং প্রতিবন্ধিতাযুক্ত ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার)/বহুভাষীক শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার) (ELL/MLL) সহ—অধিকাংশ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে—তাদের ডিস্ট্রিক্টের স্কুলগুলোতে সবচেয়ে ভালো পরিষেবা দেয়া হয়। তবে, কিছু কিছু শিক্ষার্থীর জন্য, একটি বিশেষায়িত (স্পেশালাইজ) ক্লাস অথবা প্রোগ্রাম উপযুক্ত হতে পারে। যেসব স্কুলে স্পেশাল এডুকেশন সহায়তা এবং পরিষেবা বর্তমানে নেই, সেগুলোকে স্পেশালাইজড প্রোগ্রাম হিসেবে বিবেচনা করা হয়। প্রতিটি প্রোগ্রাম সম্পর্কে আরও তথ্যের এবং প্রয়োজনীয় অ্যাপ্লিকেশন ডাউনলোড করার জন্য, দেখুন - https://www.schools.nyc.gov/special-education/school-settings/specialized-programs/

### বিশেষায়িত বা স্পেশালাইজড প্রোগ্রামগুলোতে অন্তর্ভুক্ত আছে:

**ACES (অ্যাকাডেমিকস্, ক্যারিয়ার, এবং এসেনশিয়াল স্কিলস্) বুদ্ধি প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম**—বুদ্ধি প্রতিবন্ধিতাযুক্ত (ID) হিসেবে চিহ্নিত করা হয়েছে এবং NYSAA-সহ বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে, সে ধরনের কিছু শিক্ষার্থীদের জন্য কমিউনিটি স্কুলে এমন একটি স্পেশাল ক্লাস বা প্রোগ্রাম। এই প্রোগ্রামের জন্য বিবেচিত হতে হলে আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। আরও তথ্যের জন্য যোগাযোগ করুন acesprograms@schools.nyc.gov।

**ASD নেস্ট**—সকল বা অধিকাংশ পাঠ্য বিষয়ে শিক্ষায়তনিকভাবে গ্রেড স্তরে অথবা উচ্চতর স্তরের গ্রেড অর্জনকারী অটিজমযুক্ত শিক্ষার্থীদের জন্য একটি হ্রাসকৃত শিক্ষার্থী সংখ্যক ICT ক্লাস কাঠামো। এই প্রোগ্রামের জন্য বিবেচিত হতে হলে আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। আরও তথ্যের জন্য যোগাযোগ করুন asdprograms@schools.nyc.gov।

**ASD হরাইজন**—সাধারণত একটি স্পেশাল ক্লাস যেখানে সর্বোচ্চ 8 (আট) জন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী থাকে যারা গ্রেড-স্তরের মান অর্জনের জন্য কাজ করে, কিন্তু স্কুল দিবস চলাকালে তাদের স্বতন্ত্র সহায়তার প্রয়োজন হয়। এই প্রোগ্রামের জন্য বিবেচিত হতে হলে আপনাকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে। আরও তথ্যের জন্য যোগাযোগ করুন asdprograms@schools.nyc.gov।

**বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন (BSE)**—এটি একটি স্পেশালাইজড্ প্রোগ্রাম যা একটি ইনটিগ্রেটেড কো-টিচিং বা ইংরেজি-ভিন্ন অন্য কোনও ভাষায় স্পেশাল ক্লাসের প্রয়োজন, এমন কোনও শিক্ষার্থীর জন্য IEP টিম এটা সুপারিশ করতে পারে। এই কর্মসূচিগুলির উদ্দেশ্য হলো ELL/MLL-দের সহায়তা দেয়া যারা সাংস্কৃতিক এবং ভাষাগত চাহিদা পূরণে সক্ষম শিক্ষা-নির্দেশনা থেকে লাভবান হয় যা জ্ঞানগত, শিক্ষায়তনিক, এবং ভাষাগত চাহিদা পূরণ করে। দ্বিভাষিক স্পেশাল এডুকেশন সম্পর্কে আরও তথ্যের জন্য bseprograms@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

## অতিরিক্ত বিন্যাস

### নিউ ইয়র্ক স্টেটের সহায়তাপ্রাপ্ত স্কুলসমূহ

বধির, অন্ধ বা যাদের মারাত্মক মানসিক বা শারীরিক প্রতিবন্ধিতা রয়েছে এবং IEP টিম যাদেরকে এই ধরনের পরিষেবার জন্য যোগ্য বলে নির্ধারণ করেছে, স্টেটের সহায়তাপ্রাপ্ত স্কুলগুলো তাদেরকে নিবিড় স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদান করে। যেসব ছেলেমেয়ের 24 ঘণ্টার সহযোগিতা প্রয়োজন, তাদের জন্য কিছু কিছু স্টেট-সমর্থিত স্কুল পাঁচ দিনের আবাসিক সেবা প্রদান করে।

### নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক (বেসরকারি) স্কুল (দিবা)

এই স্কুলগুলো সেসব ছেলেমেয়েকে পরিষেবা দিয়ে থাকে যাদের নিবিড় শিক্ষাগত চাহিদা সরকারি স্কুলের কর্মসূচি দ্বারা পূরণ করা সম্ভব নয়। স্টেট এডুকশন ডিপার্টমেন্ট (SED) অনুমোদিত স্কুলগুলোয় শুধু প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা অংশগ্রহণ করে, এবং এরফলে এগুলো প্রতিবন্ধিতাহীন শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষালাভের কোনও সুযোগ দেয় না। SED-অনুমোদিত নন-পাবলিক (বে-সরকারি) স্কুল আপনার সন্তানকে শুধু তখনই গ্রহণ করতে পারে যখন স্কুলটি তার IEP-তে সুপারিশকৃত পরিষেবা প্রদানে সক্ষম হয়।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক স্কুল-এ সুপারিশ করার আগে IEP টিমকে অবশ্যই বেছে নেয়ার জন্য পাবলিক স্কুলগুলোতে বিদ্যমান সকল সুযোগ-সুবিধাসমূহ বিবেচনা করতে হবে। যদি IEP টিম আপনার সন্তানকে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক স্কুলে যেতে সুপারিশ করে, তাহলে একটি উপযুক্ত স্কুল আপনার সন্তানের জন্য খুঁজে বের করতে কেন্দ্রীয় ভিত্তিক সহায়ক দল (সেন্ট্রাল বেজড্ সাপোর্ট টিম, CBST) আপনার সাথে কাজ করবে এবং আপনাকে ভর্তির শর্তাবলী বুঝতে সহায়তা করবেন।

## নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক (বেসরকারি) স্কুল (আবাসিক)

আবাসিক স্কুল কাঠামো এমন ব্যবস্থা যা ক্লাসরুমে নিবিড় প্রোগ্রাম এবং দিনে 24 ঘণ্টা জুড়ে স্কুল এলাকায় একটি শৃঙ্খলাবদ্ধ আবাসিক পরিবেশ প্রদান করে। এই প্রোগ্রাম সেসব ছেলেমেয়েদের জন্য যাদের শিক্ষাগত চাহিদা এত ব্যাপক যে তাদের প্রতি 24 ঘণ্টা লক্ষ্য রাখা আবশ্যক। যদি এটা নির্ধারণ করা হয়ে থাকে যে একটি আবাসিক বিন্যাস আবশ্যক, তাহলে NYCPS-কে স্টেটের বাহিরের স্কুলের কথা বিবেচনা করার আগে প্রথমে স্টেট-অভ্যন্তরে লভ্য প্রতিষ্ঠানগুলোকে বিবেচনা করতে হবে। যদি IEP টিম আপনার সন্তানকে আবাসিক স্কুলে যেতে সুপারিশ করে, তাহলে একটি উপযুক্ত স্কুল আপনার সন্তানের জন্য খুঁজে বের করতে CBST আপনার সাথে কাজ করবে এবং আপনাকে ভর্তির শর্তাবলী বুঝতে সহায়তা করবে।

## বাড়িতে এবং হাসপাতালে শিক্ষা-নির্দেশনা

শিক্ষার্থীরা যখন দীর্ঘ সময় ধরে (দুই সপ্তাহ বা অধিক) স্কুলে যেতে অপারগ হয়, তখন বাড়ি ও হাসপাতালে শিক্ষা-নির্দেশনা প্রোগ্রাম শিক্ষার্থীদেরকে তাদের লেখাপড়া চালিয়ে যেতে সহায়তা দেয়। বাড়িতে এবং হাসপাতালে শিক্ষা-নির্দেশনার উদ্দেশ্য পূর্ণ শিক্ষায়তনিক প্রোগ্রাম দেয়া নয়, এবং সেটা বাধ্যতামূলক নয় এমন সব কোর্সের অপশনগুলোতে সীমিত হতে পারে। শিক্ষা-নির্দেশনা ও পরিষেবা অব্যাহত রাখা নিশ্চিত করতে স্টাফগণ শিক্ষার্থীর অবস্থা বিবেচনায় যতটা সম্ভব প্রতিটি শিক্ষার্থীর বর্তমান স্কুলের সাথে কাজ করবেন।

**বাড়িতে শিক্ষা-নির্দেশনা**—যদি আপনার সন্তান অস্থিজনিত, অস্থিজনিত-নয়/স্বাস্থ্যজনিত-নয়, কিংবা মানসিক কারণে স্কুলে যেতে না পারে, তাহলে আপনাকে বাড়িতে শিক্ষা-নির্দেশনার অনুরোধ জানানো উচিত। আপনার সন্তানের স্কুল বা CSE আপনাকে বাড়িতে শিক্ষা-নির্দেশনা পাবার অনুরোধ জমা দিতে সহায়তা করতে পারে। আপনার অনুরোধ যদি অনুমোদিত হয়, তাহলে আপনার সন্তান কবে স্কুলে ফিরবে বলে প্রত্যাশিত, সে তারিখটি অনুমোদনে অন্তর্ভুক্ত থাকবে। প্রত্যাশিত স্কুলে ফেরার তারিখের পরও যদি আপনার সন্তানের বাড়িতে শিক্ষা-নির্দেশনার প্রয়োজন হয়, তাহলে আপনাকে বাড়তি একটি অনুরোধ জমা দিতে হবে। অনুগ্রহ করে বাড়িতে শিক্ষা-নির্দেশনার অনুরোধ জানানোর প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য বাড়িতে শিক্ষা-নির্দেশনার (হোম ইন্সট্রাকশন) ওয়েবসাইট - http://www.homeinstructionschools.com দেখুন।

**হাসপাতালে শিক্ষা-নির্দেশনা**—যেসব শিক্ষার্থী হাসপাতাল কাঠামো রয়েছে, চিকিৎসকগণ যদি মনে করেন যে তারা শিক্ষা-নির্দেশনা লাভের উপযুক্ত, তবে তারা হাসপাতালে শিক্ষা-নির্দেশনা পাবে। হাসপাতালে শিক্ষা-নির্দেশনা সমাপ্ত হবে যখন সে হাসপাতাল থেকে ছাড়া পাবে। আপনার সন্তান যদি হাসাপাতালে শিক্ষা-নির্দেশনা লাভ করে এবং হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পরও যদি তার স্কুলে ফেরত যাওয়ার জন্য অতিরিক্ত অসুস্থ থাকে, তাহলে বাড়িতে শিক্ষা-নির্দেশনা লাভে যেন দেরি না হয় সেজন্য আপনার সন্তান হাসপাতাল থেকে ছাড়া পাবার আগেই আপনাকে বাড়িতে শিক্ষা-নির্দেশনা লাভের অনুরোধ জানানো উচিত।



## অতিরিক্ত স্পেশাল এডুকেশন সহায়তা ও পরিষেবা

### সম্পূরক সহায়তা (সাপ্লিমেন্টারি এইড) ও পরিষেবাসমূহ

শিক্ষার্থীদেরকে যতটুকু সম্ভব তাদের প্রতিবন্ধিতাহীন সহপাঠীদের পাঁশে শিক্ষা অর্জনে সহায়তা করতে তাদেরকে শিক্ষাগত বিন্যাসে সম্পূরক সহায়তা ও পরিষেবা প্রদান করা হয়।

বিভিন্ন সম্পূরক সহায়তা ও পরিষেবার সাধারণ উদাহরণের (এবং আরও অনেক কিছুর) মধ্যে আছে:

- বিকল্প কাঠামোতে শিক্ষা-নির্দেশনামূলক উপকরণ (যেমন ব্রেইল, বড় অক্ষরে মুদ্রণ, পড়ে শোনানোর জন্য রেকর্ডকৃত বই)
- বিভিন্ন ক্লাসের মাঝে অতিরিক্ত সময়
- বিশেষ আসন ব্যবস্থা
- অ্যাসাইনমেন্ট সম্পন্ন করতে অতিরিক্ত সময়
- শিক্ষা-নির্দেশনায় বেশি সময়
- আচরণগত সহায়তা বা একটি আচরণগত পরিকল্পনা

### প্যারাপ্রফেশনাল

একজন প্যারাপ্রফেশন্যাল একজন শিক্ষার্থীকে স্বতন্ত্রভাবে, একদল শিক্ষার্থীকে, কিংবা পুরো ক্লাসকে সহায়তা করেন।

- IEP-তে সুপারিশকৃত একজন প্যারাপ্রফেশন্যাল (কোনও একক শিক্ষার্থী বা শিক্ষার্থী গ্রুপের জন্য) হলেন "IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যাল" এবং তা একটি সম্পূরক পরিষেবা।
- পুরো ক্লাসরুমের পরিষেবাদানকারী প্যারাপ্রফেশনাল হলেন "ক্লাসরুম প্যারাপ্রফেশনাল"।
- একজন প্যারাপ্রফেশনাল, যিনি সুপারিশকৃত শিক্ষা-নির্দেশনার ভাষায় দ্বিভাষীক এবং কোনও দ্বিভাষীক ক্লাসে আসন পাবার অপেক্ষায় থাকা শিক্ষার্থীদের পরিষেবা দেন, তিনি হলেন "অল্টারনেট প্লেসমেন্ট প্যারাপ্রফেশনাল" (বিকল্প আসনপ্রাপ্তদের জন্য প্যারাপ্রফেশনাল)।

যখন একজন প্যারাপ্রফেশনালের জন্য বা একজন প্যারাপ্রফেশননাল অন্তর্ভুক্ত কোনও প্রোগ্রামের জন্য IEP সুপারিশ বিবেচনা করা হয়, তখন IEP টিম - যাতে আপনি একটি গুরুত্বপূর্ণ অংশ - তাদের জন্য গুরুত্বপূর্ণ হলো স্বনির্ভর হিসেবে যতটুকু সম্ভব আত্মনির্ভরশীল হতে আপনার সন্তানের লক্ষ্য বিবেচনা ও অগ্রসর করা।

**IEP-নিযুক্ত প্যারাপ্রফেশন্যাল** IEP আছে এমন শিক্ষার্থীদের শিক্ষা ত্বরান্বিত করতে ও স্বনির্ভরতা বাড়াতে সহায়তা দিতে পারেন। তারা শিক্ষার্থীদের এককভাবে বা ছোট দলে সহায়তা দিতে পারেন। IEP দ্বারা নিযুক্ত প্যারাপ্রফেশন্যালগণ স্কুলের পুরো বা আংশিক দিন সহায়তা দিতে পারেন। শিক্ষার্থীরা যাতে শিক্ষায়তনিক কাঠামোতে সফল হতে পারে, তাই তাদের ক্লাসরুমে এবং অন্যান্য কর্মকাণ্ডে নিরাপদে ও পূর্ণাঙ্গরূপে অংশগ্রহণের সুযোগ দেওয়ার জন্য, যখন প্রয়োজন তখন IEP-দ্বারা নিযুক্ত প্যারাপ্রফেশনালের সহায়তা প্রদান করা হতে পারে। IEP টিম একজন প্যারাপ্রফেশনাল সুপারিশ করতে পারে যখন শিক্ষার্থীর বাড়তি তত্ত্বাবধান বা সহায়তার প্রয়োজন, যেন সে নিরাপদে শিক্ষা-নির্দেশনা এবং/অথবা সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) থেকে উপকৃত হতে পারে।

একজন প্যারাপ্রফেশনাল নিম্নলিখিত কার্যকলাপের কোনও একটিতে পরিষেবা দিতে পারেন:

- স্বাস্থ্য
- আচরণগত সহায়তা
- দিক-নির্ণয় ও চলাচল ক্ষমতা (ওরিয়েন্টেশন ও মোবিলিটি)
- টয়লেট ব্যবহার

যেহেতু প্যারাপ্রফেশনালের সহায়তা খুবই ব্যাপক, সেহেতু IEP টিম সেসব বার্ষিক লক্ষ্যসমূহের কথা বিবেচনা করবে যা শিক্ষার্থীর স্বনির্ভরতা বাড়াবে এবং যথাযথ অনুযায়ী প্যারাপ্রফেশনালের উপর নির্ভরশীলতা কমাবে।

*হেলথ্ প্যারাপ্রফেশনাল*

একজন হেলথ্ প্যারাপ্রফেশনাল প্রযোজ্য হতে পারে যখন কোনও শিক্ষার্থীর স্বাস্থ্যগত বা সক্রিয়তার চাহিদা শিক্ষার্থীর স্কুলভিত্তিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বিঘ্ন সৃষ্টি করে এবং/অথবা গুরুত্ব হ্রাস করে। যদি সুপারিশ করা হয়, তাহলে একজন হেলথ্ প্যারাপ্রফেশনাল শিক্ষার্থীর নিম্নলিখিত নির্দিষ্ট স্বাস্থ্যগত/চিকিৎসাগত চাহিদা প্রসঙ্গে সহায়তা করবেন:

- প্রাত্যহিক জীবনের কর্মকাণ্ড (এতে অন্তর্ভুক্ত হুইলচেয়ার থেকে অভিযোজন সরঞ্জাম, স্থানান্তরে সহায়তা, মুখ দিয়ে খাওয়ানো, খাওয়ার সময় নজর রাখা ইত্যাদি);
- কোনও শিক্ষার্থীর চিকিৎসাগত অবস্থার সাথে সংশ্লিষ্ট নির্দিষ্ট উপসর্গ এবং লক্ষণগুলোর প্রতি নজর রাখা; এবং
- চিকিৎসার বা ঔষধ সেবনের কথা স্মরণ করিয়ে দেয়া এবং/অথবা শিক্ষার্থীকে স্কুল নার্সের কাছে নিয়ে যাওয়া।

***আচরণগত সহায়তার প্যারাপ্রফেশন্যাল ("সংকট ব্যবস্থাপনা বা ক্রাইসিস ম্যানেজমেন্ট প্যারাপ্রফেশন্যাল" নামেও পরিচিত)***

একজন আচরণগত সহায়তার প্যারাপ্রফেশনাল সুপারিশ করা হতে পারে যখন কোনও শিক্ষার্থীর মারাত্মক আচরণগত সমস্যা থাকে, যা কোনও আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা (বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান, BIP) দিয়ে এককভাবে মোকাবেলা



করা সম্ভব নয়, এবং সেটা শিক্ষার্থীর আচরণ মোকাবেলায় স্কুল স্টাফগণ সামঞ্জস্যপূর্ণভাবে  ব্যবহার করে থাকেন। ইতোমধ্যে আপনার সন্তানের যদি একটি BIP না থাকে, তাহলে আপনার সন্তানের আচরণ সম্পর্কে আরও জানতে, আপনার অনুমতি নিয়ে IEP টিম একটি কার্যকর আচরণগত মূল্যায়ন (ফাংশনাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট, FBA) পরিচালনা করবে। আবশ্যক হলে তারা একটি BIP তৈরি করবেন। যদি কোনও আচরণগত সহায়তা প্যারাপ্রফেশনাল সুপারিশ করা হয়, তাহলে তিনি শিক্ষার্থী ও অন্যান্যদের নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করবেন। প্যারাপ্রফেশনাল শিক্ষার্থীদেরকে স্বাধীনভাবে নিজেদের আচরণ নিয়ন্ত্রণে সক্ষম করার জন্য তাদের সাথে কাজ করবেন। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- উপাত্ত বা ড্যাটা সংগ্রহের মাধ্যমে ও তাদের IEP-তে বর্ণিত আচরণগত লক্ষ্য অর্জনে সহায়তা করার মধ্য দিয়ে একজন শিক্ষার্থীর BIP পর্যবেক্ষণ ও তাতে সহায়তা করা; এবং
- আচরণ ব্যবস্থাপনার কৌশলসমূহকে কার্যপদক্ষেপে পরিণত করা।

*ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি প্যারাপ্রফেশনাল*

একজন O&M শিক্ষক এমন কোনো দৃষ্টি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য ওরিয়েন্টেশন অ্যান্ড মোবিলিটি (O&M) প্যারাপ্রফেশনাল সুপারিশ করতে পারেন, যে:

- শিক্ষাগত দৃষ্টি সংক্রান্ত পরিষেবা ও O&M শিক্ষা-নির্দেশনা লাভ করে; এবং
- স্কুলে স্বনির্ভরভাবে চলাচলে অনিরাপদ বলে বিবেচিত।

যখন শিক্ষার্থী নিরাপদে স্বনির্ভরভাবে চলাচল করতে পারবে, তখন IEP টিম সুপারিশ হ্রাস করবেন অথবা O&M প্যারাপ্রফেশনাল আর সুপারিশ করবেন না। সুপারিশ করা হলে, O&M প্যারাপ্রফেশনাল শিক্ষার্থীকে O&M নির্দেশনা থেকে শেখা দক্ষতা অন্যত্র প্রয়োগ করতে সহায়তা করবেন। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- শিক্ষার্থীর স্থানীক ও পরিবেশগত ধারণা উন্নত করা এবং/অথবা যাতায়াতের সাথে সংশ্লিষ্ট চেতনা থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা;
- শিক্ষার্থীর দৃষ্টিগত সীমাবদ্ধতার জন্য সহায়ক উপকরণ এবং/অথবা চলাচল দক্ষতায় সহায়ক লম্বা ছড়ি ব্যবহার উন্নত করা; এবং/অথবা
- স্কুলের অভ্যন্তরে চলাফেরায় ও ক্লাসরুমের কর্মকাণ্ডে অংশগ্রহণে শিক্ষার্থীর নিরাপত্তা নিশ্চিত করা।

*টয়লেটিং প্যারাপ্রফেশন্যাল*

একজন টয়লেটিং প্যারাপ্রফেশন্যাল শিক্ষার্থীর চাহিদার উপর ভিত্তি করে হয় টয়লেট ব্যবহার শেখাবেন, নাহয় টয়লেট ব্যবহারে সহায়তা দেবেন। **টয়লেট ব্যবহার প্রশিক্ষণ** সাধারণত সাময়িক সহায়তা হিসেবে প্রদান করা হয় যতক্ষণ না শিক্ষার্থী স্বনির্ভরভাবে রেস্টরুম ব্যবহার করতে সক্ষম হয়েছে। **টয়লেট ব্যবহারে সহায়তার** অন্তর্ভুক্ত আছে, শিক্ষার্থীকে বাথরুমে যাওয়া-আসায় সহায়তা করা, শিক্ষার্থীকে বাথরুমে প্রবেশ করতে ও সেখান থেকে বের হতে, হাত মুছতে ও পরিষ্কার করতে সহায়তা করা, এবং অন্যান্য কর্মকাণ্ড।

যখন কোনও শিক্ষার্থীর টয়লেট ব্যবহারে প্রশিক্ষণ এবং/অথবা টয়লেট ব্যবহারে সহায়তার প্রয়োজন হয় তখন টয়লেটিং প্যারাপ্রফেশন্যাল সুপারিশ করা হতে পারে, এবং এটি যখন শিক্ষার্থীর শুধুমাত্র এই বিষয়ে প্যারাপ্রফেশনাল আবশ্যক। যদি আপনার সন্তানকে একজন স্বাস্থ্য বা আচরণগত সহায়তা (হেলথ্ বা বিহেভিয়ার সাপোর্ট) প্যারাপ্রফেশনাল সহায়তা দেন, তাহলে প্রয়োজনে সেই প্যারাপ্রফেশনালই তাকে সেসব বিষয়ে সহায়তা করবেন। কিছু কিছু ক্লাসরুম বিন্যাসের (সেটিং) ক্ষেত্রে টয়লেট ব্যবহার প্রশিক্ষণ এবং/অথবা টয়লেট ব্যবহারে ক্লাসরুম প্যারাপ্রফেশনাল সহায়তা দিতে পারেন।

*ট্র্যান্সপোর্টেশন প্যারাপ্রফেশনাল*

যে শিক্ষার্থীর আচরণগত, জ্ঞানগত, বা স্বাস্থ্যগত সমস্যা রয়েছে যার কারণে স্কুলে যাওয়া ও আসার সময় বাসে চড়ায় তার এবং/অথবা অন্যদের নিরাপত্তার জন্য অব্যাহত স্বতন্ত্র সহায়তার প্রয়োজন হয়, তার জন্য একজন ট্র্যান্সপোর্টেশন প্যারাপ্রফেশনাল সুপারিশ করা হতে পারে।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের একজন ট্র্যান্সপোর্টেশন প্যারাপ্রফেশনাল প্রয়োজন, তাহলে IEP টিমকে IEP মিটিং-এর আগেই তা জানিয়ে রাখুন। আপনাকে চিকিৎসা সংক্রান্ত (মেডিক্যাল) নথিপত্র দেখাতে বলা হতে পারে।

যাতে আপনার সন্তান তার IEP-এর লক্ষ্য অর্জন করতে পারে, সেজন্য IEP মিটিং-এ আপনি সহ IEP টিম আপনার সন্তানের যে স্তরের সহায়তার চাহিদা আছে, সেটা এবং তার কারণ; এই সহায়তার মধ্যে কী কী অন্তর্ভুক্ত আছে; এবং কোথায়, কখন এবং কীভাবে এ সহায়তা প্রদান করা, এগুলো নির্ণয় করবে। IEP টিম আপনার সন্তানকে সহায়তা দেওয়ার জন্য কম ব্যাপক বিকল্পগুলো বিবেচনা করবে এবং একজন প্যারাপ্রফেশনাল সুপারিশ শুধু তখনই করবে, যদি কম ব্যাপক বিকল্পগুলো আপনার সন্তানের চাহিদা পূরণের জন্য উপযুক্ত না হয়।

### শিক্ষার্থীকে সহায়তার লক্ষ্যে স্কুল কর্মীদের সহায়তা

আপনার সন্তানকে সবচেয়ে কার্যকর সহায়তা প্রদানের জন্য আপনার সন্তানের শিক্ষক, প্যারাপ্রফেশন্যাল, সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারী, কিংবা অন্য স্কুল স্টাফদের প্রশিক্ষণ বা নির্দেশনা প্রয়োজন হতে পারে। উদাহরণস্বরূপ,

- কোনও শিক্ষার্থীর আচরণগত হস্তক্ষেপ পরিকল্পনা (বিহেভিয়রাল ইন্টারভেনশন প্ল্যান) সবচেয়ে ভালোভাবে বাস্তবায়নের জন্য শিক্ষার্থীর প্যারাপ্রফেশনালের ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ বিষয়ে প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর সাথে ভাববিনিময়ের জন্য শিক্ষার্থীর শিক্ষকের হয়তো আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজে প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর জন্য সুপারিশ করা সহায়ক প্রযুক্তি (অ্যাসিস্টিভ টেকনলজি) ডিভাইসের উপর শিক্ষার্থীর শিক্ষকের প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর স্বাস্থ্যগত চাহিদা সম্পর্কে বুঝতে শিক্ষার্থীর স্থাস্থ্য সংক্রান্ত বা হেলথ প্যারাপ্রফেশন্যালের স্কুলের নার্স অথবা শিক্ষার্থীর ডাক্তারের কাছ থেকে প্রশিক্ষণ প্রয়োজন হতে পারে;
- একজন শিক্ষার্থীর টয়লেটিং প্যারাপ্রফেশন্যালের, একজন সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীর কাছে থেকে শিক্ষার্থীকে তার হুইলচেয়ার থেকে টয়লেটে নিরাপদে স্থানান্তরের প্রশিক্ষণ গ্রহণ করার প্রয়োজন হতে পারে।

যদি সুপারিশ করা হয়, আপনার সন্তানের সহায়তার প্রয়োজন অনুসারে স্কুলের কর্মী সুনির্দিষ্ট করা হবে।

## বিশেষ সুবিধার ব্যবস্থা ও পরিবর্তনসমূহ

**অভিযোজন** (অ্যাকোমোডেশন) হলো পরিবেশ, শিক্ষা-নির্দেশনা, কিংবা উপকরণ সামঞ্জস্য করা, যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের শিক্ষা-নির্দেশনা এবং মূল্যায়নে সমান সুযোগ দেয়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সমান সুযোগ দেয়ার জন্য এগুলো ডিজাইন করা হয়েছে। যদি আপনার সন্তানের বিশেষ সুবিধা ব্যবস্থা প্রয়োজন হয়, তাহলে নির্দিষ্ট বিশেষ সুবিধা ব্যবস্থার কথা আপনার সন্তানের IEP-তে লিখিত থাকবে। বিশেষ সুবিধা ব্যবস্থার কিছু উদাহরণ হলো প্রশ্ন ও শিক্ষা-নির্দেশনা পুনর্লিখন, বর্ধিত সময়, প্রাসঙ্গিক সহায়তা, এবং বিরতি।

**পরিবর্তন** বিষয়বস্তু এবং/অথবা পাঠ্যক্রমের শিক্ষানির্দেশনার স্তর বদলে দেয়। সেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য পরিবর্তনসমূহ করা হয় যারা শিক্ষক যা পড়াচ্ছেন তা বুঝতে পারে না। পরিবর্তনের একটি উদাহরণ হলো কোনও অ্যাসাইনমেন্টের মনোনিবেশে শুধু সবচেয়ে গুরুত্বপূর্ণ মুখ্য বিষয়গুলো অন্তর্ভুক্ত করা।

আপনার সন্তানের জন্য বিভিন্ন বিশেষ সুবিধা ব্যবস্থা এবং/অথবা পরিবর্তন যথাযথ কিনা সেবিষয়ে আপনার সন্তানের IEP টিমের সাথে কথা বলুন।

### বিশেষায়িত পরিবহন

IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী IEP নেই এমন শিক্ষার্থীদের মতো একইভাবে স্কুলে যাতায়াত করে। বিশেষায়িত পরিবহনে সব সময় ডোর-টু-ডোর বাস পরিবহন (অর্থাৎ বাস স্টপগুলো শিক্ষার্থীর বাড়ির যত নিকটে সম্ভব কার্বে) অন্তর্ভুক্ত থাকে তবে এতে আরও অন্তর্ভুক্ত হয় পরিবহনে অন্যান্য প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থা, যেমন একজন ট্রান্সপোর্টেশন প্যারাপ্রফেশনাল, নার্স, এবং স্বাস্থ্য সংক্রান্ত বিশেষ সুবিধাসমূহ। একটি IEP টিম বিশেষায়িত পরিবহন সুপারিশ করতে পারে সেসব শিক্ষার্থীর জন্য যাদের প্রমাণিত চাহিদা তাদের স্কুলে যাওয়া আসায় প্রভাব বিস্তার করে। এই সুপারিশ প্রতি বছর পর্যালোচনা করা হয়।

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের বিশেষায়িত পরিবহন প্রয়োজন, তাহলে আপনার সন্তানের IEP টিমের সাথে কথা বলুন।

IEP টিম আপনাকে এই প্রক্রিয়ার অংশ হিসেবে প্রয়োজনীয় কাগজপত্র পূরণ করতে দেবে। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- হিপা (HIPAA) অনুসারে স্বাস্থ্যবিষয়ক তথ্য প্রকাশ করার অনুমতি। এটা আপনি পূরণ ও স্বাক্ষর করবেন।
- স্বাস্থ্যগত কারণে বিশেষ সুবিধা ব্যবস্থার অনুরোধ। এটা আপনার সন্তানের ডাক্তার পূরণ ও স্বাক্ষর করবেন। এটি অবশ্যই ডোর-টু-ডোর বাস পরিবহনের এবং অন্য কোনও স্বাস্থ্যগত বিশেষ সুবিধা ব্যবস্থার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করবে।

অফিস অভ স্কুল হেলথ-এর (OSH) একজন ডাক্তার আপনার বিশেষ পরিবহন বিষয়ক বিশেষ সুবিধা ব্যবস্থার অনুরোধ পর্যালোচনা করতে পারেন। OSH-এর ডাক্তারের আপনার অনুরোধ প্রসঙ্গে আপনার সন্তানের ডাক্তারের সাথে কথা বলার প্রয়োজন হতে পারে। আপনার সন্তানের IEP মিটিংয়ের যে অংশে আপনার সন্তানের পরিবহন নিয়ে আলোচনা করা হবে, সেই অংশে OSH-এর ডাক্তার অংশগ্রহণ করতে পারেন।

যদি IEP নির্ধারণ করে যে, আপনার সন্তানের বিশেষায়িত পরিবহন এবং/অথবা বিশেষায়িত পরিবহনে সুবিধা ব্যবস্থার প্রয়োজন আছে, তবে IEP তা উল্লেখ করবে।

### অভিগম্য শিক্ষাগত উপকরণসমূহ

অভিগম্য শিক্ষাগত উপকরণসমূহ (অ্যাক্সেসিবল এডুকেশনাল ম্যাটেরিয়ালস, AEM) হলো টেক্সটবুক ও শিক্ষা-নির্দেশনার সরঞ্জাম এমন একটি ফর্ম্যাটে রূপান্তরিত, যা চোখের সমস্যা, অন্ধত্ব, অথবা অন্য কোনও কারণে প্রচলিত মুদ্রিত সামগ্রী ব্যবহারে অক্ষম একজন শিক্ষার্থীর জন্য অভিগম্য। এই ফর্ম্যাটগুলোতে অন্তর্ভুক্ত:

- ব্রেইল
- বড় প্রিন্ট
- অডিও
- ডিজিটাল টেক্সট

আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তানের AEM প্রয়োজন আছে, তাহলে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন। যদি কোনোটি প্রয়োজন হয়, তাহলে আপনার সন্তান কোন্ ফর্ম্যাট থেকে লাভবান হবে, স্কুলের স্টাফ তা নির্ধারণ করতে পারেন। যদি আপনার সন্তানের AEM আবশ্যক হয়, তাহলে সেগুলো NYCPS-এর খরচে স্কুলে সেগুলো প্রদান করা হবে।

### অ্যাডাপটিভ ফিজিক্যাল এডুকেশন (অভিযোজিত শরীরচর্চা শিক্ষা)

অভিযোজিত (অ্যাডাপ্টেড) শরীরচর্চা শিক্ষা কর্মসূচি হলো এমন একটি গঠনমূলক কর্মকাণ্ড, গেম, খেলাধুলা এবং তাল কর্মসূচি, যা  বিশেষভাবে তৈরি করা হয়েছে যেসব ছেলেমেয়ে নিরাপদে বা সাফল্যের সাথে নিয়মিত শরীরচর্চা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে না, এমন ছেলেমেয়েদের ব্যক্তিক আগ্রহ, সক্ষমতা এবং সীমাবদ্ধতার সাথে সামঞ্জস্য বিধান করে। আপনার সন্তানকে অভিযোজিত শরীরচর্চা শিক্ষার সুপারিশ করা হতে পারে, যদি তার প্রতিবন্ধিতা নিয়মিত শরীরচর্চা শিক্ষা প্রোগ্রামের কর্মকাণ্ডে অংশগ্রহণের সক্ষমতার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

### বিকল্প মূল্যায়ন

চরম শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা এমনকি পরীক্ষায় বিশেষ সুবিধা ব্যবস্থার বন্দোবস্ত করেও প্রমিত মূল্যায়নে (স্ট্যান্ডার্ড অ্যাসেসমেন্ট) অংশগ্রহণ করতে অক্ষম, তাদের সাফল্য ও অগ্রগতি মূল্যায়ন করতে বিকল্প মূল্যায়ন ব্যবহার করা হয়। সাফল্যের এসব পদক্ষেপ:

- যোগ্য শিক্ষার্থীদেরকে তাদের জ্ঞান ও দক্ষতা প্রদর্শনের একটি বিকল্প সুযোগ প্রদান করেন
- শিক্ষায়তনিক লক্ষ্যসমূহ অর্জনে শিক্ষার্থীদের অগ্রগতি পরিমাপ করে
- শিক্ষক ও বিশেষজ্ঞদেরকে শিক্ষানির্দেশনা কৌশল ও সহায়তার সাথে খাপ খাইয়ে নিতে সহায়তা প্রদান করে
- স্কুলগুলোতে নিয়মিত ক্লাসরুম মূল্যায়নের অনুশীলনের অংশ হিসেবে ব্যবহার করা হয়

NY স্টেটের বিকল্প মূল্যায়ন (নিউ ইয়র্ক স্টেট অল্টারনেট অ্যাসেসমেন্ট, NYSAA) 3–12 গ্রেডের সকল যোগ্য শিক্ষার্থীর জন্য স্টেটের বার্ষিক মূল্যায়নের অংশ। IEP-তে অবশ্যই নির্দিষ্ট করে উল্লেখ থাকতে হবে যে আপনার সন্তান বিকল্প মূল্যায়নের যোগ্য। যেসব শিক্ষার্থী বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে, তারা হাই স্কুল ডিপ্লোমার যোগ্য হবে না।

## দীর্ঘায়িত শিক্ষা বছর (বারো মাসের শিক্ষা বছরের পরিষেবা)

সামার (গ্রীষ্ম) জুড়ে আপনার সন্তানের উল্লেখযোগ্য পিছিয়ে পড়া রোধ করতে যদি তার শিক্ষা অর্জন অব্যাহত রাখা প্রয়োজন হয়, তবে দীর্ঘায়িত শিক্ষা বছরের পরিষেবা প্রদানের প্রয়োজন হতে পারে। উল্লেখযোগ্য পিছিয়ে পড়া বলতে বুঝায় যে, তারা আগে যা শিখেছিল সামারের বিরতির পর সেটা ফিরে পেতে তাদের 8 সপ্তাহ বা এরচেয়ে বেশি সময় প্রয়োজন হতে পারে। আপনার সন্তান শিক্ষা বছর চলাকালে যে পরিষেবা লাভ করে, দীর্ঘায়িত শিক্ষা বছরের (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY) পরিষেবা সেটা থেকে ভিন্ন হতে পারে এবং তা IEP মিটিংয়ে নির্ধারণ করা হবে।

## পিতামাতাদের কাউন্সেলিং (শলাপরামর্শ) ও প্রশিক্ষণ

যদি পিতামাতা হিসেবে আপনার সন্তানের বিশেষ চাহিদাসমূহ বুঝতে আপনার কিছু সহায়তা প্রয়োজন হয়, পিতামাতাদের কাউন্সেলিং ও প্রশিক্ষণ আপনাকে আপনার সন্তানের বিকাশ এবং/অথবা নির্দিষ্ট প্রতিবন্ধিতা সম্পর্কে তথ্য দিতে এবং আপনার সন্তানের IEP বাস্তবায়নে সহায়তা দিতে পারে। পিতামাতাদের কাউন্সেলিং (শলাপরামর্শ) ও প্রশিক্ষণ সুপারিশ করা হয় যদি আপনার সন্তান এমন একটি স্পেশাল ক্লাসে থাকে যেখানে স্টাফদের অনুপাত হয় 8:1+1, 6:1+1, কিংবা 12:1+4, কিংবা আপনার সন্তানের অটিজম রয়েছে। এগুলো প্রাপ্তবয়স্কদের কাউন্সেলিং সার্ভিস নয় এবং এগুলোর উদ্দেশ্য আপনার ব্যক্তিগত বা শিক্ষাগত চাহিদা পূরণ করা নয় ।

## যাতায়াতের প্রশিক্ষণ

যাতায়াতের প্রশিক্ষণ পরিষেবা হলো স্বল্প-মেয়াদী, সামগ্রিক, এবং বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষা-নির্দেশনা যা অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব ছাড়া অন্যান্য প্রতিবন্ধিতাযুক্ত হাই স্কুল শিক্ষার্থীদের বাড়ি থেকে বিভিন্ন গন্তব্যে (সাধারণত স্কুলে বা কাজের জায়গায়) যাতায়াতে গণপরিবহন অথবা ফ্যাসিলিটি নিরাপদে ও স্বনির্ভরভাবে ব্যবহার করার শিক্ষা দেয়।

## ডিক্ল্যাসিফিকেশন (বিবর্গিকরণ) পরিষেবা-সহ সাধারণ শিক্ষা বা জেনারেল এডুকেশন

যেসব শিক্ষার্থীর আর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন নেই, তাদেরকে পূনর্মূল্যায়নের পর বিবর্গিকরণ করা হয়। যেসব শিক্ষার্থীকে বিবর্গিকরণ করা হবে তাদের কোনও IEP থাকবে না, তবে জেনারেল এডুকেশন-এ (সাধারণ শিক্ষা) ধীরে-সুস্থে স্থানান্তরের জন্য তারা নিম্নলিখিত পরিষেবাসমূহ লাভ করতে পারে:

- শিক্ষা-নির্দেশনাগত সহায়তা
- শিক্ষা-নির্দেশনায় পরিবর্তন
- পরীক্ষায় বিশেষ সুবিধার ব্যবস্থা
- রিলেটেড সার্ভিসেস (সংশ্লিষ্ট পরিষেবা)

আপনার সন্তানকে বিবগির্করণের (ডিক্লাসিফিকেশন) পরবর্তী এক বছর পর্যন্ত এসব পরিষেবা অব্যাহত থাকতে পারে। অতিরিক্তভাবে, যেসব শিক্ষার্থীদেরকে বিবর্গিকরণ করা হবে তাদের IEP নোটিসে নির্দিষ্টভাবে উল্লেখ করা থাকলে তারা পরীক্ষায় বিশেষ সুবিধা ব্যবস্থা অব্যাহত রাখার যোগ্য হবে। যেসব শিক্ষার্থীকে 8–12 গ্রেডের মধ্যে বিবর্গিকরণ করা হয়, তাদের সর্বশেষ IEP-তে উল্লেখ থাকলে তারা 'সেফটি নেট' গ্র্যাজুয়েশন বিকল্পটি বেছে নেওয়ার যোগ্য হতে পারে। গ্রাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে 'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন' দেখুন।

সেকশন

# 5 IEP তৈরি হবার পর: পরিষেবাসমূহের ব্যবস্থা করা

## পরিষেবার ব্যবস্থা করা

IEP মিটিং সমাপ্ত হওয়ার পর IEP টিম আপনাকে খসড়ার IEP থেকে **সুপারিশকৃত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবার** পৃষ্ঠার একটি মুদ্রিত কপি দেবে।

মিটিংয়ের দুই সপ্তাহের মধ্যে আপনার IEP-এর চূড়ান্ত সংস্করণের একটি কপি পাওয়া উচিত। মিটিংয়ের দুই সপ্তাহের মধ্যে আপনি যদি আপনার সন্তানের IEP-এর কোনও কপি না পান, তবে আপনার সন্তানের IEP টিমের সাথে যোগাযোগ করুন। যদি আপনার পছন্দের ভাষাটি NYCPS-এর পরিষেবিত ভাষাগুলোর মধ্যে পড়ে, তাহলে আপনি সেই ভাষায়ও একটি **প্রায়োর রিটেন নোটিস (পূর্ব লিখিত বিজ্ঞপ্তি)** পাবেন। এই প্রায়োর রিটেন নোটিসে (পূর্ব লিখিত বিজ্ঞপ্তি) আপনার সন্তান যেসব পরিষেবা লাভ করবে সেগুলো উল্লেখিত হবে।

যখন NYCPS বিভিন্ন পরিষেবার বন্দোবস্ত করে, তখন আপনার সন্তানকে তার বর্তমান স্কুলে রাখার জন্য সবরকম চেষ্টা করা হবে। অধিকাংশ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী সেই স্কুলে পড়তে পারে এবং সেখানে পড়া উচিত যেখানে তারা প্রতিবন্ধিতা না থাকলেও পড়তে পারতো, সেটি তার বাড়ির জোনভুক্ত স্কুল বা তার পছন্দের স্কুল হোক বা না হোক।

তবে, আপনার সন্তান বর্তমানে যেখানে পড়ছে সেখান থেকে ভিন্ন কোনও সাইটে যদি পরিষেবা লাভ করে, তাহলে আপনি একটি পৃথক নোটিস পাবেন যেখানে স্কুলের নাম এবং ঠিকানা দেয়া থাকবে। আপনি যদি চান যে সুপারিশকৃত সাইটটি পরিদর্শনের ব্যবস্থা করা হোক, তবে আপনার নোটিসে উল্লেখিত ব্যক্তির সাথে যোগাযোগ করা উচিত।

### সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) ব্যবস্থা করা

আপনার সন্তানকে যদি সংশ্লিষ্ট পরিষেবার (রিলেটেড সার্ভিস) জন্য সুপারিশ করা হয়ে থাকে, তবে NYCPS সেই পরিষেবা প্রদানের ব্যবস্থা করবে। NYCPS যদি নিজস্ব কর্মী অথবা চুক্তিবদ্ধ কোনও এজেন্সি থেকে প্রাপ্ত কর্মীদের মাধ্যমে সেই পরিষেবা প্রদান করতে না পারে, একটি **সংশ্লিষ্ট পরিষেবার অনুমোদন (রিলেটেড সার্ভিস অথরাইজেশন, RSA)** ইস্যু করা হতে পারে। RSA যথাযথ লাইসেন্সধারী, স্বনির্ভর পরিষেবা প্রদানকারীকে শনাক্ত করার সুযোগ দেয়। এই পরিষেবা আপনাকে বিনামূল্যে প্রদান করা হবে। যদি কোনও RSA ইস্যু করা হয়, তাহলে সেটা ব্যবহারের ব্যাপারে নির্দেশনা, এবং স্বনির্ভর পরিষেবা প্রদানকারী খুঁজে নেয়ার তথ্যও আপনাকে দেয়া হবে। স্বনির্ভর পরিষেবা প্রদানকারীদের একটি তালিকা পাওয়া যাবে আমাদের ওয়েবসাইটে: https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/related-services/finding-an-independent-provider। আপনার সন্তানের স্কুল অথবা CSE এই প্রক্রিয়ায় আপনাকে সহায়তা প্রদান করতে পারে। আপনার যদি কোনও প্রশ্ন থাকে অথবা পরিষেবা প্রদানকারী খুঁজতে সহায়তার প্রয়োজন হয়, তবে আপনি RSA-তে তালিকাভুক্ত যোগাযোগের ব্যক্তির সাথে যোগাযোগ করতে পারেন।

**অধিকাংশ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী স্কুলটিতে অংশগ্রহণ করতে পারে এবং প্রতিবন্ধিতা না থাকলে যেভাবে করতো সেভাবেই অংশগ্রহণ করা উচিত।**

**নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL) পরিষেবার ব্যবস্থা**
আপনার সন্তানকে যদি **ইংলিশ অ্যাজ অ্যা নিউ ল্যাঙ্গুয়েজ (ENL)**-এর জন্য সুপারিশ করা হয়ে থাকে, সেক্ষেত্রে NYCPS এই পরিষেবাগুলোর জন্য একজন NYCPS-এর ENL শিক্ষক নিযুক্ত করবে। যদি NYCPS-এর ENL শিক্ষক পাওয়া না যায়, তবে ENL পরিষেবাসমূহের জন্য একটি অনুমোদন ("ENL অনুমোদন") ইস্যু করা হবে। এটি আপনাকে বিনা খরচে একটি যথাযথ লাইসেন্সধারী স্বনির্ভর ENL পরিষেবা প্রদানকারী খুঁজে নেয়ার সুযোগ দেবে। ENL অনুমোদন পরিষেবাগুলি কত ঘনঘন এবং কতক্ষণের জন্য দেয়া হবে সেটি নির্দেশ করবে।
আপনার যদি কোনও প্রশ্ন থাকে অথবা কোন প্রদানকারী খুঁজে পেতে অসক্ষম হোন, তবে সহায়তার জন্য NYCPS-তে কার সাথে যোগাযোগ করতে হবে, আপনাকে সেই তথ্যও প্রদান করা হবে।

## পরিবহন বন্দোবস্ত করা

IEP-যুক্ত অধিকাংশ শিক্ষার্থী IEP নেই এমন শিক্ষার্থীদের মতো একইভাবে স্কুলে যাতায়াত করে। আপনার সন্তান যদি নিজ এলাকার বা নেইবারহুড স্কুলে পড়ে, তবে সে হেঁটে স্কুলে যেতে সক্ষম হতে পারে। বাড়ি থেকে স্কুলের দূরত্বের ভিত্তিতে, আপনার সন্তান পাবলিক পরিবহনে ব্যবহারের জন্য নিউ ইয়র্ক সিটি মেট্রোকার্ড অথবা কোনও নির্ধারিত স্থান থেকে স্কুল পর্যন্ত (স্টপ-টু-স্কুল) বাস পরিষেবা পেতে পারে। এই পরিবহন বিকল্পগুলোতে যোগ্যতা সম্পর্কিত আরও তথ্য অফিস অভ পিউপিল ট্র্যান্সপোর্টেশনের ওয়েবসাইট http://www.optnyc.org/home/default.htm -এ পাবেন।

আপনার সন্তানের IEP টিম আপনার সন্তান তার প্রতিবন্ধিতাজনিত কারণে ডোর-টু-ডোর বাস পরিষেবা পাবে কিনা তাও বিবেচনা করবে। এটিকে বলা হয় *স্পেশালাইজড্ ট্র্যান্সপোর্টেশন (বিশেষায়িত পরিবহন)*। IEP টিম যদি দেখে যে আপনার সন্তানের ডোর-টু-ডোর বাস পরিষেবার প্রয়োজন আছে, তবে আপনার সন্তানের IEP-তে তা উল্লেখ করা থাকবে। এই বাস পরিষেবার ব্যবস্থা গ্রহণের জন্য পাঁচ দিন পর্যন্ত সময় লাগতে পারে। বাস পরিষেবা কবে থেকে শুরু হবে তা আপনাকে অফিস অভ পিউপল ট্র্যান্সপোর্টেশন (OPT) লিখিতভাবে জানাবে। আপনি যদি OPT থেকে কোনো তথ্য না পান, তাহলে সহায়তা পেতে হটলাইনে, 718-392-8855 নম্বরে ফোন করুন। বিশেষায়িত বা স্পেশালাইজড্ পরিবহন এবং স্পেশালাইজড্ পরিবহনের সুযোগ-সুবিধা সম্পর্কিত আরও তথ্যের জন্য, "সেকশন 4: ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP)"-এ **বিশেষায়িত বা স্পেশালাইজড্ পরিবহন** দেখুন।

## স্পেশাল এডুকেশন পরিষেবার জন্য পিতামাতার সম্মতি

যদি আপনার সন্তান কখনও স্পেশাল এডুকেশন পরিষেবা না নিয়ে থাকে, তাহলে আমরা পরিষেবা শুরুর জন্য আপনার লিখিত অনুমতি চাইবো। **পূর্ব লিখিত নোটিস-এর (প্রায়োর রিটেন নোটিস)** নিচে আপনাদেরকে স্পেশাল এডুকেশন পরিষেবায় সম্মতি প্রদান করতে এবং উল্লেখিত ঠিকানায় তা জমা দিতে বলা হবে। আপনি যদি সম্মতি না দেন, তাহলে আপনার সন্তান সুপারিশকৃত পরিষেবা ছাড়াই জেনারেল এডুকেশনে থেকে যাবে। আপনার সম্মতি পাবার পর, সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা করা হবে।

**যেসব শিক্ষার্থী ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভ করছে**
আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা লাভ করছে, তবে আপনার পুনরায় সম্মতি দেয়ার প্রয়োজন হবে না। **পূর্ব লিখিত নোটিসে (প্রায়োর রিটেন নোটিস)** আপনার সন্তানের সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের যেকোনো পরিবর্তন তালিকাভুক্ত থাকবে। পূর্ব লিখিত নোটিসে (প্রায়োর রিটেন নোটিস) উল্লেখিত তারিখ অনুযায়ী সুপারিশকৃত স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের ব্যবস্থা গ্রহণ করা হবে।

পূর্ব লিখিত নোটিসে অথবা IEP-তে সুপারিশকৃত পরিষেবার সাথে আপনি যদি দ্বিমত প্রকাশ করেন, তবে সমাধানের চেষ্টায় আপনাকে আপনার সন্তানের IEP টিমের সাথে যোগাযোগ করা উচিত। আপনি সুপারিশকৃত পরিষেবার বিষয়ে যদি সম্মত হতে না পারেন, আপনার ন্যায্য প্রক্রিয়ার প্রতিরক্ষা রয়েছে। আপনি **মধ্যস্থতা** অথবা একটি **নিরপেক্ষ শুনানির** জন্য অনুরোধ করতে পারেন। এই সুরক্ষাগুলো "সেকশন 8: সহায়তা প্রাপ্তি"-এ আলোচনা করা হয়েছে।

### স্পেশাল এডুকেশন পরিষেবাসমূহের সম্মতি প্রত্যাহার

স্পেশাল এডুকেশন পরিষেবায় সম্মতি প্রদানের পর যেকোন সময় আপনি আপনার সন্তানের IEP-তে উল্লেখ করা স্পেশাল এডুকেশন পরিষেবাগুলো প্রত্যাহার করতে পারেন। অনুরোধটি অবশ্যই লিখিত হতে হবে। তবে, আপনি যদি সম্মতি প্রত্যাহার করেন, তবে আপনি আপনার সন্তানের IEP-তে উল্লেখিত *সকল* স্পেশাল এডুকেশন ও সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) থেকে সম্মতি প্রত্যাহার করছেন। তার অর্থ এই যে আপনার সন্তান তাদের কোন পরিষেবা বা বিশেষ সুবিধা লাভ করবে না, এর অন্তর্ভুক্ত স্পেশালাইজড্ পরিবহন ব্যবস্থা, সহায়ক (অ্যাসিস্টিভ) টেকনোলজি, প্রোগ্রামে পরিবর্তন, পরীক্ষায় বিশেষ সুবিধা লাভ, অথবা বিকল্প মূল্যায়নের যোগ্যতা। এছাড়াও, আপনি যদি সম্মতি প্রত্যাহার করেন, আপনার সন্তান প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য যে শৃঙ্খলাজনিত প্রতিরক্ষার যোগ্যতা রয়েছে সেটিও আর পাবে না (এর মধ্যে অন্তর্ভুক্ত **ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (MDRs)**)। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের শৃঙ্খলাজনিত প্রতিরক্ষা বিষয়ে আরও তথ্যের জন্য **পরিভাষার শব্দকোষ** অথবা https://www.schools.nyc.gov/special-education/help/your-rights পদ্ধতিগত সুরক্ষার বিজ্ঞপ্তি (প্রসিজ্যুরাল সেফগার্ড নোটিস) দেখুন। আপনি স্পেশাল এডুকেশন এবং রিলেটেড সার্ভিসের শুধু কোন একটি অংশ থেকে সম্মতি প্রত্যাহার করতে পারবেন না।

আপনি যদি IEP-র সকল অথবা কিছু সুপারিশের সাথে অসম্মত হন, কিন্তু স্পেশাল এডুকেশন পরিষেবার ব্যবস্থা থেকে আপনার সম্মতি প্রত্যাহার করতে না চান, তবে আপনার উচিত আপনার সন্তানের IEP টিমের সাথে যোগাযোগ করা। যদি আপনি সম্মত হতে না পারেন, আপনি "সেকশন 8: সহায়তা প্রাপ্তি"-তে বর্ণিত মধ্যস্থতা পদ্ধতির নিয়মমাফিক প্রক্রিয়া অথবা নিরপেক্ষ শুনানি ব্যবহার করতে পারেন।

IEP টিম আপনার সম্মতি ব্যতিরেকে আবশ্যক পরিষেবা প্রদানের লক্ষ্যে মধ্যস্থতা প্রক্রিয়া অথবা নিরপেক্ষ হিয়ারিংয়ের নিয়মমাফিক প্রক্রিয়া *না*ও ব্যবহার করতে পারে।

## মেডিকেইড বিলের জন্য সম্মতি

NYCPS, IEP-যুক্ত সকল শিক্ষার্থীর পরিবারকে সম্মতি পত্রে স্বাক্ষর করার অনুরোধ জানাবে যাতে স্পেশাল এডুকেশন পরিষেবার আংশিক খরচ বহন করতে NYCPS-কে মেডিকেইডের কাছে বিল প্রেরণ করার সুযোগ দেয়। মেডিকেইডের অবস্থা বা স্ট্যাটাস যাই হোক না কেন, সকল পরিবারকে এই ফর্মগুলি স্বাক্ষর করার অনুরোধ জানানো হবে। এতে পরিবারের উপর কোনও প্রভাবতো পড়বেই না বরং IEP-যুক্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদানের জন্য স্কুল সিস্টেম বাড়তি তহবিল লাভ করবে।

যদি আপনার সন্তান মেডিকেইড বেনিফিট বা সুবিধা পায়, তবে আপনার কভারেজ বাতিল হবে না, জীবনব্যাপী কভারেজ হ্রাস পাবে না এবং আপনার পরিবার যেসব পরিষেবা পাচ্ছে সেগুলোতে কোনও প্রভাব পরবে না। আপনার সন্তানের IEP-তে উল্লেখ করা পরিষেবাসমূহ লাভের জন্য আপনাকে মেডিকেইডে সাইন আপ করতে হবে না।

## আসনদানের সময়রেখা

IEP-এর সুপারিশ অনুযায়ী NYCPS সাধারণত আপনার সন্তানের জন্য আসন প্রদানে বাধ্য।

- স্পেশাল এডুকেশনে প্রাথমিক (প্রথম-বারের) রেফারেলের জন্য, আপনার সন্তানকে মূল্যায়ন করা সম্মতি প্রদানের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে সে একটি আসন লাভ করবে।

- আপনার সন্তান যদি ইতোমধ্যে স্পেশাল এডুকেশন পরিষেবা পেয়ে থাকে, তবে আপনার সন্তানের পুনর্মূল্যায়নের রেফারেলের তারিখ থেকে 60 স্কুল দিবসের মধ্যে আপনার সন্তানকে আসন দেয়া হবে।

তবে, আপনি যদি অযৌক্তিকভাবে মূল্যায়ন, রেফারেল, এবং/অথবা ভর্তি প্রক্রিয়ায় দেরি করেন, এই সময়রেখা সামঞ্জস্য করা হবে।

## P-1 চিঠি

আপনার সন্তানকে যদি স্পেশাল ক্লাসের জন্য সুপারিশ করা হয় এবং উল্লেখিত সময়রেখার মধ্যে আপনি আসন লাভ না করেন, তবে আপনি একটি **P-1 চিঠি** পেতে পারেন।

একটি P-1 চিঠি আপনাকে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক ডে স্কুলের (NYSED-অনুমোদিত নন-পাবলিক স্কুলে) যথাযথ স্পেশাল এডুকেশন প্রোগ্রামে নথিভুক্ত বা এনরোল হবার অধিকার প্রদান করে। ঐ শিক্ষা বছরের জন্য এই আসনদান NYCPS-এর খরচে হবে। এই নোটিসের সাথে NYSED-অনুমোদিত নন-পাবলিক স্কুলগুলোর একটি তালিকাও থাকবে।

এই প্রক্রিয়া সম্পর্কে যদি কোনও প্রশ্ন থাকে অথবা সহায়তার প্রয়োজন হয়, তবে আপনাকে P-1 চিঠির নিচে তালিকাভুক্ত প্রতিনিধির সাথে যোগাযোগ করতে হবে।



সেকশন 6

# IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন

## হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়া

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে লভ্য সর্বোচ্চ ডিপ্লোমা অর্জনে অগ্রসর হতে উৎসাহ প্রদান করা হয়। একবার হাই স্কুলে গেলে, আপনার উচিত ঘনিষ্ঠভাবে আপনার সন্তান, তার গাইডেন্স কাউন্সেলর এবং শিক্ষকদের সাথে কাজ করা, যেন উভয় শিক্ষায়তনিক ও ব্যক্তিগত অর্জনসমূহের পরিকল্পনা ও লক্ষ্য রাখার মাধ্যমে হাই স্কুল শেষে আপনার সন্তানের সুযোগসমূহ সর্বোচ্চ করা যায়। নিচে প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য লভ্য হাই স্কুল ডিপ্লোমা এবং কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল-এর (স্বীকৃতি সনদ) একটি উপরিচিত্র দেয়া হলো। গ্র্যাজুয়েশনের শর্তের উপর সর্বসাম্প্রতিক তথ্যের জন্য https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements দেখুন।

## ডিপ্লোমার বিকল্পসমূহ

নিউ ইয়র্ক স্টেটে, শিক্ষার্থীরা তিন ধরনের ডিপ্লোমা অর্জন করতে পারে:

1. একটি রিজেন্টস ডিপ্লোমা
2. একটি অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা
3. একটি স্থানীয় বা লোকাল ডিপ্লোমা

এই সবগুলো ডিপ্লোমা বৈধ হাই স্কুল ডিপ্লোমা। অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমা শিক্ষার্থীদেরকে ম্যাথ, সায়েন্স, এবং ইংরেজি ভিন্ন অন্য ভাষায় বাড়তি দক্ষতা প্রদর্শন করার সুযোগ প্রদান করে।

একটি ডিপ্লোমা অর্জন করতে, শিক্ষার্থীদের অবশ্যই নির্দিষ্ট কোর্স ক্রেডিট অর্জন এবং নির্দিষ্ট রিজেন্টস্ পরীক্ষায় পাস করতে হবে। সকল শিক্ষার্থী একাধিক বার রিজেন্টস্ পরীক্ষা দিতে পারে। আপনি যদি বিশ্বাস করেন যে আপনার সন্তান গ্র্যাজুয়েশন হবার পথে অগ্রসর হচ্ছে না, তবে অনুগ্রহ করে অতিসত্বর আপনার স্কুলের গাইডেন্স কাউন্সেলরের সাথে কথা বলুন।

### পরীক্ষা

রিজেন্টস্ ডিপ্লোমা অর্জনের জন্য শিক্ষার্থীদের অবশ্যই পাঁচটি রিজেন্টস্ পরীক্ষায় অথবা চারটি রিজেন্টস্ পরীক্ষা ও অন্য একটি অনুমোদিত ক্রেডেনশিয়াল অথবা পরীক্ষায় পাস করতে হবে (যা কখনও 4+1 অপশন হিসেবে উল্লেখ করা হয়)। একটি ডিপ্লোমা পাবার জন্য সকল শিক্ষার্থীকে অবশ্যই 44 ক্রেডিট অর্জন করতে হবে।

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীগণ সেফটি নেট বিকল্পসমূহের মাধ্যমে স্থানীয় ডিপ্লোমা অর্জন করতে পারে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, কিছু শিক্ষার্থী ভিন্ন পরীক্ষার স্কোর অর্জনের মাধ্যমে স্থানীয় বা লোকাল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট হতে পারে।

একটি সেফটি নেট বিকল্প প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে ভিন্ন পরীক্ষার স্কোর অর্জনের মাধ্যমে স্থানীয় ডিপ্লোমাসহ গ্র্যাজুয়েট হবার সুযোগ প্রদান করে।

রিজেন্টস্ পরীক্ষা এবং অন্যান্য পরীক্ষায় নমনীয়তা সম্পর্কে আরও জানতে আপনার সন্তানের গাইডেন্স কাউন্সেলর এবং IEP টিমের সাথে কথা বলুন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements. দেখুন।

## কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (স্বীকৃতি সনদ)

বর্ণিত ডিপ্লোমার বিকল্পগুলো ছাড়াও, IEP-যুক্ত শিক্ষার্থীরা নিচে উল্লেখিত কমেন্সমেন্ট ক্রেডেনশিয়ালসমূহ (স্বীকৃতি সনদ) অর্জন করতে পারে।

- ক্যারিয়ার ডেভেলপমেন্ট অ্যান্ড অকুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল



▪ স্কিলস অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল

**ক্যারিয়ার ডেভেলাপমেন্ট অ্যান্ড অক্যুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল** শিক্ষার্থীরা নিউ ইয়র্ক স্টেটের CDOS শিক্ষণ মানে সংজ্ঞায়িত পেশাগত-প্রস্তুতির দক্ষতায় কতটা দক্ষ তার স্বীকৃতি দেয়ার জন্য ডিজাইন করা হয়েছে। যেসব হাই স্কুল শিক্ষার্থী কর্ম-ভিত্তিক শিক্ষার বিভিন্ন সুযোগে এবং/অথবা ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE) ক্লাসগুলোতে অংশগ্রহণ করে, তারা হাই স্কুল পরবর্তী জীবনের জন্য অধীক প্রস্তুত। এই অভিজ্ঞতাগুলি শিক্ষার্থীদেরকে তাদের ভবিষ্যত পেশা-জীবন এবং আগ্রহ নির্ধারণে সহায়তা প্রদান করে এবং অনেক সময় এগুলি অ্যাকাডেমিক কর্মসূচির প্রধান চ্যালেঞ্জিং অংশ হয়ে ওঠে। পেশাগত উন্নয়নের অভিজ্ঞতাসমূহ সম্পূরক হয়, এবং কোনও সমৃদ্ধ অ্যাকাডেমিক কর্মসূচিকে স্থানান্তরিত করে না। **সকল শিক্ষার্থী** একটি ডিপ্লোমার পাশাপাশি CDOS ক্রেডেনশিয়াল (স্বীকৃতিপত্র) অর্জন করতে পারে (এতে IEP-ছাড়া শিক্ষার্থীরাও অন্তর্ভুক্ত)। যদি কোনও শিক্ষার্থী 4-টি রিজেন্টস্ পরীক্ষায় পাস করে, তাহলে CDOS ক্রেডেনশিয়ালকে "+1" অপশন হিসেবেও ব্যবহার করা যেতে পারে যা ঐ শিক্ষার্থীর পরীক্ষার দেয়ার শর্তাবলী পূরণ করে।

**দ্যা স্কিলস এন্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (SACC)** শিক্ষার্থীদের স্কুল পরবর্তী জীবনযাপন, শিক্ষা অর্জন, এবং কাজের জন্য প্রয়োজনীয় শিক্ষায়তনিক, পেশা উন্নয়ন, এবং ভিত্তিমূলক দক্ষতাসমূহের শিক্ষার্থীর দক্ষতা, সফলতা, ও স্বনির্ভরতার স্তরের স্বীকৃতি দেয়। শুধুমাত্র গুরুতর প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যারা NYSAA-এ অংশগ্রহণ করে তারা SACC-এর যোগ্য। SACC-এর জন্য ন্যূনতম 12 বছরের শিক্ষা (কিন্ডারগার্টেন বাদে) আবশ্যক।

CDOS ক্রেডেনশিয়াল এবং SACC একটি *হাই* স্কুল ডিপ্লোমার সমতুল্য নয়। এগুলি শিক্ষার্থীদের ক্রেডিট অর্জন অথবা পরীক্ষায় পাস করা আবশ্যক করে না। বরং, CDOS ক্রেডেনশিয়াল এবং SACC শিক্ষার্থীদের জন্য বিভিন্ন দক্ষতা অর্জন এবং সেগুলোতে পারদর্শিতা প্রদর্শনের বিভিন্ন সুযোগ প্রদান করে যেগুলো তাদেরকে হাই স্কুল পরবর্তী কর্মজীবনে সফল হতে সহায়তা করতে পারে। যখন কোনও শিক্ষার্থী (হাই স্কুল

ডিপ্লোমার পরিবর্তে) একমাত্র ক্রেডেনশিয়াল হিসেবে CDOS ক্রেডেনশিয়াল অথবা SACC-সহ গ্র্যাজুয়েট হয়, তখন শিক্ষার্থীকে ডিপ্লোমা আবশ্যক এমন কোনো চাকরির গ্যারান্টি দেয়া হয় না এবং সে মিলিটারিতে যোগদান অথবা অনেক কলেজ এবং উত্তর-মাধ্যমিক (পোস্টসেকেন্ডারি) প্রতিষ্ঠানে যোগ দিতেও যোগ্য বিবেচিত হয় না। যেসব শিক্ষার্থী এই ক্রেডেনশিয়াল গ্রহণ করে তারা স্কুলে পড়া অব্যাহত রাখার যোগ্য যে পর্যন্ত না একটি হাই স্কুল ডিপ্লোমা অর্জন করে অথবা ঐ শিক্ষা বছরের শেষ নাগাদ পর্যন্ত যে বছরে তাদের বয়স 21 বছর হয় (যেটি আগে আসে)।

## ডিপ্লোমার বাধ্যবাধকতাসমূহ

ডিপ্লোমা পেতে, শিক্ষার্থীকে অবশ্যই 44 ক্রেডিট অর্জন করতে হবে।

| | | |
|---|---|---|
| **8** **ইংরেজি** ক্রেডিট | **8** **সোশ্যাল স্টাডিজ (সমাজ পাঠ)** ক্রেডিট | **4** গ্লোবাল হিস্টরি (বিশ্ব ইতিহাস) **2** U.S. হিস্টরি (যুক্তরাষ্ট্রের ইতিহাস), **1** গভর্নমেন্ট (সরকার), এবং **1** ইকোনমিকস্ (অর্থনীতি) |
| **6** **ম্যাথম্যাটিক্স (গণিত)** ক্রেডিট (ন্যূনতম **2** ক্রেডিট অ্যাডভান্সড্ ম্যাথ (উচ্চতর গণিত)) | **6** **সায়েন্স (বিজ্ঞান)** ক্রেডিট (ন্যূনতম **2** লাইফ সায়েন্স এবং **2** ফিজিক্যাল সায়েন্স) | **2** **ইংরেজি** ভিন্ন অন্য ভাষা ক্রেডিট (**6** অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমার জন্য ক্রেডিট) |
| **2** **আর্টস্** ক্রেডিট | **4** **ফিজিক্যাল এডুকেশন** ক্রেডিট | **1** **হেলথ্** ক্রেডিট |
| **7** **ঐচ্ছিক** ক্রেডিট (**3** ক্রেডিট অ্যাডভান্সড্ রিজেন্টস্ ডিপ্লোমার জন্য) | | |

যদি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর IEP উল্লেখ করে যে প্রতিবন্ধকতার কারণে ইংরেজি ভিন্ন অন্য ভাষার আবশ্যকতা পূরণ করা উপযুক্ত নয় তাহলে তাকে বাধ্যবাধকতা পূরণ করা থেকে ছাড় দেওয়া হতে পারে।


The College at
BROCKPORT
STATE UNIVERSITY OF NEW YORK
LEHIGH
LEHIGH


MERCY COLLEGE
MERCY COLLEGE
NEW YORK
MERCY COLLEGE
NEW YORK

সেকশন 7

# হাই স্কুল পরবর্তী জীবন—কলেজ, ক্যারিয়ার, এবং মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) পরিকল্পনা

আমরা নিশ্চিত করতে চাই যে সকল শিক্ষার্থী এমন শিক্ষা লাভ করুক যা তাদেরকে হাই স্কুল শেষে কলেজ, পেশাজীবন, এবং স্বাধীন জীবন-যাপনে সর্বোচ্চ সুযোগসমূহ প্রদান করে। আপনার সন্তান যেন সর্বোচ্চ সংখ্যক বিকল্প পথ পেতে পারে, মিডল্ এবং হাই স্কুল পরিকল্পনা তা নিশ্চিত করবে। এটি গুরুত্বপূর্ণ যে শিক্ষার্থী এবং পিতামাতাগণ যেন বুঝতে পারে যে একজন শিক্ষার্থী যে মিডল্ ও হাই স্কুলে যেসব কোর্স এবং পরীক্ষায় অংশ নেয় সেগুলো হাই স্কুল পরবর্তী জীবনের লক্ষ্যের সাথে কীভাবে সামঞ্জস্য হয়। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীকে লভ্য সর্বোচ্চ ডিপ্লোমা অর্জনের পথে অগ্রসর হতে উৎসাহিত করা হচ্ছে। হাই স্কুল শুরু করার পর, আপনার উচিত আপনার সন্তান, তার গাইডেন্স কাউন্সেলর এবং শিক্ষকদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা, যেন উভয় শিক্ষায়তনিক ও ব্যক্তিগত অর্জনের পরিকল্পনা ও লক্ষ্য রাখা যায়। আপনার সন্তানের হাই স্কুলের প্রথম বছরে, তার IEP টিমের সাথে তার ডিপ্লোমার অপশনগুলো নিয়ে আলোচনা করুন। পিতামাতা হিসেবে, উত্তরণ পরিকল্পনায় আপনার অংশগ্রহণ আপনার সন্তানের সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ। আপনার সন্তানের লক্ষ্য, আগ্রহ এবং সামর্থ্যের প্রতিফলনকারী একটি উত্তরণ পরিকল্পনা তৈরির জন্য আপনার সন্তানের স্কুলের স্টাফদের সাথে আপনি কাজ করবেন।

আপনার সন্তান হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার আগে, আপনি একটি লিখিত নোটিস পাবেন যা আপনার সন্তান যে ডিপ্লোমা বা ক্রেডেনশিয়াল পাবে তা উল্লেখ করবে এবং আপনাকে জানাবে যে আপনার সন্তান গ্র্যাজুয়েট হওয়ার পরে আর FAPE পাবার যোগ্য নয়। আপনার সন্তান যদি তার একমাত্র বিদ্যমান ক্রেডেনশিয়াল হিসেবে CDOS কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল অথবা স্কিলস্ অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল নিয়ে হাই স্কুল থেকে বের হয়, তবে তাকে লিখিতভাবে নিশ্চিত করা হবে যে, সে যেই বছর 21 বছর বয়সী হবে সেই শিক্ষা বছর পর্যন্ত স্কুলে পড়ার যোগ্য থাকবে। গ্র্যাজুয়েশনের বাধ্যবাধকতা সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য পেতে, এবং আপনার সন্তানের মিডল্ ও হাই স্কুলের পথ-পরিক্রমা নিয়ে পরিকল্পনার জন্য অন্যান্য মূল্যবান তথ্য-উপাত্ত পেতে, অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements দেখুন।

## উত্তরণ পরিকল্পনা

IEP-যুক্ত শিক্ষার্থীরা হাই স্কুল পরবর্তী জীবনের জন্য প্রস্তুত, সেটা নিশ্চিত করার জন্য যে প্রক্রিয়াটি ব্যবহার হয় তা হলো ট্রানজিশন প্ল্যানিং (উত্তরণ পরিকল্পনা)। যতটা সম্ভব পরিপূর্ণ ও স্বনির্ভরভাবে, কমিউনিটিতে জীবনযাপন, কাজকর্ম এবং খেলাধুলা করার জন্য আপনার সন্তানকে প্রস্তুত করতে একটি প্রাথমিক কাঠামো দেয়াই হলো এটির উদ্দেশ্য। এই প্রক্রিয়ায়, আপনি, আপনার সন্তান, স্কুল কর্মী, পরিবারের সদস্যবৃন্দ, এবং/অথবা কমিউনিটি সংগঠনগুলি তথ্য বিনিময় করেন, লক্ষ্য সম্পর্কে একমত হন, এবং আপনার সন্তানের হাই স্কুল-উত্তর জীবনের জন্য একটি পরিকল্পনা তৈরি করেন। আপনার সন্তান যেসব বিষয়ে ভালো, তার পছন্দ এবং আগ্রহগুলির ওপর নির্ভর করে, আপনার সন্তানকে তার লক্ষ্যে পৌঁছাতে সহায়তা প্রদানকারী বিভিন্ন কর্মকাণ্ড এবং পরিষেবা শনাক্ত করা হয়। এগুলিকে **উত্তরণ বিষয়ক কর্মকাণ্ডের সমন্বিত সেট (কোঅর্ডিনেটেড সেট অভ ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটি)** বলা হয়। এই উত্তরণ পরিকল্পনার প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া শুরু হয় যে বছর আপনার সন্তান 12 বছর বয়সী হয় (অথবা প্রযোজ্য হলে তারও আগে), যখন তাকে প্রথম বৃত্তিমূলক মূল্যায়ন প্রদান করা হয়। উত্তরণ পরিকল্পনা ও পরিষেবা একটি প্রক্রিয়া যা আপনার সন্তানের পুরো স্কুলের অভিজ্ঞতা জুড়ে চলে এবং

সমাপ্ত হয় **'স্টুডেন্ট এক্সিট সামারি' (শিক্ষাসমাপনী সারসংক্ষেপ)**-এর মাধ্যমে।

উত্তরণ পরিকল্পনা সম্পর্কিত বিস্তারিত তথ্যের জন্য, www.schools.nyc.gov/specialeducation সাইটে "পরিবারের জন্য উত্তরণ পরিকল্পনার গাইড: হাই স্কুল পরবর্তী জীবনের জন্য IEP-যুক্ত শিক্ষার্থীদের প্রস্তুত করা" (ফ্যামিলি গাইড টু ট্র্যানজিশন প্ল্যানিং: প্রিপেয়ারিং স্টুডেন্ট ইউথ IEPs ফর লাইফ আফটার হাই স্কুল) দেখুন।

## উত্তরণকালীন পরিষেবাসমূহের শর্তাবলীর উপরিচিত্র

প্রতিবন্ধিতাযুক্ত সকল শিক্ষার্থী যাতে FAPE সুবিধা লাভ করে তা নিশ্চিত করতে ফেডারেল এবং স্টেট আইন ও প্রবিধানসমূহ প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারের অধিকারের সুরক্ষা দেয়। এই আইন এবং প্রবিধানগুলি কিছু মানদণ্ড আছে যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য উত্তরণ পরিকল্পনায় প্রাসঙ্গিক। এখানে ফেডারেল এবং/অথবা স্টেট-এর আইন এবং প্রবিধানের অধীনে কিছু বিষয়ের গ্যারান্টি দেয়া হয়:

- প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীরা যে বছরে 12 বছর বয়সী হবে সেই বছরে তাদের অবশ্যই একটি বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) সম্পন্ন করতে হবে। বৃত্তিমূলক মূল্যায়ন সম্পর্কে আরও জানতে, নিচের **ট্র্যানজিশন অ্যান্ড ভোকেশনাল অ্যাসেসমেন্ট** (উত্তরণ এবং বৃত্তিমূলক মূল্যায়ন) সেকশনটি দেখুন।
- যখন আপনার সন্তান 14 বছর বয়সী হয় তখন থেকে শুরু করে, IEP টিম হাই স্কুল পরবর্তী আপনার সন্তানের জীবনের লক্ষ্যগুলো নিয়ে বিবেচনা শুরু করবে। এগুলোকে বলা হয় **পরিমাপযোগ্য মাধ্যমিক পরবর্তী লক্ষ্যসমূহ**। এই লক্ষ্যগুলো শিক্ষা, চাকরি এবং স্বনির্ভর জীবন-যাপনের দক্ষতার উপর মনোনিবেশ করে (যখন প্রয়োজন)। এই একই সময়ে, IEP টিম যেসব কর্মকাণ্ড আপনার সন্তানের মাধ্যমিক-পরবর্তী লক্ষ্যগুলো পূরণে সহায়ক হবে সেগুলো নির্ধারণ করবে। এগুলোকে **উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট** (কোঅর্ডিনেটেড সেট অভ ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) বলা হয়। আরও জানতে, **উত্তরণ এবং ইন্ডিভিজ্যুয়াল এডুকেশন প্রোগ্রাম (IEP)** সেকশনটি পড়ুন।
- যখন কোনও এজেন্সি থাকে যেটি আউট-অভ-স্কুল (স্কুল বহির্ভূত) বা মাধ্যমিক-পরবর্তী পরিষেবা প্রদান করে অথবা সেজন্য অর্থ দিতে দায়বদ্ধ থাকে, IEP টিম সেই এজেন্সির প্রতিনিধিকে উত্তরণ নিয়ে আলোচনার কোনও IEP মিটিংয়ে আমন্ত্রণ জানাতে আপনার সম্মতি চাইবে। আপনি "সংস্থানসমূহ" (রিসোর্সেস) সেকশনের সারণিতে **ট্র্যানজিশন সার্ভিস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস্**-এ কিছু এজেন্সি সম্পর্কে আরও জানতে পারেন।
- উত্তরণ পরিষেবা সম্পর্কে আলোচনার জন্য, আপনার সন্তানকে অবশ্যই IEP মিটিংয়ে আমন্ত্রণ জানানো হবে। IEP টিমের একজন গুরুত্বপূর্ণ সদস্য হিসেবে, তারা তাদের শক্তিশালী দিকগুলি, অগ্রাধিকার এবং আগ্রহ নিয়ে আলোচনা করতে সক্ষম হবে। শিক্ষার্থী যদি এই মিটিংয়ে যোগদানে সক্ষম না হয়, শিক্ষার্থীর অগ্রাধিকার ও আগ্রহ যাতে বিবেচিত এবং তার IEP-তে প্রতিফলিত হয় সেবিষয়টি IEP টিম অবশ্যই নিশ্চিত করবে।

## উত্তরণ ও বৃত্তিমূলক মূল্যায়নসমূহ

**উত্তরণ এবং বৃত্তিমূলক (ভোকেশনাল) মূল্যায়ন** আপনার সন্তানকে হাই স্কুলের পরে সে কী করবে এবং কেমন করে সেখানে পৌঁছা যায় তা ভাবতে সহায়তা করবে। এগুলি ব্যবহার করা হয় আপনার সন্তানের সক্ষমতা, অগ্রাধিকার, আচরণ, এবং আগ্রহ সম্পর্কিত তথ্য সংগ্রহের জন্য যাতে ভবিষ্যত শিক্ষা, জীবন-যাপন, ব্যক্তিগত, কমিউনিটি, এবং পেশাগত লক্ষ্য চিহ্নিত করা যায়। অতিরিক্তভাবে, এগুলি উচ্চ-মানের IEP এবং আপনার সন্তানের উত্তরণ পরিকল্পনা তৈরিতেও IEP টিমকে সহয়তা করে।

**উত্তরণ মূল্যায়নসমূহ** আপনার সন্তানের চাকরির আগ্রহ, অগ্রাধিকার, এবং দক্ষতার দিকেও লক্ষ্য রাখে। এগুলি এমন কিছু মুখ্য তথ্য প্রদান করে যা হাই স্কুল পরবর্তী জীবনে আপনার সন্তানের লক্ষ্য নির্ধারণে সহায়তা করবে।

**বৃত্তিমূলক (ভোকেশনাল) মূল্যায়নগুলো** হলো এক ধরনের উত্তরণ মূল্যায়ন। বৃত্তিমূলক (ভোকেশনাল) মূল্যায়নগুলো আপনাকে, আপনার সন্তানকে, এবং স্কুলকে আপনার সন্তান যেগুলোতে ভালো, তার আগ্রহ, ও আকাঙ্খার ভিত্তিতে ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহণে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে সহায়তা করে। এছাড়াও এগুলি শিক্ষকদেরকে আপনার সন্তান বিভিন্ন ভবিষ্যৎ ক্যারিয়ারের সুযোগের জন্য বর্তমানে কী কী পদক্ষেপ নিচ্ছে তা বুঝতে সাহায্য করে। এগুলি আপনার সন্তানের ক্ষমতা, দক্ষতা এবং প্রয়োজনীয় সহায়তা শনাক্ত করার দিকে নজর দেয়।

এই সব মূল্যায়ন "স্বাধীকার"-এর ধারণা তৈরির সহায়তায় ডিজাইন করা হয়েছে। স্বাধীকার বলতে বোঝায় যে, আপনার সন্তান তার পথ কী হবে সেবিষয়ে নিজের একটি মতামত থাকবে, বিশেষ করে শিক্ষা এবং প্রশিক্ষণে, চাকরিতে, এবং স্বাধীনভাবে জীবন-যাপনের দক্ষতায়।

বৃত্তিমূলক মূল্যায়ন আনুষ্ঠানিক অথবা অনানুষ্ঠানিক হতে পারে।

**অনানুষ্ঠানিক মূল্যায়নসমূহের** মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে ইন্টারভিউ, প্রশ্নাবলী, পর্যবেক্ষণ, আগ্রহের তালিকা, অগ্রাধিকার মূল্যায়ন এবং উত্তরণ পরিকল্পনার তালিকা। যে অনানুষ্ঠানিক মূল্যায়ন ব্যবহৃত হয় তার ভিত্তি আপনার সন্তানের বয়স এবং সক্ষমতা।

**আনুষ্ঠানিক মূল্যায়নগুলির** মধ্যে পড়ে আগ্রহের বিষয়ে টেস্ট, সাফল্যের টেস্ট, এবং স্ট্যান্ডার্ডাইজড্ টেস্ট। মূল্যায়নের ফলাফলগুলির মধ্যে আপনার সন্তানের বয়সী অন্যান্য শিক্ষার্থীদের নম্বরের পার্থক্য অন্তর্ভুক্ত। আনুষ্ঠানিক মূল্যায়ন অনেক সময় ব্যবহার করা হয়, যখন অনানুষ্ঠানিক মূল্যায়ন আপনার সন্তানের উচ্চ মানসম্পন্ন উত্তরণ পরিকল্পনা তৈরি করতে স্কুলগুলোর জন্য পর্যাপ্ত তথ্য প্রদান করে না।

**উত্তরণ মূল্যায়নসমূহ আপনার সন্তানের চাকরির আগ্রহ, অগ্রাধিকার, এবং দক্ষতার প্রতি অভিনিবেশ করে।**

আপনার সন্তান যে বছরে 12 বছর বয়সী হয় সেই ক্যালেন্ডার বছরের শুরুতে, বৃত্তিমূলক মূল্যায়ন পরিচালনার মাধ্যমে আপনি, আপনার সন্তান, এবং পরিকল্পনা দলের (প্ল্যানিং টিমের) অন্য সদস্যগণ উত্তরণ মূল্যায়ন প্রক্রিয়া শুরু করবেন। আপনার সন্তান যদি তার প্রথম IEP লাভের সময় 12 বছরের বেশি বয়সী হয়, তবে বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) ঐ সময়েই করা হবে।

## লেভেল I বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট)

লেভেল I (ওয়ান) বৃত্তিমূলক মূল্যায়ন একটি অনানুষ্ঠানিক মূল্যায়ন যার মধ্যে তিনটি অংশ রয়েছে – একটি শিক্ষার্থীর অংশ, একটি পিতামাতার অংশ, এবং একটি শিক্ষকের অংশ। স্কুল রেকর্ডের পর্যালোচনাও এই মূল্যায়নের একটি অংশ। এই মূল্যায়ন গ্র্যাজুয়েশনের পরবর্তী জীবনে আপনার সন্তানের আগ্রহ, অগ্রাধিকার, এবং লক্ষ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ করে যার মধ্যে ভবিষ্যত চাকরি, শিক্ষা, অথবা প্রশিক্ষণ রয়েছে। প্রতিটি IEP মিটিংয়ের আগে প্রয়োজন অনুযায়ী লেভেল I বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) হালনাগাদ করা হয়।

পিতামাতা হিসেবে, আপনার অবদান উত্তরণ মূল্যায়ন প্রক্রিয়ার জন্য গুরুত্বপূর্ণ। লেভেল I বৃত্তিমূলক মূল্যায়নে এবং যেকোনও IEP মিটিংয়ে যেখানে এইসব মূল্যায়নের বিষয় আলোচিত হয় সেখানে আপনি মতামত প্রদান করছেন সেবিষয়টি নিশ্চিত করুন।

## লেভেল II বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট)

অতিরিক্ত তথ্যের প্রয়োজন আছে বলে IEP টিম সিদ্ধান্ত নিলে, একটি লেভেল II বৃত্তিমূলক মূল্যায়নের (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) সুপারিশ করা হবে। একটি লেভেল II বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) একজন শিক্ষার্থীর বৃত্তিমূলক দক্ষতা, যেসব বিষয়ে ভালো ও তার আগ্রহ আছে, সেগুলোর স্তর নির্ধারণে সহায়তা করতে পারে। এটি একটি আনুষ্ঠানিক মূল্যায়ন যা নিয়মিত/স্ট্যান্ডার্ডাইজড্ যন্ত্র (ইন্সট্রুমেন্ট) ব্যবহার করে দক্ষতা এবং সক্ষমতা পরীক্ষা করে। এতে অন্তর্ভুক্ত হতে পারে ধারণা, সঞ্চালন, স্থান-সংশ্লিষ্ট বিষয়, মৌখিক, এবং/অথবা সাংখ্যিক অনুধাবন, মনোযোগ এবং/অথবা শেখার স্টাইল যা একটি আনুষ্ঠানিক মূল্যায়ন থেকে প্রাপ্ত।

### লেভেল III বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট)

একটি পরিস্থিতিগত বৃত্তিমূলক মূল্যায়ন যাকে অনেক সময় বলা হয় লেভেল III ভোকেশনাল অ্যাসেসমেন্ট (বৃত্তিমূলক মূল্যায়ন), তা সম্পন্ন করা হতে পারে যখন কোনও শিক্ষার্থী প্রকৃত অথবা আসলের অনুরূপ কর্ম-ভিত্তিক শেখার অভিজ্ঞতা অথবা কাজে অংশগ্রহণ করে। কর্ম-ভিত্তিক শিক্ষা-অভিজ্ঞতার মধ্যে অন্তর্ভুক্ত বেতনভোগী অথবা বেতন-ছাড়া ইন্টার্নশীপ, কমিউনিটিতে পরিষেবা এবং স্বেচ্ছাসেবামূলক কাজ, এবং বেতনভুক্ত চাকরি। পরিস্থিতিগত বৃত্তিমূলক মূল্যায়নে (সিচুয়েশনাল ভোকেশনাল অ্যাসেসমেন্ট), শিক্ষার্থীকে তার কাজের সাথে সম্পৃক্ত কোনও দায়িত্ব পালনের সময় পর্যবেক্ষণ করা হয়। এরপর, শিক্ষার্থীকে বিভিন্ন দক্ষতা অর্জনে সহায়তা করতে মতামত প্রদান করা হয় যা এখন এবং ভবিষ্যতে একটি সফল কর্ম অভিজ্ঞতা নিশ্চিত করে। লেভেল III বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) একজন শিক্ষার্থীর কর্মস্থলে সফলতায় সহায়তা করতে সহায়ক তথ্য প্রদান করতে পারে।



## উত্তরণ এবং ইন্ডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (IEP)

উত্তরণ পরিকল্পনার সাথে সবচেয়ে প্রাসঙ্গিক IEP সেকশনগুলোর ব্যাখ্যা নিচে দেয়া হয়েছে। তবে, বৃত্তিমূলক মূল্যায়নগুলো থেকে পাওয়া তথ্য পুরো IEP জুড়ে বিবেচিত হবে।

IEP মিটিংয়ে বিভিন্ন ধরনের গ্র্যাজুয়েশন নিয়ে আলোচনা এবং পরিকল্পনা করা হয়েছে। এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে প্রমোশনের মানদণ্ড, একজন শিক্ষার্থী যে কোর্সগুলো নেয়, এবং একজন শিক্ষার্থী বিকল্প নাকি প্রমিত (স্ট্যান্ডার্ড) মূল্যায়নে অংশগ্রহণ করে, সেগুলো তার জন্য লভ্য গ্র্যাজুয়েশনের অপশনগুলোতে প্রভাব ফেলে। শিক্ষার্থীরা তাদের মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যগুলি পূরণ করার জন্য নির্দিষ্ট পথে এগোচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য এই বিষয়গুলো অবশ্যই প্রতিটি IEP মিটিংয়ে বিবেচনা করতে হবে। গ্র্যাজুয়েশনের বিভিন্ন অপশন এবং শর্ত সম্পর্কে সর্বসাম্প্রতিক তথ্য পেতে, অনুগ্রহ করে: https://www.schools.nyc.gov/school-life/rules-for-students/graduation-requirements দেখুন।

### পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারী) লক্ষ্যসমূহ

আপনার সন্তানের IEP তার বয়স 14 হবার পর থেকে (অথবা প্রযোজ্য হলে, আরও কম বয়স থেকে) পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী লক্ষ্যগুলো অন্তর্ভুক্ত করা শুরু করবে। পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহে হাই স্কুলের পরে আপনার সন্তান কী করতে অথবা অর্জন করতে চায় তা উল্লেখ থাকবে। আপনার সন্তানের পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহের চিত্র আংশিকভাবে উত্তরণ এবং বৃত্তিমূলক মূল্যায়ন থেকে সংগৃহীত তথ্য দ্বারা তৈরি করা হয়। IEP মিটিংয়ের সময়, আপনি এবং আপনার সন্তান সহ (যখন উত্তরণ বিষয়ক আলোচনা করা হবে) IEP টিম এই মূল্যায়নগুলো এবং আপনার সন্তানের মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যগুলি পর্যালোচনা করবে। এটি বোঝা গুরুত্বপূর্ণ যে হাই স্কুলের পরে আপনার সন্তানের আগ্রহগুলির উন্নয়নের সাথে সাথে লক্ষ্যগুলি অনেকবারই পরিবর্তিত হতে পারে।

এই কারণে, প্রতি বছর IEP-এর বাকি অংশের পাশাপাশি মাধ্যমিক-পরবর্তী (পোস্ট-সেকেন্ডারি) লক্ষ্যসমূহ পর্যালোচনা এবং হালনাগাদ করা হয়। পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্ট-সেকেন্ডারি) লক্ষ্যসমূহের বিভিন্ন ক্ষেত্র হতে পারে:

- শিক্ষা/প্রশিক্ষণ
- চাকরি
- স্বনির্ভর জীবনযাপন (যদি প্রয়োজন হয়)

### বার্ষিক লক্ষ্যসমূহ

বার্ষিক লক্ষ্যসমূহে বর্ণিত থাকে আপনার সন্তান এক বছরে কতটা অর্জনের প্রত্যাশা করছে। এই লক্ষ্যগুলি আপনার সন্তানের প্রয়োজনীয় অ্যাকাডেমিক, সামাজিক, এবং শারীরিক দক্ষতার সাথে সমন্বিত যাতে হাই স্কুল পরবর্তী জীবনে তার লক্ষ্য অর্জন সম্ভব হয়। আপনার সন্তানের স্বতন্ত্র এবং অনন্য গুণাবলী ও চাহিদার ভিত্তিতে এবং সেগুলো হাই স্কুল পরবর্তী জীবনে তার আগ্রহ ও আকাঙ্খার সাথে সম্পর্ক রেখে উভয় পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী লক্ষ্য এবং বার্ষিক লক্ষ্যসমূহ তৈরি করা হয়।

### বিভিন্ন লক্ষ্যের নমুনা

যখন বার্ষিক লক্ষ্যসমূহ একটি শিক্ষা বছরে আপনার সন্তান কী অর্জন করবে সেটার প্রতি নজর দেয়, তখন পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহ আপনার সন্তান হাই স্কুলের পর কী করবে সেবিষয়ে মনোনিবেশ করে। প্রতিটি শিক্ষার্থীই যেমন ভিন্ন, ঠিক তেমনই হাই স্কুল পরবর্তী জীবনের জন্য তাদের পরিকল্পনাগুলোও ভিন্ন। বার্ষিক এবং পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্যসমূহের সমর্থনের সাথে একটি অনন্য স্কুল-পরবর্তী পরিকল্পনার উদাহরণ নিচে দেয়া হলো।

*উদাহরণ:* যদি শিক্ষার্থী A হাই স্কুল শেষে বাণিজ্যিক (কমার্শিয়াল) ট্রাক ড্রাইভার হতে চায়, তবে তাকে বাণিজ্যিক ড্রাইভারের লাইসেন্স টেস্ট পাস করার জন্য প্রয়োজনীয় দক্ষতা শিখতে হবে। শিক্ষার্থী A-এর বার্ষিক লক্ষ্য তার মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) কমার্শিয়াল ড্রাইভার হবার লক্ষ্যে সহায়তা দেবে।

***পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী (পোস্টসেকেন্ডারি) লক্ষ্য:*** *হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হবার পর, শিক্ষার্থী A দূর-পাল্লার ট্রাক ড্রাইভার হিসেবে একটি ফুল-টাইম (পূর্ণকালীন) চাকরি লাভ করবে।*

*বার্ষিক লক্ষ্য: শিক্ষার্থী A প্রকৃত তথ্য* (নন-ফিকশন) *ভিত্তিক পাঠ্যে যেভাবে ব্যবহৃত হয় সেরকম কিছু শব্দ এবং বাক্যাংশের অর্থ উদ্ধার করবে এবং মৌখিক ব্যাখ্যা দ্বারা যেভাবে পরিমাপ করা হয় সেই অনুযায়ী 4 বারের চেষ্টায় 3 বার অর্থাৎ 75% সঠিকভাবে।*

### উত্তরণ কর্মকাণ্ডসমূহের (ট্র্যাঞ্জিশন অ্যাক্টিভিটিজ) সমন্বিত সেট

উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট হলো সেইসব কর্মকাণ্ড এবং পরিষেবা যা আপনার সন্তানের লক্ষ্য পূরণের জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জনে সহায়ক হবে। আপনার সন্তানের IEP 14 বছর বয়স থেকে (অথবা প্রযোজ্য হলে, আরও কম বয়স থেকে) উত্তরণ কর্মকাণ্ডের একটি সমন্বিত সেট বিবেচনা করতে শুরু করবে। এইসব কর্মকাণ্ড এবং পরিষেবার ভিত্তি আপনার সন্তানের ব্যক্তিক চাহিদা, শক্তিশালী দিকসমূহ, অগ্রাধিকার, এবং আগ্রহ। প্রতিটি কর্মকাণ্ডের জন্য, কর্মকাণ্ড অথবা পরিষেবার জন্য যে ব্যক্তিটি দায়ী, সাধারণত স্কুল অথবা অন্য এজেন্সি, তাকে শনাক্ত করা হয়।

উত্তরণ কর্মকাণ্ডের সমন্বিত সেট ছয়টি শ্রেণীতে বিভক্ত:

- নির্দেশনা
- সংশ্লিষ্ট পরিষেবাসমূহ
- কমিউনিটিতে অভিজ্ঞতা
- চাকুরী এবং অন্যান্য স্কুল পরবর্তী প্রাপ্তবয়স্ক হিসেবে জীবনযাপন করার লক্ষ্য উন্নয়ন
- দৈনন্দিন জীবন-যাপনের দক্ষতা অর্জন (যদি প্রযোজ্য হয়)[4]
- ক্রিয়ামূলক বৃত্তিমূলক (ফাংশনাল ভোকেশনাল) মূল্যায়ন (যদি প্রযোজ্য হয়)

4 দৈনন্দিন জীবন-যাপনের দক্ষতা অর্জনের NYSED-এর ব্যাখ্যা http://www.p12.nysed.gov/specialed/publications/iepguidance/transition.htm -এ দেখুন।

## উত্তরণ পরিকল্পনার ভূমিকাসমূহ

নিচে IEP টিম-এর প্রতিটি সদস্যের IEP পরিকল্পনা প্রক্রিয়াটির উত্তরণ পরিকল্পনার সাথে সম্পর্কিত ভূমিকা ব্যাখ্যা করে। অতিরিক্তভাবে, সকল NYC মিডল্ স্কুল এবং হাই স্কুলগুলোর একজন ট্র্যাঞ্জিশন টিম লিডার শনাক্ত করার বাধ্যবাধকতা রয়েছে, যেন তিনি শিক্ষার্থীরা উত্তরণ চাহিদাসমূহ পূরণ হয়েছে এবং তারা মাধ্যমিক-পরবর্তী সফলতার পথ-পরিক্রমায় অগ্রসর হচ্ছে তা নিশ্চিত করতে নেতৃত্ব ও পথ-নির্দেশনা প্রদানে সহায়তা করতে পারেন।

### শিক্ষার্থী

- উত্তরণ পরিকল্পনার প্রক্রিয়া সম্পর্কে শেখে
- বৃত্তিমূলক মূল্যায়নে (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) তাদের অংশ সম্পন্ন করে
- আগ্রহ এবং সম্ভাব্য বৃত্তিমূলক (ভোকেশনাল) অথবা পেশাগত বিকল্পসমূহ অনুসন্ধান করে
- নিজস্ব-পক্ষাবলম্বন (অ্যাডভোকেসি) দক্ষতা গড়ে তোলে (উদাহরণস্বরূপ, তাদের আগ্রহ, অগ্রাধিকার, এবং লক্ষ্য প্রকাশ করতে শেখা উচিত)
- তাদের জন্য সর্বাধিক উপযুক্ত গ্র্যাজুয়েশনের বিকল্পগুলি নির্ধারণ করতে তারা যেসব বিষয়ে সবচেয়ে ভালো এবং তাদের বিভিন্ন চাহিদার প্রতিফলন করে
- পেশার সাথে সম্পৃক্ত উপযুক্ত কোর্স এবং/অথবা স্কুল কাউন্সেলর শনাক্ত করে
- তাদের প্রতিবন্ধিতা এবং প্রযোজ্য হলে, হাই স্কুলের পরে কীভাবে সহায়তা পওয়া যেতে পারে সেসম্পর্কে জানে
- সক্রিয়ভাবে IEP মিটিংগুলিতে যোগদান করে
- গ্র্যাজুয়েশনের শর্ত, বিভিন্ন ধরনের ডিপ্লোমা, এবং অন্য যেকোনো বিষয় নিয়ে প্রশ্ন জিজ্ঞাসা করে

### পিতামাতা/অভিভাবক

- উত্তরণ পরিকল্পনার প্রক্রিয়া সম্পর্কে জানুন
- আপনার সন্তান যেসব বিষয়ে ভালো, তার চাহিদা ও পছন্দসমূহ সম্বন্ধে পর্যক্ষণ, চিন্তাভাবনা, এবং উদ্বেগ IEP টিমের সাথে শেয়ার করুন
- বৃত্তিমূলক মূল্যায়নে (ভোকেশনাল অ্যাসেসমেন্ট) পিতা-মাতার অংশটি পূরণ করুন
- আপনার সন্তানকে তার বিভিন্ন বর্তমান আগ্রহ এবং ভবিষ্যৎ লক্ষ্য অন্বেষণে সহায়তা করুন
- আপনার সন্তানের পক্ষাবলম্বন করুন এবং তাদের আত্মপ্রতিনিধিত্বের দক্ষতাসমূহ গড়ে তুলতে সহায়তা করুন
- গ্র্যাজুয়েশনের শর্তাবলী, ডিপ্লোমা অর্জনের পথ-পরিক্রমা, স্কুল-পরবর্তী অপশনগুলো, এবং বিভিন্ন সংস্থান (রিসোর্স) সম্পর্কে অবগত হোন (আরও তথ্যের জন্য **সেকশন 7 : গ্র্যাজুয়েশন ফর স্টুডেন্টস্ উইদ IEPs** দেখুন)
- আপনার সন্তানের যতটা সম্ভব স্বাবলম্বী হয়ে ওঠার জন্য তার যে সহায়তা প্রয়োজন তা নির্ধারণ করুন
- বিভিন্ন ব্যক্তি, কমিউনিটি এজেন্সি, এবং অন্যান্য সংস্থান বা রিসোর্স শনাক্ত করুন যা আপনার সন্তানকে তার লক্ষ্যসমূহে পৌঁছাতে সাহায্য করতে পারে
- যদি কোনও **ট্র্যানজিশন সার্ভিস এজেন্সি (উত্তরণ পরিষেবা সংস্থা)** (যা অংশগ্রহণকারী বা পার্টিসিপেটিং এজেন্সি নামেও পরিচিত) শনাক্ত করা হয়, তবে IEP মিটিংয়ে একজন এজেন্সি প্রতিনিধিকে আমন্ত্রণের সম্মতি প্রদানের বিষয়টি বিবেচনা করুন (সংস্থান বা রিসোর্স সেকশন *ট্র্যানজিশন সার্ভিসেস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস্* (উত্তরণ পরিষেবা সংস্থা এবং প্রাপ্তবয়স্ক পরিষেবা ব্যবস্থা) পর্যালোচনা করুন)
- আপনার সন্তানের IEP মিটিংয়ে সক্রিয়ভাবে অংশগ্রহণ করুন
- উত্তরণ-সম্পর্কিত পরিষেবা এবং কার্যকলাপগুলির রেকর্ড রাখুন
- প্রশ্ন জিজ্ঞাসা করুন

### শিক্ষক/কেস ম্যানেজার

- হাই স্কুল পরবর্তী জীবনের জন্য আপনার সন্তানের লক্ষ্য অনুসন্ধানে সহায়তা করে
- শিক্ষা, কর্মসংস্থান, এবং স্বাধীন জীবন-যাপনের সাথে সংশ্লিষ্ট আপনার সন্তানের শক্তিশালী দিকসমূহ, চাহিদা, এবং অগ্রাধিকার সম্পর্কে জানতে বিভিন্ন উত্তরণ মূল্যায়ন পরিচালনা করে
- পরিমাপযোগ্য মাধ্যমিক-পরবর্তী লক্ষ্য তৈরির জন্য আপনার সন্তানের সাথে কাজ করে

- আপনার সন্তানকে তার লক্ষ্যের সাথে সমতা রেখে একটি সমন্বিত উত্তরণ কর্মকাণ্ডে সংশ্লিষ্ট করে
- বাইরের এজেন্সিসমূহ এবং তাদের কর্মসূচির সাথে পরিচিত করে এবং যেখানে প্রযোজ্য প্রাসঙ্গিক এজেন্সিগুলির সাথে যুক্ত করে
- স্বার্থসংশ্লিষ্ট সকলকে অন্তর্ভুক্ত করে IEP মিটিংগুলির সমন্বয় করে
- প্রক্রিয়াটিতে পরিবারকে সংশ্লিষ্ট করে, এতে অন্তর্ভুক্ত যখন প্রয়োজন আপনার কাছ থেকে সম্মতি গ্রহণ (উদাহরণস্বরূপ, কোনও অংশগ্রহণকারী এজেন্সিকে আমন্ত্রণ জানানো)
- স্বাধীকার এবং পক্ষাবলম্বনের দক্ষতা বিষয়ে প্রত্যক্ষ নির্দেশনা প্রদান করে
- প্রতিবন্ধিতাযুক্তদের অধিকার সম্পর্কে পথ-নির্দেশনা প্রদান করে
- আপনার সন্তানকে তার IEP-এর লক্ষ্যসমূহে অগ্রসর হওয়া সম্পর্কিত বিষয়ে স্কুল কর্মীদের সাথে যোগাযোগ করতে উৎসাহিত করে।

### স্কুল কাউন্সেলরের ভূমিকা

- আপনার সন্তানের কাঙ্খিত পেশাজীবনের পথে তার পেশাগত বিভিন্ন আগ্রহ এবং দক্ষতার মূল্যায়ন করে
- আপনার সন্তান এবং IEP টিমের অন্য সদস্যদের পাশাপাশি, হাই স্কুলে আপনার সন্তানের সময়ের জন্য একটি পরিকল্পনা তৈরি করে
- শিক্ষার্থী এবং IEP টিমের অন্য সদস্যদের পাশাপাশি, আপনার সন্তানের বার্ষিক উত্তরণ পরিকল্পনা তৈরি/ হালনাগাদ করে
- আপনার সন্তান যেবিষয়গুলোতে ভালো, তার আগ্রহ, চাহিদা, ও পছন্দগুলো সম্পর্কে আলোচনায় নেতৃত্ব দেন
- শিক্ষার্থী এবং তার পরিবারের সাথে গ্র্যাজুয়েশনের শর্তাবলী, ডিপ্লোমা অর্জনের পথসমূহ, স্কুল-পরবর্তী বিকল্পসমূহ, এবং বিভিন্ন সংস্থান বা রিসোর্স নিয়ে আলোচনা করে
- আপনার সন্তানকে তার লক্ষ্যে পৌঁছানোয় সহায়তা প্রদানের বিভিন্ন উপায়ের উপর পরামর্শ প্রদান করে

## উত্তরণ পরিকল্পনার প্রক্রিয়া সম্পর্কে জানতে আপনার সন্তানকে উৎসাহিত করুন

### উত্তরণ পরিষেবা এজেন্সির প্রতিনিধি

**উত্তরণ পরিষেবা সংস্থা (ট্র্যাঞ্জিশন সার্ভিস এজেন্সি)** (যা "পার্টিসিপেটিং বা অংশগ্রহণকারী এজেন্সি" নামেও পরিচিত) একটি এজেন্সি যা আপনার সন্তানের হাই স্কুল ত্যাগের পরে সম্ভাব্য পরিষেবা প্রদান অথবা পরিষেবার জন্য অর্থ প্রদান করে। যদি কোনও এজেন্সি পরিষেবা প্রদান অথবা পরিষেবার জন্য অর্থ পরিশোধের দায়িত্ব পালন করে, আপনার সন্তানের স্কুলের উচিত সেই এজেন্সিটিকে শনাক্তকরণে সহায়তা প্রদান করা এবং আপনার সন্তানের IEP মিটিংয়ে ঐ এজেন্সির একজন প্রতিনিধিকে আমন্ত্রণ জানাতে আপনার কাছ থেকে সম্মতির অনুরোধ করবে। অংশগ্রহণকারী এজেন্সিগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, রিসোর্সের সেকশন *ট্র্যানজিশন সার্ভিস এজেন্সিস অ্যান্ড অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস্* দেখুন।

- আমন্ত্রিত হলে, IEP মিটিংগুলিতে যোগদান করে
- আমন্ত্রিত হলে যখন অংশগ্রহণকারী এজেন্সি IEP মিটিংয়ে যোগদান করে না, অংশগ্রহণকারী এজেন্সির প্রতিনিধির উচিত উত্তরণ পরিষেবাসমূহের পরিকল্পনায় সংশ্লিষ্ট হওয়া
- পরিকল্পনা এবং পরিষেবার একটি শেয়ারকৃত বোঝাপড়া নিশ্চিত করতে অন্য IEP টিম সদস্যদের সাথে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে
- আপনার সন্তানের লক্ষ্যে পৌঁছানোতে সহায়তা প্রদান করতে লভ্য রিসোর্স এবং সহায়তার বিষয়ে তথ্য প্রদান করে
- আপনার সন্তানকে তার লক্ষ্য অর্জনে সহায়তা প্রদান করতে রিসোর্স এবং সহায়তার প্রদান করে
- আপনার সন্তান হাই স্কুল ত্যাগ করার পর যেসব পরিষেবা প্রদান করা যেতে পারে সেসবের ব্যাখ্যা দেয়।

সেকশন

# ৪ সহায়তাপ্রাপ্তি

## পিতামাতার অধিকারসমূহ

আপনার সন্তানের শিক্ষায় এবং IEP প্রক্রিয়ায় আপনার অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

আপনার সন্তানের স্পেশাল এডুকেশন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট হবার বিভিন্ন ধাপে আপনাকে প্রসিডিউরাল সেফগার্ড নোটিসের (পদ্ধতিগত সুরক্ষামূলক বিজ্ঞপ্তি) একটি কপি প্রদান করা হবে। এই নোটিসে একজন প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর পিতামাতা হিসেবে আপনার অধিকারের একটি বিবৃতি ও ভূমিকা রয়েছে। এটি NYCPS-এর ওয়েবসাইট https://www.schools.nyc.gov/special-education/help/your-rights -এ পাওয়া যাবে।

আপনি আপনার অংশগ্রহণের অধিকার পূর্ণমাত্রায় প্রয়োগ করতে সক্ষম হয়েছেন সেবিষয়টি নিশ্চিত করতে, আপনার নিম্নলিখিত অধিকারগুলিও রয়েছে:

### সম্পূর্ণরূপে সজ্ঞাত হওয়ার অধিকার

শিক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে আপনাকে আপনার অধিকারের ব্যাপারে আপনার পছন্দের ভাষায় অথবা যোগাযোগের মাধ্যমে পর্যাপ্তভাবে অবহিত করতে হবে।

### সম্মতি প্রদানের অধিকার

এই ফ্যামিলি গাইডে কিছু দৃষ্টান্ত দেয়া হয়েছে, যেসব ক্ষেত্রে আপনাকে সম্মতি দিতে বলা হবে। আপনার সম্মতি প্রদানের আগে, স্কুল অথবা CSE অবশ্যই আপনার পছন্দের ভাষায় সম্পূর্ণভাবে আপনি যে পদক্ষেপের জন্য সম্মতি প্রদান করছেন সেটার সাথে প্রাসঙ্গিক সকল তথ্য আপনাকে জানাবে। আপনি যদি সম্মতি প্রদান করেন, এর অর্থ দাঁড়ায় যে আপনি এই পদক্ষেপটি বুঝেছেন এবং লিখিতভাবে সম্মত আছেন।

সম্মতি প্রদান ঐচ্ছিক। আপনি যেকোনো সময় এই সম্মতি পরিবর্তন করতে পারেন। আপনি সম্মতি প্রত্যাহার করলেও তাতে আপনি সম্মতি প্রদানের পর ও সম্মতি প্রত্যাহারের অন্তর্বর্তীকালে গৃহীত কোনও পদক্ষেপ বাতিল হয়ে যাবে না।

### অংশগ্রহণের অধিকার

আপনার সন্তানের সকল শিক্ষা-সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণে আপনার অংশগ্রহণের  অধিকার আছে। IEP মিটিংগুলিতে যোগদান করে আপনি এই অধিকার প্রয়োগ করতে পারেন। আপনার সন্তানের IEP টিমের আপনি একজন গুরুত্বপূর্ণ সদস্য, এবং আপনি যাতে এইসব মিটিংগুলিতে যোগ দেন সেবিষয়টি নিশ্চিত করতে স্কুল অথবা CSE আপনার সাথে কাজ করবে।

আপনি অন্য ব্যক্তিবর্গ যাদের আপনার সন্তান অথবা তার প্রতিবন্ধিতা সম্পর্কে ধারণা রয়েছে তাদেরকে IEP মিটিংগুলিতে আনার মাধ্যমেও আপনার অধিকার প্রয়োগ করতে পারেন।

আপনার যদি IEP মিটিংয়ে দোভাষী প্রয়োজন হয়, তাহলে NYCPS অবশ্যই একজনের ব্যবস্থা করবে।

### চ্যালেঞ্জ করার অধিকার

আপনার সন্তানের ব্যাপারে স্কুলের গৃহীত সিদ্ধান্তকে আপনার চ্যালেঞ্জ করার অধিকার আছে। আপনার সন্তানের শিক্ষাকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করা অথবা মতপার্থক্য নিষ্পত্তি করার জন্য আপনি মধ্যস্থতা অথবা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করতে পারেন। মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানিতে আপনার যদি একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে NYCPS একজনের ব্যবস্থা করবে।

আপনার ন্যায্য প্রক্রিয়ার অধিকার - যার অন্তর্ভুক্ত মধ্যস্থতা ও নিরপেক্ষ শুনানি বা হিয়ারিং - যা নিচের সেকশনে "উদ্বেগ নিরসন" সম্পর্কে আরও বিশদভাবে আলোচিত হয়েছে।

# আপনার সন্তানের সকল শিক্ষা-সংক্রান্ত সিদ্ধান্ত-গ্রহণে আপনার অংশগ্রহণের অধিকার আছে।

### আপিলের অধিকার

আপনার নিউ ইয়র্ক স্টেট রিভিউ অফিসারের কাছে ইমপারশিয়াল হিয়ারিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার অধিকার আছে। এছাড়াও আপনার ফেডারেল কোর্টে স্টেট রিভিউ অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করারও অধিকার আছে।

যদি NYCPS নিরপেক্ষ শুনানি বা ইমপার্শিয়াল হিয়ারিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করে, আপনার আপিল প্রতিদ্বন্দ্বিতা করার অধিকার আছে।

নিরপেক্ষ শুনানি এবং আপিল বিষয়ে আরও তথ্যের জন্য, **উদ্বেগ নিরসন** সম্পর্কিত নিচের অংশটি দেখুন।

### IEP মিটিংয়ে একজন অতিরিক্ত সার্টিফাইড প্যারেন্ট মেম্বার (সনদপ্রাপ্ত পিতামাতা সদস্য) থাকার অধিকার রয়েছে

একজন সার্টিফাইড প্যারেন্ট মেম্বার (সনদপ্রাপ্ত পিতামাতা সদস্য) সদস্যকে IEP মিটিংয়ে উপস্থিত হতে অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। আপনার সন্তানের IEP টিম মিটিংয়ের কমপক্ষে 72 ঘণ্টা আগে লিখিতভাবে আপনাকে অবশ্যই এর জন্য অনুরোধ জানাতে হবে।

### আপনার সন্তানের স্কুল রেকর্ডগুলি পাবার এবং/অথবা যাচাই করার অধিকার

আপনার সন্তানের রেকর্ড সংগ্রহের অনুরোধ করার এবং যাচাই করার অধিকার আপনার আছে।

IEP মিটিংয়ের আগে, আপনি সকল রিপোর্ট এবং মূল্যায়ন যা বিবেচিত হতে পারে সেগুলি পর্যালোচনা এবং বিবেচনার জন্য প্রস্তুত করতে পারেন। মিটিংয়ের আগে এইসব রিপোর্ট এবং মূল্যায়নের অনুরোধ জানাতে, আপনি আপনার সন্তানের IEP টিমের কাছে এই অনুরোধ জানাতে পারেন।

অনেকসময় পিতামাতাগণ তাদের সন্তানের রেকর্ডে যেসব মন্তব্য থাকে সেগুলির সাথে অসম্মত হতে পারেন। যদি তা হয়, তাহলে আপনি যে বিষয়ে অসম্মত, তা নিয়ে কথা বলার জন্য স্কুল অথবা CSE-এর চেয়ারপারসনের সাথে সাক্ষাৎ করতে পারেন। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations -এ চ্যান্সেলরের প্রবিধান A-820, “কনফিডেনশিয়ালিটি অ্যান্ড রিলিজ অভ স্টুডেন্ট রেকর্ডস্; রেকর্ডস্ রিটেনশন” (শিক্ষার্থীর রেকর্ডে গোপনীয়তা রক্ষা এবং প্রকাশ; রেকর্ড সংরক্ষণ) দেখুন।

### ন্যায়বিচার পাওয়ার অধিকার

আপনার সন্তানের যোগ্যতা, মূল্যায়ন, পরিষেবা, এবং ভর্তি বিষয়ে IEP টিমের সিদ্ধান্ত চ্যালেঞ্জ করার অধিকার আপনার রয়েছে। আপনি যদি IEP টিমের পদক্ষেপের অথবা তাদের পদক্ষেপ গ্রহণে অস্বীকৃতির সাথে সম্মত না হন, তাহলে আপনি **মধ্যস্থতা** বা **নিরপেক্ষ শুনানির** অনুরোধ জানাতে পারেন।

## উদ্বেগ নিরসন

আপনার সন্তানের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা সম্পর্কে আপনার সহায়তা প্রয়োজন হলে অথবা প্রশ্ন থাকলে সমাধানের জন্য আপনি গ্রহণ করতে পারেন এমন বিভিন্ন ধাপ রয়েছে।

1. **আপনার সন্তানের IEP টিমের সঙ্গে কথা বলুন।** এতে অন্তর্ভুক্ত হতে পারে তার শিক্ষক, সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারী, স্কুলের সাইকোলজিস্ট, অথবা গাইডেন্স কাউন্সেলর। এর পরিবর্তে, আপনার সন্তান যদি নন-পাবলিক স্কুলে যায়, আপনার CSE-এর সাথে যোগাযোগ করুন। এই পেশাদারী ব্যক্তিগণ আপনার সন্তানের সাথে সরাসরি কাজ করেন এবং তাকে সবচেয়ে ভালোভাবে জানে। আপনার সন্তানের চাহিদা পূরণ নিশ্চিত করতে তারা আপনার সাথে কাজ করতে পারে।
2. **প্রিন্সিপালের সাথে বৈঠক আয়োজন।** প্রিন্সিপাল আপনার সাথে আপনার উদ্বেগ নিয়ে আলোচনা করবে, সেসবের সমাধান পরিকল্পনায় একযোগে কাজ করবে, এবং তারপর স্কুল কর্মী যেন পরিকল্পনাটি বাস্তবায়ন করে তা নিশ্চিত করবে।



3. **সুপারিনটেনডেন্টের অফিসে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের (FSC) সাথে যোগাযোগ করুন।** FSC পরিবারদের তথ্য এবং বিভিন্ন সংস্থান বা রিসোর্স প্রদান করে। তারা আপনার এবং স্কুলের সাথে যেকোনো বিষয়ে নিবিড়ভাবে কাজ করবে, এতে অন্তর্ভুক্ত স্পেশাল এডুকেশনের সাথে সম্পর্কিত বিষয়সমূহ।
4. **ইমেইল করুন SpecialEducation@schools.nyc.gov ঠিকানায়।** আপনার স্কুলের বরো অথবা সিটিওয়াইড অফিসের পাশাপাশি সেন্ট্রাল স্পেশাল এডুকেশন অফিসের কর্মীগণও সমাধান খুঁজে দিতে আপনাকে সহায়তা করবে।
5. **718-935-2007 অথবা 311 নম্বরে স্পেশাল এডুকেশন হটলাইনে ফোন করুন।** স্পেশাল এডুকেশনের সাথে সম্পর্কিত 311 নম্বরের কল সেন্ট্রাল স্পেশাল এডুকেশন অফিসের সাথে শেয়ার করা হয়। তারা আপনাকে সমাধান খুঁজে দিতে সহায়তা করবে।
6. **নিউ ইয়র্ক স্টেট স্পেশাল এডুকেশনের একটি প্যারেন্ট সেন্টারের সাথে যোগাযোগ করুন।** নিউ ইয়র্ক স্টেট স্পেশাল এডুকেশন প্যারেন্ট সেন্টারগুলি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পিতামাতা ও অভিভাবককে তাদের সন্তানের প্রতিবন্ধিতা ও স্পেশাল এডুকেশন প্রক্রিয়া বুঝতে তথ্য, রিসোর্স, এবং কৌশল প্রদানের মাধ্যমে সহায়তা করে। আরও জানতে www.nysed.gov/early-learning/suggested-websites-families দেখুন।
7. **মধ্যস্থতার জন্য অনুরোধ জানান।** স্টেট জুড়ে 24-টি কমিউনিটি ডিসপিউট রেজোল্যুশন সেন্টার (কমিউনিটি দ্বন্দ্ব নিরসন কেন্দ্র) রয়েছে যা স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের সাথে একটি চুক্তির অধীনে কাজের মাধ্যমে মধ্যস্থতা পরিষেবা প্রদান করে। এই মধ্যস্থতাকারীগণ NYCPS-এর অঙ্গীভূত নয়; তাদের একমাত্র লক্ষ্য সমঝোতা এবং কার্যকরভাবে বিরোধ নিষ্পত্তি করা।

   মধ্যস্থতা চলাকালে, আপনি এবং IEP টিমের একজন সদস্য নিরপেক্ষ তৃতীয় কোনও পক্ষের সাথে বসবেন যিনি ঐক্যমতে পৌঁছানোর জন্য আপনাকে এবং NYCPS-কে সহায়তা ও উৎসাহ দেবেন। একজন বিশেষভাবে প্রশিক্ষিত অনুমোদিত মধ্যস্থতাকারী মধ্যস্থতা পরিচালনা করবেন। মধ্যস্থতার সময়, আপনি এবং NYCPS সমস্যা নিয়ে আলোচনা করবেন এবং একটি পারস্পরিক সম্মত সমাধানে পৌঁছুতে একসাথে কাজ করবেন।

আপনি ইমপার্শিয়াল হিয়ারিং অফিসে ইমেইল করে মধ্যস্থতার অনুরোধ করতে পারেন। IHOQuest@schools.nyc.gov.

8. **একটি নিরপেক্ষ হিয়ারিংয়ের অনুরোধ জানান।** পিতামাতা হিসেবে, একটি "নিরপেক্ষ শুনানির" (ইমপার্শিয়াল হিয়ারিং) অনুরোধ জানাবার অধিকার আপনার আছে। NYCPS সীমিত সমস্যা সমাধানের উদ্দেশ্যেও নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) অনুরোধ করার জন্যেও অনুমোদিত, যেমন কোনও শিক্ষার্থীর মূল্যায়নে জন্য পিতামাতার সম্মতি লাভ। নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) একটি আইনি প্রক্রিয়া। নিরপেক্ষ শুনানির সময়, আপনি একজন ইমপারশিয়াল হিয়ারিং অফিসারের (নিরপেক্ষ শুনানি কর্মকর্তা) মুখোমুখি হবেন এবং আপনার পক্ষের বক্তব্য তুলে ধরবেন। হিয়ারিং অফিসার (শুনানির কর্মকর্তা) একজন NYCPS-এর কর্মী *নন*। হিয়ারিং অফিসার ও NYCPS-এর প্রতিনিধি আপনার কথা শুনবেন, সাক্ষিদের জবানবন্দি ও প্রামাণ্য দলিল গ্রহণ করবেন, এবং আপনার উত্থাপিত সমস্যা কীভাবে সমাধান করা হবে, সেবিষয়ে লিখিত সিদ্ধান্ত প্রদান করবেন।

নিরপেক্ষ শুনানির লিখিত অনুরোধ ইমপারশিয়াল হিয়ারিং অফিসে নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Impartial Hearings
131 Livingston Street, Room 201
Brooklyn, New York 11201
718-935-3280

আপনার নিরপেক্ষ শুনানির অনুরোধ অবশ্যই:

- লিখিত হতে হবে;
- আপনার উদ্বেগের সাথে সংশ্লিষ্ট বিষয় এবং আপনার প্রস্তাবিত সমাধানের বর্ণনা দিতে হবে;
- আপনার সন্তানের নাম এবং ঠিকানা উল্লেখ করুন; এবং
- আপনার সন্তান যে স্কুলে পড়ছে সেটার নাম।

একটি নিরপেক্ষ শুনানি অনুরোধ করতে উল্লেখিত ঠিকানায় ইমেইল করুন: IHOQuest@schools.nyc.gov এবং/অথবা উল্লেখিত নম্বরে ফ্যাক্স করুন: **ফ্যাক্স #: (718) 391-6181.**

## নিরপেক্ষ শুনানির (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়া

আপনি যদি নিরপেক্ষ শুনানির (ইমপার্শিয়াল হিয়ারিং) কোনও অনুরোধ জানিয়ে থাকেন, তবে "স্থগিত" (pendency) (কখনও "যেভাবে আছে সেভাবেই রাখা" (stay-put) বলা হয়) প্রযোজ্য হয়। এর অর্থ হচ্ছে যে ন্যায় বিচার লাভের প্রক্রিয়া চলাকালে বিষয়টির নিষ্পত্তি না হওয়া কিংবা আপনার ও NYCPS-এর মধ্যে ঐকমত্য না হওয়া পর্যন্ত আপনার সন্তান যেখানে অবস্থান করছে, সেখানেই সে অবস্থান করবে।

### *সিদ্ধান্ত*

আপনি একটি নিরপেক্ষ শুনানির আবেদনের 15 দিনের মধ্যে NYCPS আপনি যে সমস্যাগুলোর বিবরণ দিয়ে আপনার অনুরোধ জানিয়েছেন সেগুলো নিয়ে আপনার সাথে আলোচনায় বসবে।

একটি সিদ্ধান্ত গ্রহণের সভা (রেজোল্যুশন মিটিং) এই তিনটি ক্ষেত্রে অনুষ্ঠিত হবে না:

1. যদি আপনি এবং NYCPS **লিখিতভাবে** রিজোল্যুশন মিটিং ছাড় দিতে একমত হন, তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসকে অবশ্যই জানাতে হবে এবং 14 ক্যালেন্ডার দিবসের মধ্যে একটি নিরপেক্ষ শুনানির আয়োজন করা হবে।
2. আপনি যদি একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ প্রত্যাহার করেন, তাহলে রিজোল্যুশন মিটিং আয়োজনের প্রয়োজন হবে না।
3. যদি একটি রিজোল্যুশন মিটিং আয়োজনের জন্য NYCPS প্রামাণ্য প্রচেষ্টা গ্রহণ করে থাকে এবং আপনি অংশগ্রহণ না করে থাকেন (এবং আপনি এবং NYCPS লিখিতভাবে রিজোল্যুশন মিটিং ছাড় না দিতে সম্মত না হয়ে থাকেন), তাহলে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসারকে অবশ্যই জানাতে হবে এবং NYCPS-এর আপনার অনুরোধ বাতিল করতে বলার অধিকার থাকবে।

*শুনানির প্রক্রিয়া*

একটি নিরপেক্ষ শুনানির আবেদন পাওয়ার পর আপনি নিরপেক্ষ শুনানি প্রক্রিয়ার একটি পূর্ণ বিবরণ পাবেন। নিরপেক্ষ শুনানির সময়সূচি তৈরির জন্য আপনার সাথে ফোনে যোগাযোগ করা হতে পারে। আপনাকে লিখিতভাবে সূচিভুক্ত তারিখ, সময় এবং স্থানের তথ্যও জানানো হতে পারে।

শুনানিতে একজন অ্যাটর্নি উপস্থিত রাখার অধিকার আপনার আছে। আপনি যদি কোনও অ্যাটর্নি (আইনজীবি) কর্তৃক আপনার প্রতিনিধিত্ব চান, শুনানির আগে তাদের নিরপেক্ষ হিয়ারিং অফিসের সাথে একটি নোটিস অভ অ্যাপিয়ারেন্স (হাজির হবার বিজ্ঞপ্তি) দাখিল করতে হবে।

আপনার যদি কোনও দোভাষী আবশ্যক হয়, তবে অনুগ্রহ করে ইমপার্শিয়াল হিয়ারিং অফিসে জানিয়ে দিন। অনুরোধ সাপেক্ষে দোভাষী সেবা প্রদান করা হবে।

শুনানির পর, ইমপার্শিয়াল হিয়ারিং অফিসার একটি সিদ্ধান্ত জারি করবেন। সিদ্ধান্তের একটি কপি আপনাকে ডাকযোগে পাঠানো হবে।

হিয়ারিং অফিসারের সিদ্ধান্ত পুরোপুরি শুনানিতে উপস্থাপিত প্রমাণের উপর নির্ভর করে গৃহীত হবে। এতে সিদ্ধান্তের কারণ ও ভিত্তি অন্তর্ভুক্ত থাকা উচিত। সিদ্ধান্তটি আপনাকে ও NYCPS-কে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে নিউ ইয়র্ক স্টেটের রিভিউ অফিসারের কাছে আপিলের অধিকার সম্পর্কে অবহিত করবে।

*স্টেট-এর রিভিউ অফিসারের কাছে আপিল*

নিরপেক্ষ শুনানিতে নেয়া সিদ্ধান্তের সাথে আপনি যদি অসম্মত হন, তবে আপনার স্টেট-এর রিভিউ অফিসারের কাছে লিখিত আপিল জমা দেয়ার অধিকার আছে। সেটি করতে আপনাকে অবশ্যই সিদ্ধান্তের তারিখের 25 দিনের মধ্যে নোটিস প্রদান করতে হবে। অফিস অভ স্টেট রিভিউ-তে কীভাবে আপিল করতে হয় সেবিষয়ে নির্দেশনা www.sro.nysed.gov -এ পাওয়া যাবে।

একটি আপিলের জন্য অনুরোধ হচ্ছে একটি আইনগত পদক্ষেপ। যদিও একজন আইনজীবি আবশ্যক নয়, তবে আপিল জমা দেয়ার সুনির্দিষ্ট প্রক্রিয়া রয়েছে এবং বিলম্ব বা বাতিল হওয়া রোধ করতে হলে সেই প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করতে হবে।

**মধ্যস্থতা এবং নিরপেক্ষ শুনানির মধ্যকার পার্থক্য**

যদিও মধ্যস্থতা এবং নিরপেক্ষ শুনানি, উভয়ের লক্ষ্যই মতানৈক্য নিরসন, তবুও দুটিতে কিছু গুরুত্বপূর্ণ পার্থক্য রয়েছে।

নিরপেক্ষ শুনানি একটি অধিক আনুষ্ঠানিক প্রক্রিয়া যেখানে আপনি এবং NYCPS বিভিন্ন প্রমাণ এবং সাক্ষী উপস্থাপন করেন। উভয় সত্যায়নের পর, নিরপেক্ষ শুনানি বা ইমপার্শিয়াল হিয়ারিং অফিসার একটি সিদ্ধান্ত গ্রহণ করেন। কোনো আপিল অনুরোধ করা না হলে এই সিদ্ধান্তই চূড়ান্ত।

মধ্যস্থতা একটু কম আনুষ্ঠানিক যেখানে একটি নিরপেক্ষ পক্ষ আলোচনার আয়োজন করে, যা আপনাকে এবং NYCPS-কে বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনার সুযোগ দেয়। নিরপেক্ষ শুনানির (ইমপার্শিয়াল হিয়ারিং) মত এখানে মধ্যস্থতাকারী কোনও সিদ্ধান্ত জারি করে না। এর পরিবর্তে, আপনি এবং NYCPS একটি ঐকমত্যে আসার লক্ষ্যে কাজ করেন।

আরও জানতে NY স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের ওয়েবসাইটের মধ্যস্থতা বিষয়ক পেজ https://www.nysed.gov/special-education/mediation অথবা www.nysdra.org দেখুন।

## গুরুত্বপূর্ণ যোগাযোগের তথ্য এবং সংস্থান বা রিসোর্সসমূহ

### কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসসমূহ

| CSE | ডিস্ট্রিক্ট | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|---|
| 1 | 7<br>9<br>10 | One Fordham Plaza, 7th Floor<br>Bronx, New York 10458 | 718-329-8000 |
| 2 | 8<br>11<br>12 | 3450 East Tremont Avenue<br>2nd Floor<br>Bronx, New York 10465 | 718-794-7490 or<br>718-794-7429 |
| 3 | 25<br>26 | 30-48 Linden Place<br>Flushing, New York 11354 | 718-281-3461 |
| 3 | 28<br>29 | 90-27 Sutphin Boulevard<br>Jamaica, New York 11435 | 718-557-2553 |
| 4 | 24<br>30 | 28-11 Queens Plaza North, 5th Floor<br>Long Island City, New York 11101 | 718-391-8405 |
| 4 | 27 | Satellite Office<br>82-01 Rockaway Boulevard, 2nd Floor<br>Ozone Park, New York 11416 | 718-642-5715 |
| 5 | 19<br>23<br>32 | 1665 St. Marks Avenue<br>Brooklyn, New York 11233 | 718-240-3558 or<br>718-240-3557 |
| 6 | 17<br>18<br>22 | 5619 Flatlands Avenue<br>Brooklyn, New York 11234 | 718-968-6200 |
| 7 | 20<br>21 | 415 89th Street<br>Brooklyn, New York 11209 | 718-759-4900 |
| 8 | 13<br>14<br>15<br>16 | 131 Livingston Street<br>4th Floor<br>Brooklyn, New York 11201 | 718-935-4900 |
| 9 | 1<br>2<br>4 | 333 7th Avenue<br>4th Floor<br>New York, New York 10001 | 917-339-1600 |
| 10 | 3<br>5<br>6 | 388 West 125th Street<br>New York, New York 10027 | 212-342-8300 |
| 11 | 31 | 715 Ocean Terrace, Building A<br>Staten Island, New York 10301 | 718-420-5790 |

### *ট্র্যাঞ্জিশন অ্যান্ড কলেজ অ্যাকসেস্ সেন্টার (TCAC)*

ট্র্যাঞ্জিশন অ্যান্ড কলেজ অ্যাক্রেস সেন্টারগুলো (TCAC) IEP-যুক্ত শিক্ষার্থী এবং তাদের পরিবারকে স্কুল জীবন থেকে প্রাপ্তবয়স্ক জীবনের উত্তরণে সহায়তা করে। কলেজে যাবার প্রস্তুতি, চাকরিতে প্রবেশ, অথবা প্রথম বারের মতো স্বনির্ভরভাবে জীবন-যাপন যেটাই হোক না কেন, IEP-যুক্ত শিক্ষার্থীদেরকে তাদের লক্ষ্য অর্জনে সহায়তা দিতে, এবং হাই স্কুল পরবর্তী জীবনে তাদের শিক্ষার্থীদের জন্য পরিকল্পনা প্রস্তুতে পরিবার ও স্কুলের স্টাফদের সহায়তা দিতে TCAC-গুলো পাঁশে আছে।

এই সেন্টারগুলি শিক্ষার্থী-কেন্দ্রিক সংস্থান বা রিসোর্সের সূত্র হিসেবে কাজ করে যা বিভিন্ন প্রশিক্ষণ,




কর্মশালা, এবং সুযোগ অফার করে যেগুলো প্রাপ্ত-বয়স্ক জীবনের জন্য পরিকল্পনার প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করে। কর্মশালার (ওয়ার্কশপ) কিছু নমুনার মধ্যে আছে ক্যারিয়ার প্ল্যানিং টুলস্ (পেশাজীবন পরিকল্পনার উপকরণ), কলেজ কনসিডারেশন (কলেজ বিবেচনা), ওয়ার্ক অ্যান্ড অর্গেনাইজেশনাল হ্যাবিটস্ (কর্ম ও সাংগঠনিক অভ্যাস), রেজ্যুমে রাইটিং (রেজ্যুমে লিখন), এবং সেলফ্-অ্যাডভোকেসি অ্যান্ড কমিউনিকেশন স্কিলস্ (আত্ম-পক্ষাবলম্বন ও যোগাযোগের দক্ষতাসমূহ)। ট্র্যানজিশন অ্যান্ড কলেজ অ্যাকসেস সেন্টারগুলো সম্পর্কে আরও জানতে, সেন্টারগুলি পরিদর্শন করুন, সেগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন, অথবা www.schools.nyc.gov/specialeducation দেখুন।

*ঠিকানা*

**Brooklyn Transition & College Access Center**
Boys & Girls High School, Room G170
1700 Fulton Street
Brooklyn, NY 11213
718-804-6790
bklyntcac@schools.nyc.gov

**Bronx Transition & College Access Center**
DeWitt Clinton High School, Room 150
100 W Mosholu Parkway S
Bronx, NY 10468
718-581-2250
bxtcac@schools.nyc.gov

**Queens Transition & College Access Center**
90-27 Sutphin Boulevard, Room 152
Queens, NY 11435
718-557-2600
qnstcac@schools.nyc.gov

**Staten Island Transition & College Access Center**
The Michael J. Petrides
Educational Complex
715 Ocean Terrace, Building A, Room 204
Staten Island, NY 10301
718-420-5723
sitcac@schools.nyc.gov

**Manhattan Transition & College Access Center**
269 West 35th Street, Room 702
New York, NY 10024
212-609-8491
mntcac@schools.nyc.gov

**District 75 Office of Transition Services & Postsecondary Initiatives**
400 First Ave., Room 440
New York, NY, 10010
212-802-1568
D75ots@NYCDOE.onmicrosfot.com

## ট্র্যানজিশন সার্ভিস এজেন্সি (উত্তরণ পরিষেবা বিষয়ক সংস্থা) এবং অ্যাডাল্ট সার্ভিস সিস্টেমস (প্রাপ্ত-বয়স্ক পরিষেবা ব্যবস্থা) – কোন পরিষেবাগুলো আমার সন্তানের জন্য আমার গ্রহণ করা উচিত?

| | | |
|---|---|---|
| **অ্যাডাল্ট ক্যারিয়ার অ্যান্ড কনটিনিউয়িং এডুকেশন সার্ভিসেস ভোকেশনাল রিহ্যাবিলিটেশন (ACCES-VR)** | শারীরিক, বিকাশজনিত, অথবা মানসিক প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যাদের প্রতিবন্ধিতা তাদেরকে কাজ করা থেকে বিরত রাখতে বা কাজকে তাদের জন্য আরও চ্যালেঞ্জিং করে তোলে, এবং বাড়তি প্রশিক্ষণ অথবা শিক্ষাসহ যেসব শিক্ষার্থী কাজের যোগ্য। | http://www.acces.nysed.gov/vr |
| **অফিস ফর পিপল্ উইথ ডেভেলপমেন্টাল ডিস্যাবিলিটিজ (OPWDD)** | বিকাশগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যা ঘটে 22 বছর বয়সের আগে, এর অন্তর্ভুক্ত বৌদ্ধিক প্রতিবন্ধিতা, অটিজম্, সেরিব্রাল পলসি, সিজারজনিত ব্যাধি এবং অন্যান্য নিউরোলজিকাল বৈকল্য, 70-এর চেয়ে কম IQ স্কোর এবং মানানসই আচরণগত দক্ষতায় ঘাটতি। | www.opwdd.ny.gov |
| **অফিস অভ মেন্টাল হেলথ্ (OMH)** | অ্যাক্সিস 1 নির্ণীত হয়েছে এমন শিক্ষার্থীবৃন্দ (গুরুতর মানসিক অসুস্থতা, যেমন প্রচণ্ড বিষন্নতা, বাইপোলার ডিসঅর্ডার, স্কিজোফ্রেনিয়া)। | https://www.omh.ny.gov/ |
| **কমিশন ফর দ্যা ব্লাইন্ড (CB)** | যেসব শিক্ষার্থী আইনগতভাবে অন্ধ অথবা যাদের দৃষ্টি বৈকল্য রয়েছে | https://ocfs.ny.gov/main/cb/ |



# বাড়তি
# গুরুত্বপূর্ণ তথ্য

# পরিভাষার শব্দকোষ

**বিশেষ সুবিধা ব্যবস্থা:** বিভিন্ন সরঞ্জাম ও প্রক্রিয়া যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদেরকে শিক্ষা-নির্দেশনা ও মূল্যায়নে অংশগ্রহণের সমান সুযোগ প্রদান করে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সমান সুযোগ দেয়ার জন্য এগুলো ডিজাইন করা হয়েছে।

**অভিগম্য শিক্ষাগত উপকরণসমূহ (অ্যাক্সেসিবল এডুকেশনাল ম্যাটেরিয়ালস, AEM)**
এগুলো হলো এমন একটি ফর্ম্যাটে রূপান্তরিত টেক্সটবুক ও শিক্ষা-নির্দেশনার উপকরণ, যেগুলো সাধারণ মুদ্রণের উপকরণগুলো ব্যবহারে অক্ষম শিক্ষার্থীদের জন্য অভিগম্য। এই ফর্ম্যাটগুলোতে অন্তর্ভুক্ত:

- ব্রেইল
- বড় প্রিন্ট
- অডিও
- ডিজিটাল টেক্সট

**অভিযোজিত শরীরচর্চা শিক্ষা (অ্যাডাপ্টেড ফিজিক্যাল এডুকেশন, APE):** অভিযোজিত (অ্যাডাপ্টেড) শরীরচর্চা শিক্ষা কর্মসূচি হলো এমন একটি গঠনমূলক কর্মকাণ্ড, গেম, খেলাধুলা এবং তাল কর্মসূচি, যা বিশেষভাবে তৈরি করা হয়েছে যেসব ছেলেমেয়ে নিরাপদে বা সাফল্যের সাথে নিয়মিত শরীরচর্চা কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারে না, এমন ছেলেমেয়েদের ব্যক্তিক আগ্রহ, সক্ষমতা এবং সীমাবদ্ধতার সাথে সামঞ্জস্য বিধান করে। আপনার সন্তানকে অভিযোজিত শরীরচর্চা শিক্ষার সুপারিশ করা হতে পারে, যদি তার প্রতিবন্ধিতা নিয়মিত শরীরচর্চা শিক্ষা প্রোগ্রামের কর্মকাণ্ডে অংশগ্রহণের সক্ষমতার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

**পালক পিতামাতা:** প্রাপ্তবয়স্ক ব্যক্তি, যাকে আইনগত প্রক্রিয়ার মধ্য দিয়ে একটি ছেলে বা মেয়ের দায়িত্ব দেয়া হয়েছে।

**বিকল্প মূল্যায়ন:** চরম শিক্ষাগত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা এমন কি পরীক্ষায় বিশেষ ব্যবস্থার বন্দোবস্ত করেও প্রমিতমান মূল্যায়নে অংশগ্রহণ করতে অক্ষম, তাদের সাফল্য ও অগ্রগতি মূল্যায়ন করতে ব্যবহার করা হয়।

3–12 গ্রেড এবং হাই স্কুলের সকল যোগ্য শিক্ষার্থীদের জন্য নিউ ইয়র্ক স্টেট অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট (NYSAA) বার্ষিক নিউ ইয়র্ক স্টেট (NYS) টেস্টের প্রক্রিয়ার অংশ। যদি আপনার সন্তানের IEP নির্দিষ্ট করে দেয় যে, সে বিকল্প মূল্যায়নের যোগ্য, তাহলে গ্রেড 3 থেকে গ্রেড 12-এর স্টেটের মূল্যায়নের জন্য NYSAA ব্যবহার করা হবে। বিকল্প মূল্যায়ন সম্পর্কে আরও তথ্যের জন্য **সেকশন 4 : ইন্ডিভিডিজুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম-এ "বিকল্প মূল্যায়ন (অল্টারনেটিভ অ্যাসেসমেন্ট)"** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**বিকল্প আসনদান:** যখন কোনও শিক্ষার্থীর জন্য দ্বিভাষীক ICT অথবা দ্বিভাষীক স্পেশাল ক্লাস পাওয়া না যায়, তখন তাকে এই সাময়িক পরিষেবা প্রদান করা হয়। একটি বিকল্প আসনদান হলো একটি দ্বিভাষীক ক্লাসের জন্য অপেক্ষমান শিক্ষার্থীর (শিক্ষার্থীদের) জন্য সুপারিশকৃত শিক্ষা-নির্দেশনার ভাষায় দ্বিভাষীক একজন প্যারপ্রফেশনালসহ একটি একভাষীক ICT অথবা স্পেশাল ক্লাস।

**বার্ষিক লক্ষ্যসমূহ:** সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য লক্ষ্যসমূহ, যা ব্যাখ্যা করে আপনার সন্তান একবছর সময়সীমায় প্রতিবন্ধিতার ক্ষেত্রগুলোয় কী কী অগ্রগতি অর্জন করবে বলে প্রত্যাশিত।

**বার্ষিক পর্যালোচনা:** আপনার সন্তানের জন্য স্পেশাল এডুকেশন সার্ভিস সুপারিশের পর প্রতি বছর কমপক্ষে একবার আপনার সন্তানে অগ্রগতি পর্যালোচনার জন্য একটি IEP মিটিং অনুষ্ঠিত হয়। একে বলা হয় "বার্ষিক পর্যালোচনা" (অ্যানুয়াল রিভিউ)। বার্ষিক পর্যালোচনা চলাকালে টিম যা করবে:

- আপনার সন্তানের লক্ষ্য অর্জনে তার অগ্রগতি নিয়ে আলোচনা করবে
- যেসব স্পেশাল এডুকেশন পরিষেবা দেয়া হচ্ছে, সেগুলো পর্যালোচনা করবে
- পরবর্তী বছরের জন্য পরিষেবা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করবে

**মূল্যায়নের অনুমোদন পত্র:** পিতামাতাকে ইস্যু করা একটি চিঠি যা তাদেরকে NYCPS-এর খরচে NYCPS বহির্ভূত কোনো মূল্যায়নকারীর কাছে থেকে মূল্যায়ন লাভের সুযোগ দেয়।

**সহায়ক প্রযুক্তির (অ্যাসিসটিভ টেকনলজি) ডিভাইস এবং পরিষেবাসমূহ:** সহায়ক প্রযুক্তির (অ্যাসিসটিভ টেকনলজি) ডিভাইস হচ্ছে এমন এক ধরনের সরঞ্জাম, উপকরণ, অথবা সিস্টেম যা কোনো প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর ক্রিয়াশীলতার সক্ষমতা বৃদ্ধি, বজায় রাখা, অথবা উন্নত করার জন্য ব্যবহার করা হয়। নিম্ন-প্রযুক্তির (লো-টেক) ডিভাইসগুলোর মধ্যে আছে গ্রাফিক অর্গানাইজার, স্ল্যান্ট বোর্ড, ম্যানিপুলেটিভ (উদাহরণস্বরূপ হাতে-কলমে, পারস্পরিক ক্রিয়াশীল গণিত উপকরণ) এবং অন্যান্য। উচ্চ-প্রযুক্তির (হাই-টেক) ডিভাইসগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে ট্যাবলেট ও প্রাসঙ্গিক সফটওয়্যার যা একজন শিক্ষার্থীকে ভাববিনিময়ে ও প্রদত্ত কাজ সম্পাদনে সক্ষম করে। শিক্ষার্থীদেরকে অ্যাসিস্টিভ টেকনোলজি (AT) ডিভাইসগুলো ব্যবহার শেখানোর প্রশিক্ষণ ও সহায়তার মতো AT পরিষেবাগুলো সুপারিশ করা হতে পারে।

**শ্রুতি সংক্রান্ত মূল্যায়ন (অডিওলজিকাল অ্যাসেস্‌মেন্ট):** শিক্ষার্থী উল্লেখযোগ্য মাত্রায় কম শোনে কিনা, সেটা নির্ধারণের একটি বিশেষায়িত শ্রুতি মূল্যায়ন করা হয়।

**অটিজম:** অটিজমের প্রতিবন্ধিত্বের শ্রেণীবিভাগ নির্ণীত হয় একটি বিকাশগত প্রতিবন্ধিতার দ্বারা যা শিক্ষার্থীর যোগাযোগ দক্ষতা, সামাজিক ভাববিনিময়, এবং শিক্ষায়তনিক কার্যসম্পাদনায় উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে। এটি সাধারণত তিন বছর বয়সের আগে চোখে পড়ে। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং**-এ **প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**আচরণগত মধ্যস্থতা পরিকল্পনা (বিহেভিওরাল ইন্টার্ভেনশন প্ল্যান, BIP):** নেতিবাচক আচরণ নিরসনে একটি কার্যকর আচরণগত মূল্যায়নের (ফাংশনাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট, FBA) ভিত্তিতে একটি সুনির্দিষ্ট শিক্ষার্থী-নির্দিষ্ট পরিকল্পনা। এতে অন্তর্ভুক্ত:

- উদ্দিষ্ট আচরণ(সমূহ) এবং লক্ষ্য(সমূহ)
- ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ ও কৌশলসমূহ
- বিশেষ সুবিধা ব্যবস্থা অথবা পরিবর্তনসমূহ
- যদি প্রয়োজন হয়, তবে কীভাবে পরিকল্পনাটি পর্যবেক্ষণ ও হালনাগাদ করা হবে

**দ্বিভাষীক মূল্যায়ন:** একটি মূল্যায়ন পরিচালনা করা হয় উভয় ইংরেজি ও শিক্ষার্থীর বাড়িতে ব্যবহৃত ভাষায় বা মাতৃভাষায়।

**দ্বিভাষীক বিশেষ শিক্ষা (বাইলিঙ্গুয়াল স্পেশাল এডুকেশন, BSE):**
যেসব শিক্ষার্থীর জন্য ইন্টিগ্রেটেড কো-টিচিং বা সমন্বিত সহ-শিক্ষকতা (ICT) অথবা স্পেশাল ক্লাসের (SC) প্রয়োজন যেখানে শিক্ষা-নির্দেশনায় ইংরেজি ভিন্ন অন্য কোনও ভাষা ব্যবহৃত হয়, তাদের জন্য BSE একটি বিশেষায়িত প্রোগ্রাম। এই প্রোগ্রামগুলোর উদ্দেশ্য সেসব ইংরেজি ভাষা শিক্ষার্থী/বহুভাষী শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স/মাল্টিলিঙ্গুয়াল লার্নার্স, ELLs/MLLs) সহায়তা দেয়া, যারা সাংস্কৃতিক এবং ভাষাগত চাহিদা পূরণে সক্ষম শিক্ষা-নির্দেশনা থেকে লাভবান হয় যা জ্ঞানগত, শিক্ষায়তনিক, এবং ভাষাগত চাহিদা পূরণ করে।

**ক্যারিয়ার ডেভেলাপমেন্ট অ্যান্ড অক্যুপেশনাল স্টাডিজ (CDOS) কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল:**
এই নন-ডিপ্লোমা কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) যেসব IEP-যুক্ত শিক্ষার্থী স্ট্যান্ডার্ড বা প্রমিত মূল্যায়নে অংশগ্রহণ করে তাদের জন্য। এটা একটি অ্যাডভ্যান্সড রিজেন্টস, রিজেন্টস, কিংবা লোকাল ডিপ্লোমা, অথবা শিক্ষার্থীর একমাত্র সমাপণী ক্রেডেনশিয়াল হিসেবে ইস্যু করা হতে পারে। CDOS কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল শিক্ষার্থীদের CDOS শিক্ষণ মান-এ দক্ষতার এবং একটি পেশাগত প্রস্তুতি প্রোগ্রামের স্বীকৃতি দেয়। এটি প্রস্তুত করা হয়েছে IEP-যুক্ত শিক্ষার্থীদের হাই স্কুল শেষে কাজের ক্ষেত্রে সফল হতে প্রয়োজনীয় দক্ষতা আয়ত্তের একটি সুযোগ দেবার জন্য। যেসব শিক্ষার্থী শুধু CDOS অর্জন করে, স্কুলগুলো তাদেরকে একটি লিখিত নিশ্চয়তা দেয় যে তারা বয়স 21 হওয়া পর্যন্ত যেকোনো সময় স্কুলে ফিরে আসতে ও একটি ডিপ্লোমা অর্জন করতে পারবে।

**চ্যান্সেলরের প্রবিধানমালা:** NYCPS-এর স্কুলগুলোর সাথে সম্পর্কিত শিক্ষার্থী, পরিবার, স্কুলের স্টাফ, এবং স্কুল পরিচালনার জন্য একগুচ্ছ নীতিমালা যা https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations -এ পাওয়া যাবে।

**চাইল্ড ফাইন্ড:** প্রতিবন্ধিতার তীব্রতা কতটুকু, সেটা বিবেচনা ছাড়াই প্রতিবন্ধিতা আছে বা থাকতে পারে বলে সন্দেহ আছে, নিউ ইয়র্ক সিটির যেকোনো স্কুলে পড়ছে এমন প্রতিটি শিক্ষার্থীকে শনাক্ত করা, খুঁজে বের করা, এবং মূল্যায়ন করার একটি বাধ্যবাধকতা নিউ ইয়র্ক সিটির আছে। এটাকে বলা হয় "চাইল্ড ফাইন্ড" (শিক্ষার্থী খুঁজে বের করা)। চাইল্ড ফাইন্ড প্রতিবন্ধিতাযুক্ত সকল শিক্ষার্থীর প্রতি সম্প্রসারিত - এদের মধ্যে আছে NYC পাবলিক স্কুলে পড়ালেখা করে না এমন আবাসনহীন (হোমলেস) ছেলেমেয়ে, স্টেটের জিম্মায় থাকা ছেলেমেয়ে ইত্যাদি— NYCPS সেসব ছেলেমেয়েদের শিক্ষাগত পরিষেবা প্রদান করুক বা না করুক।

**ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা:** একটি গ্রুপে বা ক্লাসে সর্বোচ্চ কতজন শিক্ষার্থীর অন্তর্ভুক্তি অনুমোদিত।

**ক্লাসরুম পর্যবেক্ষণ:** একজন শিক্ষার্থী কীভাবে শিখছে ও কী আচরণ করছে, সেটা দেখার জন্য তাকে তার প্রাথমিক শিক্ষাগত ব্যবস্থায় পর্যবেক্ষণ করা।

**ক্লিনিশিয়ান:** এই পরিভাষাটি স্কুল সাইকোলজিস্ট অথবা স্কুল সোশাল ওয়ার্কার-এর মতো NYCPS-এর একজন মূল্যায়নকারী পেশাদার ব্যক্তিকে বোঝাতে ব্যবহৃত হয়।

**কমিশনারের প্রবিধান:** ফেডারেল ও স্টেটের শিক্ষা আইনের ভিত্তিতে প্রণীত স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের প্রবিধান যা স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষা) সুপারিশ, মূল্যায়ন ও প্লেসমেন্ট পদ্ধতির ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্টগুলোকে কী কী পদক্ষেপ অবশ্যই অনুসরণ করতে হবে, সেগুলোর উল্লেখ করে, যা http://www.p12.nysed.gov/specialed/lawsregs/part200.htm -এ পাওয়া যেতে পারে।

**কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (CPSE):** CPSE 3 থেকে 5 বছর বয়সী প্রি-স্কুল ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয়ের জন্য দায়বদ্ধ। শিক্ষার্থীরা প্রি-স্কুল পরিষেবা কোথায় পাচ্ছে, সেটা বিবেচনা ছাড়াই CPSE-গুলো পরিবারদের জন্য তাদের আবাসিক ডিস্ট্রিক্টে পরিষেবা প্রদান করে। সিটির বিভিন্ন স্থানে 10-টি CPSE রয়েছে। প্রতিটি CPSE একটি বৃহত্তর কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিসের অংশ বিশেষ। একজন চেয়ারপারসন CPSE-সহ CSE অফিস তত্ত্বাবধান করেন। প্রিস্কুল স্পেশাল এডুকেশন সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে NYCPS-এর **ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস** দেখুন।

**কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE):** যেসব ছেলেমেয়ে কোনও বেসরকারী, ধর্মীয় বা চার্টার স্কুলে পড়ছে, অথবা অন্য কোনোভাবে NYCPS-এর স্কুলে এনরোল বা নথিভুক্ত নয়, কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) সেসব শিক্ষার্থীদের স্পেশাল এডুকেশন প্রক্রিয়া সমন্বয় ও সম্পন্ন করে। CSE-গুলোর যোগাযোগের তথ্য **সেকশন 8: সহায়তা প্রাপ্তি**-এ অবস্থিত **কমিটি অন স্পেশাল এডুকেশন (CSE) অফিস** শিরোনামের অধীনে পাওয়া যাবে।

**গোপনীয়তা:** NYCPS-কে অবশ্যই শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন রেকর্ড এমনভাবে সংরক্ষণ নিশ্চিত করতে হবে যেন শুধু যথোপযুক্ত স্টাফের সেটা দেখার সুযোগ থাকে।

**সম্মতি:** এমন পরিস্থিতি আছে যখন আপনাদেরকে স্পেশাল এডুকেশনে সুপারিশ, মূল্যায়ন ও ভর্তি করার সময় সম্মতি দিতে বলা হবে। সম্মতি প্রদান করার অর্থ আপনি:

- যখন সম্মতি দিচ্ছেন, তখন আপনি কোন্ বিষয়ে সম্মতি দিচ্ছে, সে ব্যাপারে পুরোপুরি অবহিত আছেন, এবং
- পদক্ষেপটি সম্পর্কে বুঝেছেন ও লিখিতভাবে সম্মত আছেন।

আপনার জন্য সম্মতি দেয়াটা ঐচ্ছিক এবং আপনি যেকোনো সময় আপনার সম্মতি প্রত্যাহার করতে পারেন। আপনি সম্মতি প্রত্যাহার করলেও তাতে আপনি সম্মতি প্রদানের পর ও সম্মতি প্রত্যাহারের অন্তর্বর্তীকালে গৃহীত কোনো পদক্ষেপ বাতিল হয়ে যাবে না।

**অব্যাহত পরিষেবা প্রাপ্তি:** প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে শিক্ষা অর্জনে সহায়তা দিতে NYCPS-এর বিভিন্ন শিক্ষা কর্মসূচি ও পরিষেবার ব্যাপ্তি।

**পরিষেবিত ভাষাসমূহ:** এতে ইংরেজি ব্যতীত NYCPS-এর শিক্ষার্থী ও তাদের পরিবারের দ্বারা সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষাগুলোকে বোঝায়। বর্তমানে NYCPS নয়টি পরিষেবিত ভাষা শনাক্ত করেছে যেগুলো, ইংরেজির পাশাপাশি, 95% এর বেশি NYCPS-এর শিক্ষার্থী ও তাদের পিতামাতারা ব্যবহার করে থাকেন। এই ভাষাগুলো হলো: আরবি, বাংলা, চায়নিজ, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ এবং উর্দু।

**বধিরতা-অন্ধত্ব:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা কোনও শিক্ষার্থীর শ্রুতি ও দৃষ্টি প্রতিবন্ধিত্ব থাকলে ব্যবহার করা হয়। এসব প্রতিবন্ধিতা যোগাযোগ ও অন্যান্য উন্নয়ন এবং শিক্ষাগত প্রয়োজনে গুরুতর ব্যাঘাত সৃষ্টি করে যা শুধু বধির ও অন্ধ শিক্ষার্থীদের জন্য নির্ধারিত বিশেষ শিক্ষা কর্মসূচিগুলো দিয়ে সমাধান করা যাবে না। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং**-এ **প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**বধিরতা:** এটি শ্রুতি প্রতিবন্ধিত্বের দ্বারা চিহ্নিত করা একটি প্রতিবন্ধিতার শ্রেণিকরণ যা এতোটাই তীব্র যে, অ্যাম্প্লিফিকেশন থাক বা না থাক শ্রবণ করার মাধ্যমে শিক্ষার্থী ভাষাতাত্ত্বিক তথ্য প্রক্রিয়াকরণ করতে অপারগ হয়, এবং শ্রুতি প্রতিবন্ধিত্ব তার শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব রাখে। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং**-এ **প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**বর্গচ্যুতকরণ (ডিক্লাসিফিকেশন):** যে শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন সার্ভিসের আর প্রয়োজন নেই তাদেরকে IEP টিম একটি পূনর্মূল্যায়নের মাধ্যমে বিবর্গিকরণ করে দেন।

**বর্গচ্যুত করণ সহায়তা পরিষেবা (ডিক্লাসিফিকেশন সাপোর্ট সার্ভিসেস):** যেসব শিক্ষার্থীর আর স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন নেই, তাদেরকে পূনর্মূল্যায়নের পর বিবর্গিকরণ করা হয়। যেসব শিক্ষার্থীকে বিবর্গিকরণ করা হবে তাদের কোনও IEP থাকবে না, তবে জেনারেল এডুকেশন-এ (সাধারণ শিক্ষা) সহজ স্থানান্তরের জন্য তারা নিম্নলিখিত পরিষেবাসমূহ লাভ করতে পারে:

- শিক্ষা-নির্দেশনাগত সহায়তা
- শিক্ষা-নির্দেশনায় পরিবর্তন
- রিলেটেড সার্ভিসেস (সংশ্লিষ্ট পরিষেবা)

শিক্ষার্থীকে বর্গচ্যুত করণের (ডিক্লাসিফিকেশন) পরবর্তী এক বছর পর্যন্ত এসব পরিষেবা অব্যাহত থাকতে পারে। অতিরিক্তভাবে, বিবর্গিকরণ IEP-তে পরীক্ষায় বিশেষ ব্যবস্থাসমূহ তালিকাভুক্ত থাকতে পারে যা অবশ্যই শিক্ষার্থীদেরকে বর্গচ্যুত করণ (ডিক্লাসিফিকেশন) পর দিতে হবে। যেসব শিক্ষার্থীকে 8–12 গ্রেডের মধ্যে বর্গচ্যুত করণ (ডিক্লাসিফিকেশন) করা হয়, তাদের IEP-এর নোট-এ উল্লেখ থাকলে তারা 'সেফটি নেট' গ্র্যাজুয়েশন বিকল্পটি বেছে নেয়ার যোগ্য হতে পারে। গ্র্যাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন'** দেখুন।

**বিলম্বিত স্থলাভিষিক্ত (ডিফার্ড প্লেইসমেন্ট):** IEP মিটিং চলাকালে তাতে সুপারিশকৃত স্পেশাল এডুকেশন সার্ভিস অবিলম্বে শুরু হতে হবে কিনা, কিংবা এর স্থলে পরবর্তী টার্ম বা শিক্ষা বছরের শুরুতে চালু হতে হবে কিনা, সে ব্যাপারে আলোচনা হতে পারে। এটাকে “ডিফার্ড” প্লেসমেন্ট (বিলম্বিত আসনদান) বলা হয় এবং পিতামাতার সম্মতি প্রয়োজন হয়।

**প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ:** প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ বলতে বুঝায় কোনও শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে সবচেয়ে বেশি প্রতিবন্ধক যে প্রতিবন্ধিত্ব, তার ধরন। মোট 13-টি শ্রেণীবিভাগ রয়েছে। IEP টিম যথাযথ শ্রেণীবিভাগ নির্ধারণ করবে এবং তা শিক্ষার্থীর IEP-তে লিপিবদ্ধ করা হবে।

**ন্যায্য প্রক্রিয়া:** আইন মোতাবেক আপনার সন্তানের FAPE লাভের এবং আপনার সংশ্লিষ্ট থাকার ও প্রক্রিয়াটি সম্পর্কে সম্যক ধারণা লাভের অধিকার নিশ্চিত করার প্রক্রিয়া।

**ন্যায্য প্রক্রিয়া বিষয়ক অভিযোগ:** এটি প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী শনাক্তকরণ, মূল্যায়ন, শিক্ষা সংস্থান, অথবা সাময়িকভাবে FAPE সম্পর্কিত যেকোনো বিষয়ে পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট কর্তৃক দায়েরকৃত লিখিত অভিযোগ, যা "নিরপেক্ষ শুনানির অনুরোধ" (রিকোয়েস্ট ফর এন ইমপার্শিয়াল হিয়ারিং) হিসেবে পরিচিত। এর ফলে নিরপেক্ষ শুনানি আয়োজন করা হতে পারে। নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8: সহায়তা প্রাপ্তি**-এ **নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়া** শিরোনামে অধীনের তথ্য দেখুন।

**ন্যায্য প্রক্রিয়া শুনানি (নিরপেক্ষ শুনানি):** একটি ন্যায্য প্রক্রিয়া শুনানি (কিংবা একটি নিরপেক্ষ শুনানি) হলো এমন একটি প্রশাসনিক প্রক্রিয়া যা NYCPS-এর কোনো কর্মী নন, একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার (ইমপার্শিয়াল হিয়ারিং অফিসার) সম্মুখে পরিচালিত হয়। পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ই যুক্তি, সাক্ষী এবং, যদি থাকে, প্রমাণ পেশ করেন। নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8: সহায়তা প্রাপ্তি-এ নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়া** শিরোনামে অধীনের তথ্য দেখুন।

**শুরুতেই হস্তক্ষেপ (আর্লি ইন্টারভেনশন, EI):** যেসব পরিবারে জন্ম থেকে 3 বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত বা বৃদ্ধিতে-বিলম্বিত ছেলেমেয়ে রয়েছে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH)-এর অধীনে EI প্রোগ্রাম তাদেরকে সহায়তা দেয়।

**আবেগজনিত সমস্যা:** এটি এমন একটি প্রতিবন্ধিতার শ্রেণি যা, যখন কোনও শিক্ষার্থী নিচের এক বা একাধিক বৈশিষ্ট্য দীর্ঘ সময় ধরে এবং উল্লেখযোগ্য মাত্রায় প্রদর্শন করে যা শিক্ষার্থীটির শিক্ষাগত কর্মসম্পাদনায় বিরূপ প্রভাব রাখে, তখন ব্যবহার করা হয়:

- বৌদ্ধিক, ইন্দ্রিয়জাত, অথবা স্বাস্থ্য-সংক্রান্ত বিষয় দিয়ে ব্যাখ্যা করা যায় না এমন শিক্ষাগত সমস্যা;
- সহপাঠী ও শিক্ষকদের সঙ্গে সন্তোষজনক আন্তর্ব্যক্তিক সম্পর্ক গড়ে তোলা বা বজায় রাখায় সমস্যা;
- সাধারণ পরিস্থিতিতে অসঙ্গত আচরণ বা অনুভূতি;
- আনন্দহীনতা বা বিষণ্ণতাবোধের একটি সাধারণ অনুভূতি; অথবা
- ব্যক্তিগত ও স্কুলজনিত সমস্যার সঙ্গে সম্পর্ক আছে এমন বাহ্যিক লক্ষণ বা ভীতিসঞ্চারের প্রবণতা।

আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, ELL):** ইংরেজি ভাষা শিক্ষার্থী ("বহুভাষীক শিক্ষার্থী" বলাও হয়) হলো এমন শিক্ষার্থী যে বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য একটি ভাষায় কথা বলে এবং ইংরেজিতে NYSITELL এবং/অথবা NYSESLAT দক্ষতা পরীক্ষায় স্টেট নির্ধারিত স্তরের নিচে নম্বর পেয়েছে।

**নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ, ENL):**
ইংলিশ অ্যাজ এ নিউ ল্যাঙ্গুয়েজ প্রোগ্রামে শিক্ষকরা শিক্ষার্থীদের সাথে তাদের মাতৃভাষায় সহায়তা নিয়ে তাদের স্পিকিং (বলা), রাইটিং (লেখা) এবং লিসেনিং (শোনা)-এর দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষার্থীদের সাথে কাজ করেন। প্রোগ্রামের লক্ষ্য হলো শিক্ষার্থীকে ইংরেজিতে সক্ষমতা প্রদানে সহায়তা দেওয়া।

**মূল্যায়ন:** শিক্ষার্থীর শিক্ষা কর্মসূচি উন্নয়নে ব্যবহারের জন্য তার সামর্থ্য ও দুর্বলতার তথ্য সংগ্রহ করার প্রক্রিয়া। মূল্যায়ন, পর্যবেক্ষণ এবং সাক্ষাৎকার থেকে পাওয়া তথ্য শিক্ষার্থীর বর্তমান সক্ষমতার স্তর ও শিক্ষা চাহিদা নির্ণয়ে দল বা টিমকে সহায়তা করবে।

**সমাপণী সারসংক্ষেপ:** যখন কোনও IEP-যুক্ত শিক্ষার্থী আর স্পেশাল এডুকেশন লাভের যোগ্য থাকবে না—হয় সে (a) লোকাল বা রিজেন্টস্ স্বীকৃত ডিপ্লোমা অর্জনের কারণে, কিংবা (b) বয়স-সংক্রান্ত যোগ্যতা না থাকার কারণে (যে বছর শিক্ষার্থীর বয়স হবে 21)—তখন তাকে "সমাপণী সারসংক্ষেপ" (এক্সিট সামারি) দেয়া হবে। একটি সমাপণী সারসংক্ষেপ শিক্ষার্থীর শিক্ষায়তনিক সাফল্য এবং কার্যক্ষমতা সংক্রান্ত কার্য-সম্পাদনার সারসংক্ষেপ প্রদান করে এবং তা কীভাবে শিক্ষার্থীকে তার মাধ্যমিক-পরবর্তী লক্ষ্য অর্জনে সহায়তা দেয়া যায় সেবিষয়ে সুপারিশ প্রদান করে।

**দীর্ঘায়িত শিক্ষা বছর (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY) পরিষেবা:** দীর্ঘায়িত শিক্ষা বছরের পরিষেবাগুলো হলো জুলাই থেকে অগাস্ট পর্যন্ত দেয়া বিভিন্ন স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা। এগুলো সেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের সুপারিশ করা হতে পারে, যাদের ব্যাপক পিছিয়ে পড়া রোধে সামারে (গ্রীষ্মে) স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদান করা আবশ্যক হয়।

ESY-এর জন্য সুপারিশকৃত একটি IEP-যুক্ত শিক্ষার্থী হতে পারে:

- সেপ্টেম্বর–জুনের মতো জুলাই–অগাস্ট মাসে একই প্রোগ্রাম ও পরিষেবা পাবে; অথবা
- জুলাই-অগাস্ট মাসে কম কঠোর বিভিন্ন পরিষেবা লাভ করবে।

যদি ESY পরিষেবাসমূহ সুপারিশ করা হয়, তাহলে IEP জুলাই থেকে অগাস্ট মাসে যেসব প্রোগ্রাম ও পরিষেবা দেয়া হবে, তা সুনির্দিষ্ট করে দেবে।

**বিনামূল্যে যথোপযুক্ত সরকারি শিক্ষা (ফ্রি অ্যাপ্রোপ্রিয়েট পাবলিক এডুকেশন, FAPE):** স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও রিলেটেড সার্ভিস যা সরকারি ব্যয়ে, সরকারি তত্ত্বাবধানে এবং নির্দেশে, এবং পিতামাতাদের কাছ থেকে অর্থ আদায় না করে প্রদান করা হয়।

**ফাংশনাল বিহেভিওরাল অ্যাসেসমেন্ট (কার্যকর আচরণগত মূল্যায়ন, FBA):** যখন কোনও শিক্ষার্থী সমস্যা সৃষ্টিকারী আচরণে লিপ্ত হয় যা তার নিজের ও অন্যদের পড়ালেখায় বিঘ্ন সৃষ্টি করে, কিংবা যা শিক্ষার্থী বা অন্যদের ক্ষতির বা আহত হওয়ার ঝুঁকিতে ফেলে দেয়, তখন একটি কার্যকর আচরণগত মূল্যায়ন পরিচালনা করা হতে পারে। কার্যকর আচরণগত মূল্যায়ন হলো একটি প্রক্রিয়া যা নিচের বিষয়গুলো শনাক্ত করতে ব্যবহার করা হয়:

- একটি আচরণের কারণসমূহ
- প্রতিবিধানের জন্য সম্ভাব্য হস্তক্ষেপ

**জেনারেল এডুকেশন বা সাধারণ শিক্ষার পাঠ্যক্রম:** সামগ্রিক জ্ঞান ও দক্ষতার পরিধি যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীসহ সব শিক্ষার্থী আয়ত্ত করবে বলে প্রত্যাশা করা হয়।

**শ্রুতি বৈকল্য:** এটি একটি প্রতিবন্ধিত্ব শ্রেণি, যাকে চিহ্নিত করা হয় শ্রবণক্ষমতা লোপ পাওয়ার উপর ভিত্তি করে যা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রভাব ফেলে, কিন্তু সেটা বধিরতা সংজ্ঞার আওতায় পড়ে না। এ ধরনের শ্রবণক্ষমতা স্থায়ীভাবে লোপ পেতে পারে বা উঠানামা করতে পারে। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**স্বাস্থ্য পরিষেবা:** স্কুল চলাকালে একজন নার্স অথবা হেলথ্ বা স্বাস্থ্য-সংক্রান্ত প্যারাপ্রফেশনাল সহায়তা আবশ্যক হয় এমন চিকিৎসা এবং/অথবা স্বাস্থ্যগত চাহিদাযুক্ত শিক্ষার্থীদের প্রদত্ত এক ধরনের সংশ্লিষ্ট পরিষেবা। এসব পরিষেবার উদাহরণ হতে পারে খাওয়ানো, হাঁটাচলায় বা স্থানান্তরণে সাহায্য, শোষণ করা অথবা মূত্র-নিষ্কাশনে সাহায্য করা।

**হাই স্কুল ডিপ্লোমা:** শিক্ষার্থী হাই স্কুল থেকে গ্র্যাজুয়েট হওয়ার জন্য আবশ্যক কোর্স ও পরীক্ষা সাফল্যের সাথে সম্পন্ন করেছে, সেটা প্রদর্শন করতে এই সার্টিফিকেট প্রদান করা হয়।

**বাড়িতে শিক্ষা-নির্দেশনা:** বাড়িতে নির্দেশনা একটি শিক্ষাগত পরিষেবা যা প্রদান করা হয় প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের যারা কোনো শারীরিক বা মানসিক অবস্থার কারণে স্কুলে যেতে অক্ষম।

**বাড়ির ভাষা শনাক্তকরণ জরিপ (হোম ল্যাঙ্গুয়েজ আইডেন্টিফিকেশন সার্ভে, HLIS):** শিক্ষার্থীদের বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য কোনও ভাষায় কথা বলা হয় কিনা তা নির্ধারণে পিতামাতাদের প্রশ্নোত্তর।

**হাসপাতালে শিক্ষা-নির্দেশনা:** হাসপাতালে প্রদত্ত শিক্ষা-নির্দেশনা হলো একটি সাময়িক শিক্ষাগত পরিষেবা যা চিকিৎসাগত কারণে যেসব শিক্ষার্থী হাসপাতালে রয়েছে এবং সেজন্যে স্কুলে উপস্থিত হতে পারছে না, তাদের প্রদান করা হয়।

**নিরপেক্ষ শুনানি:** একটি নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) হলো এমন একটি প্রশাসনিক পদক্ষেপ যা NYCPS-এর কর্মী নন, এমন একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার (ইমপার্শিয়াল হিয়ারিং অফিসার) সামনে পরিচালিত হয়। পিতামাতা ও স্কুল ডিস্ট্রিক্ট উভয়ই যুক্তি, সাক্ষী এবং, যদি থাকে, প্রমাণ পেশ করেন। নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়ার উপর আরও

তথ্যের জন্য, **সেকশন 8: সহায়তা প্রাপ্তি-এ নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়া** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**স্বাধীন মূল্যায়ন:** একজন পিতামাতা NYCPS-এর দ্বারা সম্পাদিত মূল্যায়নের সাথে দ্বিমত পোষণ করলে, তিনি NYCPS-এর অর্থ-ব্যয়ে একটি স্বাধীন মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। অনুরোধটি অবশ্যই শিক্ষার্থীর IEP টিমের কাছে লিখিতভাবে জানাতে হবে। NYCPS হয় স্বাধীন মূল্যায়নের জন্য অর্থ পরিশোধ করতে সম্মত হবে অথবা NYCPS-এর সম্পাদিত মূল্যায়নটি যে যথাযথ ছিল, তা প্রদর্শনের জন্য একটা ন্যায্য প্রক্রিয়ার অভিযোগ জমা দেবে।

এছাড়াও পিতামাতা মূল্যায়নের জন্য নিজ অর্থ ব্যয় করতে পারেন অথবা ইনস্যুরেন্সের মাধ্যমেও মূল্যায়ন করাতে পারেন। আপনি যদি কোনও স্বাধীন মূল্যায়ন করিয়ে থাকেন এবং তা আপনার সন্তানের IEP টিম দ্বারা বিবেচনা করাতে চান, তাহলে IEP মিটিংয়ের আগে NYCPS স্টাফদের বিষয়টি অবহিত করার বিষয়টি ভুলবেন না।

**ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম, IEP):** IEP কোনও শিক্ষার্থীর স্পেশাল এডুকেশন পরিষেবা লাভের যোগ্যতার প্রমাণ দেয় এবং শিক্ষার্থীর অনন্য চাহিদার উপযুক্ত স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিষেবা পরিকল্পনাকে সংগঠিত করে। এতে কোনো শিক্ষার্থীর সুনির্দিষ্ট তথ্য এবং এসব চাহিদা পূরণের জন্য তৈরি শিক্ষাগত কর্মসূচি অন্তর্ভুক্ত থাকে, এতে অন্তর্ভুক্ত:

- একজন শিক্ষার্থীর বর্তমান অগ্রগতি এবং/অথবা স্কুলে কার্য-সম্পাদনা ও লক্ষ্যসমূহ যা একটি শিক্ষা বছরে যৌক্তিকভাবে অর্জন করা যেতে পারে;
- স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) (এতে অন্তর্ভুক্ত, কাউন্সেলিং ও স্পিচ, অক্যুপেশনাল, অথবা ফিজিক্যাল থেরাপি), প্যারাপ্রফেশনালের সহায়তা; সহায়ক প্রযুক্তি; আচরণগত হস্তক্ষেপ, এবং বিশেষ পরিবর্তন;
- অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে অংশগ্রহণ, যতটুকু পর্যন্ত সম্ভব;
- পরিষেবাগুলো কত তারিখ থেকে শুরু হবে, কত ঘন ঘন, কোথায় এবং কতক্ষণ প্রদান করা হবে; এবং
- একজন শিক্ষার্থীর অগ্রগতি পরিমাপের উপায়।

**ব্যক্তিক শিক্ষা কর্মসূচির (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম, IEP) টিম:** IEP টিম হলো সদস্যদের একটি গ্রুপ যারা আপনার সন্তানের কোনও প্রতিবন্ধিতা আছে কিনা অথবা তার স্পেশাল এডুকেশন পরিষেবা প্রয়োজন কিনা, এবং প্রয়োজন হলে কোন পরিষেবাগুলো উপযুক্ত, তা নির্ণয় করতে তথ্য শেয়ার করে ও একসাথে কাজ করে। আপনি আমাদের IEP টিমের একজন গুরুত্বপূর্ণ সদস্য। IEP টিম যদি প্রমাণের উপর ভিত্তি করে নির্ধারণ করে যে আপনার সন্তানের কোনও প্রতিবন্ধিতা রয়েছে এবং স্পেশাল এডুকেশন পরিষেবা প্রয়োজন, তাহলে ঐ মিটিংয়ে একটি IEP তৈরি করা হবে। IEP টিম-এর সদস্যদের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারেন, কিন্তু এদের মাঝেই সীমিত নয়:

- একজন জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষার) শিক্ষক;
- স্পেশাল এডুকেশন (বিশেষ শিক্ষার) শিক্ষক;
- স্কুলের সাইকোলজিস্ট;
- সোশাল ওয়ার্কার;
- ডিস্ট্রিক্টের প্রতিনিধি;
- পিতামাতা হিসেবে আপনি; এবং
- আপনার সন্তান।

**ব্যক্তিক শিক্ষা পরিষেবা কর্মসূচি (ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম, IESP):** আপনার সন্তান যদি নিউ ইয়র্ক সিটিতে কোনও প্রাইভেট বা ধর্মীয় স্কুলে পড়ছে অথবা পড়বে, এবং IEP টিম জানতে পারে যে আপনার সন্তান স্পেশাল এডুকেশনের জন্য যোগ্য, তাহলে IEP টিম একটি IEP-এর পরিবর্তে একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন সার্ভিসেস প্রোগ্রাম (IESP) তৈরি করবে। আপনার সন্তান প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে পড়াশোনার সময়, তাকে যে স্পেশাল এডুকেশন পরিষেবা এবং/অথবা সম্পর্কিত পরিষেবা প্রদান করা হবে, সেটি তার IESP-তে বর্ণিত থাকবে।

প্রতিবন্ধিতাযুক্তদের জন্য শিক্ষা বিধি (ইন্ডিভিজুয়ালস্ উইথ ডিস্যাবিলিটিজ এডুকেশন অ্যাক্ট, IDEA): IDEA একটি ফেডারেল আইন যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের 3 বছর বয়স থেকে যে বছর শিক্ষার্থী 21 বছর হবে অথবা হাই স্কুল ডিপ্লোমা নিয়ে গ্র্যাজুয়েট করছে সেই বছর অবধি তাদের জন্য ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে FAPE লাভ করার অধিকার দেয়।

প্রাথমিক সুপারিশ: প্রাথমিক সুপারিশ হলো একটি অনুরোধ, যা শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কিনা এবং তার স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে কিনা, তা নির্ধারণের জন্য স্পেশাল এডুকেশন মূল্যায়ন প্রক্রিয়া শুরু করে। শিক্ষার্থীর পিতামাতা, শিক্ষার্থীর NYCPS স্কুলের প্রিন্সিপাল, কিংবা শিক্ষার্থীর CSE-এর চেয়ারপারসন প্রাথমিক সুপারিশ করতে পারেন। প্রাথমিক সুপারিশ করতে পিতামাতাকে শিক্ষার্থীর মূল্যায়নের জন্য NYCPS স্কুল অথবা CSE বরাবর একটি লিখিত অনুরোধ জমা দিতে হবে।

জ্ঞানগত প্রতিবন্ধিত্ব: এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যার বৈশিষ্ট্য হলো জ্ঞানগত সক্রিয়তা গড়পড়তার চাইতে উল্লেখযোগ্যভাবে নিম্নতর এবং খাপ-খাইয়ে নেয়ার আচরণের অভাব। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

দোভাষী: পিতামাতার সাথে একটি মুখোমুখি অথবা টেলিফোনে আলাপচারিতার সময় এবং/অথবা সন্তানের মূল্যায়নের সময়, ইংরেজি থেকে পিতামাতা অথবা সন্তানের পছন্দের ভাষায় মৌখিক যোগাযোগ স্থাপনকারী ব্যক্তি।

শিখন প্রতিবন্ধিত্ব: এটা একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা বোধগম্যতার সাথে সংশ্লিষ্ট এক বা একাধিক মৌলিক মনোবৈজ্ঞানিক প্রক্রিয়া বা ভাষা (কথ্য বা লিখিত) ব্যবহারের ক্ষেত্রে বিশৃঙ্খলার দ্বারা চিহ্নিত করা হয়। এটা কোনও কিছু শোনা, চিন্তা করা, কথা বলা, পড়া, লিখা, বানান করা কিংবা গাণিতিক হিসাব করায় ত্রুটিপূর্ণতাকে অন্তর্ভুক্ত করবে। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE): IEP টিম একটি স্পেশাল এডুকেশন পরিষেবার সুপারিশ করবে, যা প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে তার ন্যূনতম নিষেধাত্মক পরিবেশে (লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট, LRE) FAPE প্রদান করবে। এর অর্থ হলো আপনার সন্তানকে যতটুকু পর্যন্ত উপযুক্ত ততটুকু তার অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে একত্রে শিক্ষা লাভ করবে। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের স্পেশাল বা বিশেষ ক্লাসে, আলাদা স্কুলে, অথবা জেনারেল এডুকেশন বা সাধারণ শিক্ষার পরিবেশ থেকে কেবল তখনই অপসারণ করা হয়, যখন প্রতিবন্ধিতার প্রকৃতি অথবা তীব্রতা এমন যে, বিভিন্ন সম্পূরক (সাপ্লিমেন্টারি) সহায়তা ও পরিষেবা ব্যবহার সত্ত্বেও যখন সন্তোষজনকভাবে শিক্ষা অর্জন সম্ভব হয় না। লিস্ট রেস্ট্রিকটিভ এনভায়রনমেন্ট সেজন্যে প্রতিটি শিক্ষার্থীর জন্য ভিন্ন ভিন্ন হয়।

সীমিত চলাচলক্ষম: সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী হলো সে, যে চলাচলে সহায়ক যন্ত্র বা সরঞ্জাম—যেমন হুইলচেয়ার, ওয়াকার, ক্রাচ, বা ছড়ি—ব্যবহার করে পরিবেশের সাথে সমন্বয়বিধানের জন্য, কিংবা কোনও শিক্ষার্থী যে স্কুলের পরিবেশের সাথে কষ্টের সাথে মানিয়ে চলে এবং/অথবা তার সতীর্থদের চাইতে ধীরগতিতে চলে, হতে পারে সেটা তার পেশীগত দুর্বলতা, বা সহ্যক্ষমতার অভাবে, কিংবা অন্য কোনও কারণে। চলাচলে সুনির্দিষ্ট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর, তা শারীরিক বা ইন্দ্রিয়গত যাই হোক না কেন, যার জন্য একটি বিল্ডিংয়ের ডিজাইন বাধা সৃষ্টিকারী হতে পারে, কর্মসূচিতে অভিগম্যতার জন্য তাকে অবশ্যই আইন মোতাবেক প্রবেশের প্রয়োজনীয় সুবিধা দিতে হবে।

স্থানীয় ডিপ্লোমা: স্থানীয় বা লোকাল ডিপ্লোমা হলো যেসব শিক্ষার্থী সেফটি নেট-এর জন্য যোগ্য এবং উচ্চতর রিজেন্টস্ বা রিজেন্টস্ ডিপ্লোমার মান অর্জন বা অতিক্রম করতে পারবে না, তাদের জন্য লভ্য একটি বিকল্প হাই স্কুল ডিপ্লোমা। সেফটি নেট প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের একটি হাই স্কুল ডিপ্লোমা অর্জনে সহযোগিতার জন্য বাড়তি নমনীয়তার সুযোগ দেয়। যদি কোনও শিক্ষার্থী সেফটি নেট অপশনটি ব্যবহার করে, তাহলে সে একটি স্থানীয় বা লোকাল ডিপ্লোমা অর্জন করবে। গ্র্যাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন'** দেখুন।

**ব্যবস্থাপনার চাহিদাসমূহ:** শিক্ষার্থীর ব্যবস্থাপনা চাহিদা IEP-তে উল্লেখ থাকে, এতে অন্তর্ভুক্ত পরিবেশগত পরিবর্তনের ধরন ও পরিমাণ, মানব সম্পদ, কিংবা বস্তুগত সংস্থান বা রিসোর্স, যা কোনও শিক্ষার্থীকে শিক্ষা-নির্দেশনা থেকে সুবিধা গ্রহণে সক্ষমতা দেয়।

**লক্ষণ নির্ণয় পর্যালোচনা (ম্যানিফেস্টেস্টেশন ডিটারমিনেশন রিভিউ, MDR):** লক্ষণ নির্ণয় পর্যালোচনা (ম্যানিফেস্টেস্টেশন ডিটারমিনেশন রিভিউ, MDR) হলো পিতামাতা ও স্কুল কমিউনিটির সদস্যদের মধ্যে একটি মিটিং। এটি অনুষ্ঠিত হয় তখন, যখন কোনও প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী শাস্তিমূলক কারণে অন্যত্র আসনপ্রাপ্তির মুখোমুখি হয়। একটি শাস্তিমূলক স্থানান্তরের ঘটনা ঘটে যখন কোনও শিক্ষার্থীকে সুপারিনটেনডেন্টের সাসপেনশন, প্রিন্সিপালের সাসপেনশন, এবং/অথবা শিক্ষক কর্তৃক অপসারণের কারণে তার চলমান শিক্ষাগত প্রোগ্রাম থেকে অপসারণ করা হয়:

- পর পর মোট 10 স্কুল দিবসের জন্য; কিংবা
- বিশেষ এক ধরনের বা প্যাটার্নের অপসারণের ফলে একটি শিক্ষা বছরে সর্বমোট 10 স্কুল দিবসের জন্য।

MDR শিক্ষার্থীর প্রতিবন্ধিতা, অপসারণের কারণস্বরূপ আচরণ, এবং সে আচরণটি তার প্রতিবন্ধিতা বা শিক্ষার্থীর IEP বাস্তবায়নের ব্যর্থতার সাথে সংশ্লিষ্ট কিনা, তা নিয়ে একটি আলোচনাকে অন্তর্ভুক্ত করবে।

**মধ্যস্থতা:** মধ্যস্থতা একটি গোপনীয়, স্বেচ্ছা প্রক্রিয়া যা মানুষকে আনুষ্ঠানিক যথাযথ প্রক্রিয়ার শুনানি ছাড়াই বিবাদ মীমাংসার সুযোগ দেয়। একজন নিরপেক্ষ মধ্যস্থতাকারী প্রত্যেক ব্যক্তি বা দলকে যে বিষয়গুলোতে সহায়তা দেন:

- নিজ নিজ দৃষ্টিভঙ্গি ও অবস্থান প্রকাশ করার, এবং
- অন্যদের দৃষ্টিভঙ্গি ও অবস্থান বোঝার

মধ্যস্থতাকারীগণ বিভিন্ন সমস্যা নিয়ে মানুষকে আলোচনা করার এবং সমাধানে পৌঁছার সুযোগ দেন। কোনও সমাধান সুপারিশ করা অথবা কোনও অবস্থান বা পক্ষ নেয়া তাদের ভূমিকা নয়। মধ্যস্থতায় প্রত্যেকে যদি কোনও কিছুতে একমত হন, সেটাকে একটি চুক্তিতে আবদ্ধ হওয়া হিসেবে বিবেচনা করা হয়। এর অর্থ হলো এ নিয়ে আপিল করা যাবে না।

**স্বাস্থ্য পরীক্ষা:** শিক্ষার্থীর শারীরিক ও স্বাস্থ্যগত অবস্থা সম্পর্কে ডাক্তারের রিপোর্ট যা IEP মিটিংয়ের সময় বিবেচনায় নেয়া হয়।

**বিভিন্ন পরিবর্তন সাধন:** বিভিন্ন পরিবর্তন বিষয়বস্তু এবং/অথবা পাঠ্যক্রমের শিক্ষা-নির্দেশনার স্তর বদলে দেয়। যেখানে বিশেষ সুবিধা ব্যবস্থা বিভিন্ন কাঠামো অথবা প্রক্রিয়া পরিবর্তন করে, সেখানে অভিযোজন বা পরিবর্তনগুলো পড়ানোর বিষয়বস্তুর কঠোরতার স্তর এবং/অথবা পরিমাণ পরিবর্তন করে। সেসব প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য পরিবর্তন সাধন করা হয়, যারা শিক্ষক যা পড়াচ্ছেন তার সবকিছু অনুধাবন করতে অক্ষম। উদাহরণস্বরূপ, শুধুমাত্র মুখ্য বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে অ্যাসাইনমেন্টের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে কমানো অথবা পরিবর্তন করা হতে পারে।

**বহুভাষী শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার):** একজন বহুভাষী শিক্ষার্থী (মাল্টিলিঙ্গুয়াল লার্নার), যাদেরকে "ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, ELL)" বলা হয়, তারা হলো এমন শিক্ষার্থী, যারা বাড়িতে ইংরেজি ব্যতীত অন্য একটি ভাষায় কথা বলে এবং হয় NYSITELL এবং/অথবা NYSESLAT-এ স্টেট নির্ধারিত ইংরেজিতে দক্ষতার স্তরের নিচে নম্বর পেয়েছে।

**একাধিক প্রতিবন্ধিত্ব:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা কোনো শিক্ষার্থীর একাধিক প্রতিবন্ধিত্ব থাকলে ব্যবহার করা হয়, যেমন বুদ্ধি-প্রতিবন্ধিত্ব ও অন্ধত্ব, বুদ্ধি-প্রতিবন্ধিত্ব ও বধিরতা ইত্যাদি। এ ধরনের মিশ্রিত শিক্ষাগত চাহিদা শুধুমাত্র একটি প্রতিবন্ধিত্বের স্পেশাল এডুকেশন প্রোগ্রাম দিয়ে মেটান সম্ভব নয়। পরিভাষাটি বধিরত্ব-অন্ধত্ব অন্তর্ভুক্ত করে না। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**নিউ ইয়র্ক স্টেট ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ অ্যাচিভমেন্ট টেস্ট (NYSESLAT):** কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড ইংরেজি ভাষা শিক্ষার্থীরা (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার)/বহু ভাষা শিক্ষার্থীরা (মাল্টিল্যাঙ্গুয়েজ লার্নার) (ELLs/MLLs) NYSESLAT অংশগ্রহণ করে। তারা ESL এবং বাইলিঙ্গুয়াল (দ্বিভাষী) পরিষেবাসমূহ লাভ করা অব্যাহত রাখবে যতক্ষণ পর্যন্ত না NYSESLAT-এ তাদের স্কোর থেকে বোঝা যায় যে তারা ইংরেজি ভাষায় দক্ষতা অর্জন করেছে এবং তাদের বাড়তি সহায়তার প্রয়োজন নেই।

**নিউ ইয়র্ক স্টেট আইডেন্টিফিকেশন টেস্ট ফর ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (NYSITELL):** শিক্ষার্থীর ইংরেজি ভাষায় দক্ষতার স্তর এবং দ্বিভাষিক/ENL পরিষেবার চাহিদা নিরুপণে প্রদত্ত একটি পরীক্ষা।

**নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত নন-পাবলিক স্কুল:** এগুলো প্রাইভেট বা বেসরকারিভাবে পরিচালিত স্কুল যা স্পেশাল এডুকেশনে আসন প্রাপ্তির সুযোগ দেয় এবং এগুলো নিউ ইয়র্ক স্টেট কর্তৃক অনুমোদিত।

**অ-প্রতিবন্ধী:** কোনো শিক্ষার্থী যার কোনো প্রতিবন্ধিত্ব আছে বলে শ্রেণীভুক্ত হয়নি এবং কোনো স্পেশাল এডুকেশন পরিষেবা গ্রহণ করে না।

**রেফারেলের নোটিস:** স্পেশাল এডুকেশন পরিষেবাগুলোর সুপারিশ পাবার পাঁচ দিনের মধ্যে পিতামাতার কাছে পাঠানো একটি  চিঠি।

**অকুপেশনাল থেরাপি:** অকুপেশনাল থেরাপি হলো একটি সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) যা কোনও শিক্ষার্থীকে স্কুল ভিত্তিক খাপ খাইয়ে নেয়া ও ক্রিয়াশিলতার দক্ষতাসমূহ বজায় রাখতে, উন্নত করতে, অথবা পুনরুদ্ধার করতে সহায়তা করে।

**দিক-নির্ণয় ও চলাচল ক্ষমতা (ওরিয়েন্টেশন ও মোবিলিটি) পরিষেবা:** এই পরিষেবাগুলো কোনো শিক্ষার্থীকে স্কুলের বিন্যাসের অভ্যন্তরে কীভাবে নিরাপদে চলাফেরা করতে হয় তা শেখায়। একজন শিক্ষার্থী কোথায় আছে, কোথায় যাবে, এবং কীভাবে সেখানে নিরাপদে যেতে পারবে, এসব পরিষেবা তাদেরকে সেটা শিখতে সহায়তা করে। দিক-নির্ণয় ও চলাচল ক্ষমতা (ওরিয়েন্টেশন ও মোবিলিটি) পরিষেবা দৃষ্টি বৈকল্যযুক্ত শিক্ষার্থীদের প্রদান করা হয়।

**অস্থিজনিত (অর্থপেডিক) বৈকল্য:** এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা যখন কোনও শিক্ষার্থীর শরীরে মারাত্মক বৈকল্যের কারণে তার শিক্ষায়তনিক কার্যসম্পাদনায় বিরূপ প্রভাব বিস্তার করে তখন ব্যবহার করা হয়। এই পরিভাষাটির অন্তর্ভুক্ত বিভিন্ন বৈকল্য, যার কারণ:

- জন্মগত বা কনজেনিটাল অসঙ্গতি (ক্লাবফুট, কিছু অঙ্গ-প্রত্যঙ্গের অনুপস্থিতি, ইত্যাদি)
- রোগ (পলিওমাইলাইটিস, বোন টিউবারকিউলোসিস, ইত্যাদি)
- অন্য কারণসমূহ (সেরিব্রাল পালসি, অঙ্গ কেটে বাদ দেয়া এবং ভেঙ্গে যাওয়া অথবা পোড়া যা থেকে কনট্র্যাকচার হয়)

আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং**-এ **প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

**প্যারাপ্রফেশনাল:** একজন প্যারাপ্রফেশনাল কোনও শিক্ষার্থীকে, শিক্ষার্থীদের একটি গ্রুপ, কিংবা পুরো ক্লাসকে সহায়তা প্রদান করেন।

- IEP-তে সুপারিশকৃত একজন প্যারাপ্রফেশনাল (কোনও একক শিক্ষার্থী বা শিক্ষার্থী গ্রুপের জন্য) হলেন "IEP-নিযুক্ত প্যারাপ্রফেশনাল।"।
- পুরো ক্লাসরুমের পরিষেবাদানকারী প্যারাপ্রফেশনাল হলেন "ক্লাসরুম প্যারাপ্রফেশনাল"।
- একজন প্যারাপ্রফেশনাল, যিনি সুপারিশকৃত শিক্ষা-নির্দেশনার ভাষায় দ্বিভাষীক এবং কোনও দ্বিভাষীক ক্লাসে আসন পাবার অপেক্ষায় থাকা শিক্ষার্থীদের পরিষেবা দেন, তিনি হলেন "অল্টারনেট প্লেসমেন্ট প্যারাপ্রফেশনাল" (বিকল্প আসনপ্রাপ্তদের জন্য প্যারাপ্রফেশনাল)।

একটি IEP-নিযুক্ত প্যারাপ্রফেশনাল নিম্নলিখিত কার্যগুলোর একটিতে পরিষেবা দেবেন:

- আচরণগত সহায়তা
- স্বাস্থ্য
- টয়লেট ব্যবহার
- দিক-নির্ণয় ও চলাচল ক্ষমতা (ওরিয়েন্টেশন ও মোবিলিটি)

**পিতামাতা সদস্য (প্যারেন্ট মেম্বার):** একজন পিতামাতা সদস্য হলেন নিউ ইয়র্ক সিটি বা আশেপাশের স্কুল ডিস্ট্রিক্টগুলোর প্রতিবন্ধিতাযুক্ত কোনো শিক্ষার্থীর পিতা বা মাতা যিনি IEP মিটিংগুলোতে অংশগ্রহণ করতে পারেন। পিতামাতাদের কোনও IEP মিটিংয়ে 72 ঘণ্টার নোটিসে একজন পিতামাতা সদস্যের (প্যারেন্ট মেম্বার) অংশগ্রহণের (লিখিতভাবে) অনুরোধ জানাবার অধিকার আছে।

**অন্তর্বর্তী সময়:** যখন কোনও পিতামাতা বা NYCPS একটি নিরপেক্ষে শুনানির (ইমপার্শিয়াল হিয়ারিং) অনুরোধ জানাবেন, তখন ন্যায্য প্রক্রিয়ার কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত আপনার সন্তানের "সর্বশেষ ঐক্যমত্যের ভিত্তিতে প্রাপ্ত আসনে" থাকার অধিকার আছে। এমন অবস্থানকে বলা হয় অন্তর্বর্তী সময়। নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8: সহায়তা প্রাপ্তি-এ নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়া** শিরোনামে অধীনের তথ্য দেখুন।

**পিতামাতার ভূমিকা পালনকারী ব্যক্তি:** কিছু কিছু পরিস্থিতিতে পিতামাতা নন এমন ব্যক্তি পিতামাতার ভূমিকা পালন করতে পারেন। একজন পিতামাতার ভূমিকা পালনকারী ব্যক্তি হলেন স্পেশাল এডুকেশন প্রক্রিয়া জুড়ে IEP টিমের একজন সদস্য। যদি শিক্ষার্থীর জীবনে জন্মদাতা পিতামাতা কখনো ফিরে আসেন এবং পিতামাতার দায়িত্ব গ্রহণ করেন তাহলে IEP টিম সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের সংশ্লিষ্ট করবেন এবং পিতামাতার ফিরে আসার পরে পিতামাতার ভুমিকা পালনকারী ব্যক্তিকে আর স্বীকৃতি দেবেন না।

**পছন্দের ভাষা:** এটা হচ্ছে সেই ভাষা, যেই ভাষায় পিতামাতা কথা বলতে বেশি স্বাচ্ছন্দ্যবোধ করেন। এটি বাড়িতে নিয়মিত ব্যবহৃত ভাষা হতে পারে আবার নাও হতে পারে।

**পূর্ব লিখিত বিজ্ঞপ্তি (প্রায়োর রিটেন নোটিস):** এটি একটি অবহিতকরণ বিজ্ঞপ্তি, যা NYCPS পিতামাতার/পিতামাতাদের কাছে পাঠায়। এই নোটিফিকেশন পিতামাতাকে/পিতামাতাদেরকে অবহিত করবে যে NYCPS পরিচিতি পরিবর্তন, মূল্যায়ন, এবং/অথবা শিক্ষাগত স্থানান্তরকরণ সুচনার প্রস্তাব করছে।

**মনোরোগ-সংক্রান্ত মূল্যায়ন:** এটি একটি বিশেষায়িত মূল্যায়ন যা স্কুলে সাফল্য অর্জনে প্রতিবন্ধক মারাত্মক মানসিক এবং/অথবা আচরণগত সমস্যার ক্ষেত্রে একজন মনোচিকিৎসক (সাইকায়েট্রিস্ট) পরিচালনা করেন।

**মানসিক মূল্যায়ন:** শেখার সার্বিক সক্ষমতায় একজন শিক্ষার্থী যেসব ক্ষেত্রে ভালো এবং তার দুর্বলতাসমূহ এবং সে অন্যান্য শিক্ষার্থী ও প্রাপ্তবয়স্কদের সঙ্গে নিজেকে কীভাবে তুলনা করে তা পরিমাপ করতে একজন লাইসেন্সধারী সাইকোলজিস্ট যে মূল্যায়ন পরিচালনা করেন।

**সুপারিশ:** একটি IEP মিটিংয়ে স্পেশাল এডুকেশন সংক্রান্ত বিভিন্ন সহায়তা ও পরিষেবা সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত।

**পুনর্মূল্যায়ন:** ইতিমধ্যে স্পেশাল এডুকেশন সার্ভিস গ্রহণরত প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য পরিচালিত একটি মূল্যায়ন। কমপক্ষে প্রতি তিন বছর পর পর এবং অনুরোধসাপেক্ষে একটি পুনর্মূল্যায়ন পরিচালিত হবে। শিক্ষার্থীর শিক্ষক, পিতামাতা অথবা স্কুল ডিস্ট্রিক্ট এই পুনর্মূল্যায়নের অনুরোধ জানাতে পারেন। বছরে একবারের বেশি পুনর্মূল্যায়ন করা হবে না যদি না স্কুল ও পিতামাতা অন্যভাবে সম্মত হন।

**সুপারিশ (রেফারেল):** শিক্ষার্থীর প্রতিবন্ধিতা আছে কিনা এবং তার স্পেশাল এডুকেশন পরিষেবার প্রয়োজন আছে কিনা, তা নির্ধারণের জন্য একটি প্রাথমিক সুপারিশ বা রেফারেল প্রক্রিয়াটি শুরু করে। একটি সুপারিশ করতে পারবেন একজন স্কুলের প্রিন্সিপাল, একজন CSE চেয়ারপার্সন, কিংবা একজন পিতামাতা।

**রিজেন্টস্ ডিপ্লোমা:** নিউ ইয়র্ক স্টেটে, তিন ধরনের ডিপ্লোমা রয়েছে: স্থানীয় বা লোকাল ডিপ্লোমা, রিজেন্টস্ ডিপ্লোমা, এবং উচ্চতর বা অ্যাডভান্সড রিজেন্টস্ ডিপ্লোমা। একটি রিজেন্টস্ ডিপ্লোমা অর্জনের জন্য নির্দিষ্ট পরীক্ষা ও ক্রেডিটের শর্ত রয়েছে। গ্র্যাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন'** দেখুন।

**সংশ্লিষ্ট পরিষেবাসমূহ (রিলেটেড সার্ভিস):** রিলেটেড সার্ভিস (সম্পর্কিত পরিষেবা) হলো সেসব পরিষেবা যা কোনও প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীকে শিক্ষার অর্থপূর্ণ সুবিধা লাভের জন্য দেয়া আবশ্যক হতে পারে। এগুলোতে অন্তর্ভুক্ত হতে পারে কাউন্সেলিং, অকুপেশনাল থেরাপি, ফিজিক্যাল থেরাপি, স্পিচ-ল্যাঙ্গুয়েজ থেরাপি, দিক-নির্ণয় ও চলাচল ক্ষমতা (ওরিয়েন্টেশন ও মোবিলিটি) পরিষেবা, এবং অন্যান্য সহায়তা পরিষেবা।

**রিলেটেড সার্ভিসেস অথরাইজেশন (RSA):** একটি RSA হচ্ছে একটি চিঠি যা পিতামাতাদেরকে দেয়া হয়, যা তাদেরকে NYCPS-এর অর্থে NYCPS-বহির্ভূত কোনও সুনির্দিষ্ট সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারীর কাছ থেকে পরিষেবা গ্রহণ করার সুযোগ দেয়। এটা পিতামাতাদের জন্য ইস্যু করা হবে যখন NYCPS যথাসময়ে প্রদানের জন্য কোনও সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) প্রদানকারী শনাক্ত করতে পারে না।

**অনুরোধকৃত পর্যালোচনা:** পিতামাতার অনুরোধ জানানর পর আপনার সন্তানের IEP অব্যাহত রাখা হবে কিনা, সেই সিদ্ধান্ত নিতে এটা পর্যালোচনার জন্য একটি IEP মিটিং ডাকা হতে পারে।

**মধ্যস্থতা থেকে পদক্ষেপ গ্রহণ (রেসপন্স টু ইন্টার্ভেনশন, RtI):** মধ্যস্থতা থেকে পদক্ষেপ গ্রহণ (রেসপন্স টু ইন্টার্ভেনশন, RtI) হলো এমন একটি প্রক্রিয়া যা স্কুলগুলো আলাদাভাবে শিক্ষার্থীদের সাথে শিক্ষাদান পদ্ধতি এবং তাদের চাহিদার সাথে সহায়তার স্তর মানানসই করতে ব্যবহার করে।

**রেজোল্যুশন মিটিং (সমাধানে উত্তরণের বৈঠক):** একজন প্যারেন্ট একটি ন্যায্য প্রক্রিয়া বিষয়ক অভিযোগ (এটাকে "নিরপেক্ষ শুনানির অনুরোধ"ও বলা হয়), জমা দেয়ার পর অভিযোগের সমস্যা নিয়ে আলোচনার জন্য NYCPS ও পিতামাতা একটি রেজোল্যুশন মিটিং (সমাধান উত্তরণের বৈঠকে) মিলিত হবেন। এই বৈঠককে বলা হয় "রিজোল্যুশন মিটিং" (সমাধানে উত্তরণের বৈঠক)। নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়ার উপর আরও তথ্যের জন্য, **সেকশন 8: সহায়তা প্রাপ্তি**-এ **নিরপেক্ষ শুনানি (ইমপার্শিয়াল হিয়ারিং) প্রক্রিয়া** শিরোনামে অধীনের তথ্য দেখুন।

**সেফটি নেট:** সেফটি নেট (নিরাপত্তা বেষ্টনী) প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বিকল্প পরীক্ষার বাধ্যবাধকতা পূরণ করে একটি লোকাল ডিপ্লোমা অর্জনের সুযোগ দেয়। এই বিকল্পের সুযোগ আছে IEP-যুক্ত শিক্ষার্থীদের, যেসব শিক্ষার্থীদের নির্দিষ্টভাবে সেফটি নেট-এর যোগ্যতার কথা উল্লেখকৃত একটি 504 পরিকল্পনা আছে, এবং প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী যাদেরকে 8-12 গ্রেডে বর্গ চ্যুত করণ (ডিক্ল্যাসিফায়েড) করে দেওয়া হয় তবে তাদের সর্বশেষ IEP-তে সেফটি নেট যোগ্যতার কথা উল্লেখ ছিল। গ্র্যাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন'** দেখুন।

**স্বল্প-মেয়াদী লক্ষ্য বা ধাপসমূহ:** স্বল্প-মেয়াদী লক্ষ্যসমূহ হলো অন্তর্বর্তী ধাপসমূহ, যা বার্ষিক লক্ষ্য অর্জন করতে হলে অবশ্যই শিখতে হবে। বেঞ্চমার্ক হলো গুরুত্বপূর্ণ মাইলফলক যাতে শিক্ষার্থী প্রদর্শন করবে এবং বার্ষিক লক্ষ্য অর্জনের পথে অগ্রসর হবে। স্বল্প-মেয়াদী লক্ষ্য বা বেঞ্চমার্কসমূহ লিখিত হবে এবং তা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণকারী সকল স্কুল-বয়সী শিক্ষার্থীর IEP-তে উল্লেখ করা থাকবে।

**স্কিলস্ অ্যান্ড অ্যাচিভমেন্ট কমেন্সমেন্ট ক্রেডেনশিয়াল (SACC):** এই নন-ডিপ্লোমা ক্রেডেনশিয়াল (প্রারম্ভিক প্রশংসাপত্র) সেসব IEP-যুক্ত শিক্ষার্থীদের জন্য পাওয়া যাবে, যারা বিকল্প মূল্যায়নে অংশগ্রহণ করে এবং কিন্ডাগার্টেন ছাড়া কমপক্ষে 12 বছর স্কুলে গিয়েছে। এর সাথে সংযুক্ত করতে হবে স্কুল-পরবর্তী জীবন-যাপন, শিক্ষা অর্জন এবং চাকুরী করার জন্য প্রয়োজনীয় শিক্ষায়তনিক, পেশাগত উন্নয়ন এবং মৌলিক দক্ষতাসমূহে শিক্ষার্থীর দক্ষতা, সামর্থ্য, ও স্বনির্ভরতার স্তরের প্রমাণ।

কোনও শিক্ষর্থী যে একমাত্র সমাপণী প্রশংসাপত্র হিসেবে একটি SACC অর্জন করে, সে একটি রিজেন্টস্ বা লোকাল ডিপ্লোমা পাওয়ার আগ পর্যন্ত, কিংবা যে শিক্ষা বছরে তার বয়স 21 হবে, সে বছরের সমাপ্তি পর্যন্ত স্কুলে অবস্থান করার যোগ্য। গ্র্যাজুয়েশনের বিকল্পসমূহ সম্পর্কে আরও জানতে **'সেকশন 6: IEP-যুক্ত শিক্ষার্থীদের গ্র্যাজুয়েশন'** দেখুন।

**সামাজিক ইতিহাস:** একটি সামাজিক ইতিহাসের বৈঠক (সোশ্যাল হিস্টরি মিটিং) হলো কোনও শিক্ষার্থীর সামাজিক সম্পর্কসমূহ সহ স্বাস্থ্য, পরিবার এবং লেখাপড়ার ইতিহাস। এই সাক্ষাৎকার (ইন্টারভিউ) হলো শিক্ষার্থীর

মূল্যায়নের অংশ এবং তা সাধারণত স্কুলের একজন সোশ্যাল ওয়ার্কার পরিচালনা করে থাকেন।

স্পেশাল ক্লাস: স্পেশাল ক্লাসের সকল শিক্ষার্থীর IEP রয়েছে যা তাদের যেসব প্রয়োজন একটি জেনারেল এডুকেশন (সাধারণ ক্লাসরুম) ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়। স্পেশাল এডুকেশন শিক্ষকগণ, বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষা-নির্দেশনা দিয়ে স্পেশাল ক্লাসগুলোতে শিক্ষকতা করেন।

বিশেষভাবে ডিজাইনকৃত শিক্ষা-নির্দেশনা: বিশেষভাবে ডিজাইন করা শিক্ষা-নির্দেশনা, যা গঠিত হয় অভিযোজিত পাঠ্যবিষয়বস্তু, পাঠদান পদ্ধতি (শিক্ষা-নির্দেশনা প্রদানে শিক্ষকতার পদ্ধতি), কিংবা শিক্ষার্থীর প্রতিবন্ধিত্ব থেকে উদ্ভূত অনন্য চাহিদা পূরণ করার জন্য প্রয়োজনীয় শিক্ষা-নির্দেশনা। বিশেষভাবে ডিজাইন করা শিক্ষা-নির্দেশনার উদ্দেশ্য হলো এটা নিশ্চিত করা যে, শিক্ষার্থীর জেনারেল এডুকেশন (সাধারণ শিক্ষা) পাঠ্যক্রম লাভের সুযোগ আছে এবং সে সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য স্কুল ডিস্ট্রিক্টের শিক্ষাগত মান অর্জনে সক্ষম।

বাক অথবা ভাষা প্রতিবন্ধিত্ব: এটা একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা একটি যোগাযোগ বিষয়ক সমস্যা দ্বারা চিহ্নিত করা হয়—যেমন তোতলামি, উচ্চারণে অস্পষ্টতা, ভাষা সমস্যা অথবা কণ্ঠস্বরে সমস্যা—যা শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্যে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করে। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

স্পিচ-ল্যাঙ্গুয়েজ থেরাপি: স্পিচ-ল্যাঙ্গুয়েজ (বাক-ভাষা) থেরাপি হলো একটি সংশ্লিষ্ট পরিষেবা (রিলেটেড সার্ভিস) যা শিক্ষার্থীরর ভাব-বিনিময়ের দক্ষতা বৃদ্ধির প্রতি মনোনিবেশ করার মাধ্যমে স্কুলের পরিবেশে বিভিন্ন শিক্ষায়তনিক ও সামাজিক অবস্থায় শিক্ষার্থীর শোনা (লিসেনিং), বলা (স্পিকিং), পড়া (রিডিং), ও লেখার (রাইটিং) দক্ষতা উন্নত করতে সহায়তা করে।

উত্তরণ: IEP-যুক্ত শিক্ষার্থীর ক্ষেত্রে “উত্তরণ" (ট্র্যাঞ্জিশন)-এর অর্থ হলো হাই স্কুল পরবর্তী জীবনের জন্য পরিকল্পনা করা। শিক্ষার্থীর বয়স যখন 14 হয়, তখন থেকে শুরু করে শিক্ষার্থী গ্র্যাজুয়েট হওয়া বা কিংবা যে শিক্ষা বছর শিক্ষার্থী বয়স 21 হবে, সে বছরের শেষ পর্যন্ত IEP টিম প্রতিটি IEP মিটিং-এ শিক্ষার্থীর লক্ষ্য, উত্তরণকালীন চাহিদা, উত্তরণ বিষয়ক কর্মকাণ্ড নিয়ে আলোচনা করবে। উত্তরণ শিক্ষার্থীর শিক্ষায়তনিক অগ্রগতি অর্জন এবং শিক্ষা, চাকরি ও স্বনির্ভর জীবন যাপন সহ বিভিন্ন পরিস্থিতিতে সক্রিয় সফলতা অর্জনের প্রতি নজর দেয়। এটি একটি শিক্ষার্থী-কেন্দ্রীক প্রক্রিয়া। এর অর্থ হলো, এটা প্রত্যেক শিক্ষার্থীর অনন্য সক্ষমতা, চাহিদা এবং প্রাধান্যের প্রতি গুরুত্ব দেয়। উত্তরণ সম্পর্কে আরও তথ্যের জন্য **সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন**, কিংবা **উত্তরণ পরিকল্পনার জন্য ফ্যামিলি গাইড** দেখুন।

অনুবাদক: যে ব্যক্তি একটি লিখিত ডকুমেন্ট/মূল্যায়নকে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর করেন।

মস্তিষ্কে আঘাতজনিত জখম: এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা ব্যবহার করা হয় যখন কোনও শিক্ষার্থীর কোনও প্রকার শারীরীক আঘাতের কারণে বা কোনও স্বাস্থ্যগত অবস্থা, যেমন স্ট্রোক, এনসেফালাইটিস, অ্যান্যুরিজম, কিংবা অ্যানোক্সিয়া অথবা ব্রেন টিউমারের কারণে মস্তিষ্কে জখম হয়ে থাকে যা তার শিক্ষায়তনিক সাফল্যে বিরূপ প্রভাব ফেলে। পরিভাষাটি এমন কোনো আঘাত অন্তর্ভুক্ত করে না, যা জন্মের সময় ছিল অথবা জন্মের সময় ট্রমাজনিত (মানসিক কিংবা মস্তিষ্কে আঘাত)। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

যাতায়াতের প্রশিক্ষণ: যাতায়াতের প্রশিক্ষণ (ট্র্যাভেল ট্রেনিং) পরিষেবা হলো স্বল্প-মেয়াদী, সামগ্রিক, এবং বিশেষভাবে প্রস্তুতকৃত শিক্ষা-নির্দেশনা যা অন্ধত্ব বা দৃষ্টি প্রতিবন্ধিত্ব ছাড়া অন্যান্য প্রতিবন্ধিতাযুক্ত হাই স্কুল শিক্ষার্থীদেরকে বাড়ি থেকে বিভিন্ন গন্তব্যে (সাধারণত স্কুলে বা কাজের জায়গায়) যাতায়াতে গণপরিবহন বা ব্যবস্থাসমূহ নিরাপদে ও স্বনির্ভরভাবে ব্যবহার করার শিক্ষা দেয়। 14 এবং এরচেয়ে বেশি যোগ্য শিক্ষার্থীরা যাতায়াতের প্রশিক্ষণ (ট্র্যাভেল ট্রেনিং) পরিষেবা পেতে পারে।

শিক্ষা বছরের বার-মাসব্যাপী পরিষেবাসমূহ:
দীর্ঘায়িত শিক্ষা বছরের (এক্সটেন্ডেড স্কুল ইয়ার, ESY) পরিষেবা দেখুন।

দৃষ্টি প্রতিবন্ধিত্ব: এটি একটি প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ যা কোনও শিক্ষার্থীর দৃষ্টি-প্রতিবন্ধিত্ব থাকলে ব্যবহার করা হয়, এমনকি প্রতিকারমূলক ব্যবস্থা থাকা সত্ত্বেও যখন শিক্ষার্থীর শিক্ষায়তনিক কার্য-সম্পাদনায় বিরূপ প্রভাব বিস্তার করে। পরিভাষাটি আংশিক দেখতে সক্ষম ও অন্ধত্ব উভয়ই অন্তর্ভুক্ত করে। আরও তথ্যের জন্য **সেকশন 3: IEP মিটিং-এ প্রতিবন্ধিতার শ্রেণীবিভাগ** শিরোনামের অধীনের তথ্য দেখুন।

বৃত্তিমূলক মূল্যায়ন: শিক্ষার্থী যখন হাই স্কুল গ্র্যাজুয়েট এবং প্রাপ্ত বয়স্ক জীবনের জন্য প্রস্তুত হতে থাকে, তখন একটি বৃত্তিমূলক মূল্যায়ন (ভোকেশন্যাল অ্যাসেসমেন্ট) শিক্ষার্থী, পরিবার ও স্কুলকে শিক্ষার্থীর চাহিদা, আগ্রহ এবং উদ্দীপনা সম্পর্কে আলোচনা শুরু করায় সহায়তা করে। এগুলো প্রথমে সকল প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীর জন্য 12 বছর বা তদোর্ধ বয়সে (অথবা যে ক্যালেন্ডার বছরে মূল্যায়ন সম্পন্ন করা হবে, ঐ বছর শেষে যার বয়স 12 হবে)। বৃত্তিমূলক দক্ষতা, ঝোঁক ও আগ্রহ নির্ণয়ের জন্য একটি লেভেল 1 বৃত্তিমূলক মূল্যায়নের অন্তর্ভুক্ত থাকে স্কুল রেকর্ড পর্যালোচনা, শিক্ষকের মূল্যায়ন, এবং পিতামাতা ও শিক্ষার্থীর সাক্ষাৎকার। উত্তরণ সম্পর্কে আরও তথ্যের জন্য **সেকশন 7: হাই স্কুল পরবর্তী জীবন**, কিংবা **উত্তরণ পরিকল্পনার জন্য ফ্যামিলি গাইড** দেখুন।

# ইংরেজি ভিন্ন অন্য ভাষাসমূহ

إذا كانت هذه اللغة هي لغتك الأصلية، فإن دليل العائلات متوفر بهذه اللغة.
اطلب نسخة بلغتك الأصلية من الموظَّف الذي تعمل معه، أو احصل عليها من الموقع الالكتروني المذكور أدناه.

এটি যদি আপনার দেশীয় ভাষা হয়, এই ভাষায় আপনি ফ্যামিলি গাইড পাবেন।
আপনার দেশীয় ভাষায় একটি কপির জন্য আপনার সাথে কাজ করে এমন একজন পেশাজীবীকে জিজ্ঞেস করুন অথবা নিচের ওয়েবসাইটে এটি পাবেন।

如果這是您的母語，家庭指南有這種語言的版本。
向跟您一起的專家索取一份您母語版本的指南，或者到以下網站查看。

Si le français est votre langue maternelle, la version traduite du Guide des familles dans cette langue est disponible.
Prière de demander au membre du personnel qui vous épaule, la version traduite de ce guide dans votre langue maternelle ou consultez-la sur le site internet indiqué ci-après.

Si w ap li sa a nan lang Kreyòl, Gid pou Fanmi an disponib an Kreyòl.
Mande pwofesyonèl k ap travay avèk ou a pou ba w yon kopi, oswa ale sou sitwèb ki pi ba a pou jwenn Gid la nan lang Kreyòl.

이것이 귀하의 모국어라면, 가정 안내서가 한국어로 준비되어 있습니다.
함께 일하는 전문가에게 한국어 번역본에 대해 문의하시거나 아래 웹사이트에서 검색해 보십시오.

Это Руководство для родителей переведено на русский язык.
Обращайтесь к специалисту, работающему с ребенком, или на нижеуказанный веб-сайт.

Si este es su idioma natal, la guía familiar está disponible en este idioma.
Pida un ejemplar en su idioma al profesional que lo está ayudando, o búsquela en el sitio web a continuación.

اگر یہ آپکی آبائی زبان ہے، اہلِ خانہ کے لیے رہنمائی کتابچہ اس زبان میں دستیاب ہے۔
آپ جس پیشہ ور کے ساتھ کام کررہے ہیں ان سے اپنی آبائی زبان میں ایک کاپی کی درخواست کریں یا ذیل کی ویب سائٹ سے حاصل کریں۔

**www.schools.nyc.gov/specialeducation**

Εάν αυτή είναι η μητρική σας γλώσσα, ο οικογενειακός οδηγός δεν είναι διαθέσιμος σε αυτή τη γλώσσα αυτή τη χρονική στιγμή.
Ζητήστε βοήθεια από τον επαγγελματία με τον οποίο συνεργάζεστε.

מדריך המשפחה אינו זמין בשלב זה בשפה המבוקשת.
במידה וזו אינה שפת האם שלך אנא בקש סיוע מאיש המקצוע שעובד עימך.

यदि यह आपकी मूल भाषा है, तो इस समय इस भाषा में परिवार गाइड उपलब्ध नहीं है।
मदद के लिए उस पेशेवर से पूछें जिसके साथ आप काम कर रहे हैं

これがあなたの母国語である場合、現時点ではこの言語でファミリーガイドを利用できません。
専門の担当者にご相談ください。

यदि यो तपाईंको मातृ भाषा हो भने यस समयमा परिवार निर्देशिका यो भाषाको लागि उपलब्ध छैन।
सहयोगको लागि आफूले काम गर्ने पेशेवर व्यक्तिसँग सोध्नुहोस्।

Jeśli to Twój język ojczysty, przewodnik rodzinny nie jest obecnie dostępny w tym języku.
Poproś o pomoc specjalistę, z którym współpracujesz.

Se este for seu idioma materno, o guia familiar não está disponível em sua língua no momento.
Peça ajuda ao profissional que está trabalhando com você.

ਜੇ ਇਹ ਤੁਹਾਡੀ ਮਾਤ-ਭਾਸ਼ਾ ਹੈ, ਤਾਂ ਇਸ ਸਮੇਂ ਇਸ ਭਾਸ਼ਾ ਵਿੱਚ ਫੈਮਿਲੀ ਗਾਈਡ ਉਪਲਬਧ ਨਹੀਂ ਹੈ।
ਆਪਣੇ ਨਾਲ ਕੰਮ ਕਰ ਰਹੇ ਪੇਸ਼ੇਵਰ ਨੂੰ ਮਦਦ ਲਈ ਕਹੋ।

Ak je Váš rodný jazyk tento, potom v súčastnosti nie je rodinná príručka prístupná vo Vašom jazyku.
O pomoc požiadajte odborného pracovníka, s ktorým pracujete.

གལ་ཏེ་འདི་ཁྱེད་ཀྱི་ཕ་སྐད་མ་ཡིན། ད་ལྟ་ཁྱིམ་ཚང་གི་སྐད་ཡིག་གི་སྣེ་ཤན་པ་བེད་སྤྱོད་མི་འདུག
ཁྱེད་ཀྱིས་རོགས་རམ་བྱེད་བཞིན་མཉམ་དུ་ལས་ཀ་བྱེད་པའི་ཆེད་ལས་མི་ལ་འདྲི་རོགས་གནོང་།

Якщо це ваша рідна мова, то на цей час посібник для родини цією мовою недоступний.
Зверніться за допомогою до професіонала, який з вами працює.

אויב דאס איז אייער ערשטע שפראך, איז דער פאמיליע וועגווייזער נישט אוועילעבל אין דעם שפראך אין די יעצטיגע צייט.
בעט דעם פראפעסיאנאל מיט וועמען איר ארבעט פאר הילף.



# স্পেশাল এডুকেশন পরিষেবা সংক্রান্ত ফ্যামিলি গাইড

## স্কুল-বয়সী ছেলেমেয়ের জন্য

অতিরিক্ত তথ্যের জন্য 718-935-2007 নম্বরে ফোন করুন
অথবা www.schools.nyc.gov/specialeducation দেখুন

NYC Public Schools
Chancellor Melissa Aviles-Ramos

T-37530 (Bangla)